# URDÚ-UPADEŚA

OR

## AN URDU TREATISE IN THE BENGALI CHARACTER

**INTENDED TO HELP THE BENGALI GENTLEMEN IN LEARNING URDU**

**AND**

***For the use of schools***

**BY**

**RAI KALIPRASANNA SEN.**

---

# উর্দূ-উপদেশ

অর্থাৎ

## বাঙ্গালা অক্ষরে উর্দূ শিক্ষা ক্রম

বঙ্গবাসী উর্দূভাষানভিজ্ঞ ব্যক্তিগণের শিক্ষার্থ
এবং
সাধারণ বিদ্যালয়ে ব্যবহার-মানসে

**শ্রীরায় কালীপ্রসন্ন সেনগুপ্ত-প্রণীত।**

শ্রীগিরিশচন্দ্র বিদ্যারত্ন দ্বারা প্রকাশিত।

## কলিকাতা

২৪, গিরিশ-বিদ্যারত্নস্ লেন, অপর সর্কিউলার রোড

গিরিশ-বিদ্যারত্ন যন্ত্র।

ইং ১৮৭৭।

বঙ্গীয় সাহিত্য পরিষদ
...YA SAHITYA PA...
৮৩ *
LIBRARY

এই পুস্তক আইন অনুসারে রেজেষ্টরী করা হইয়াছে।

*All rights reserved.*

---

শ্রীহরিশ্চন্দ্র কৃষিরত্ন দ্বারা সংশোধিত
ও মুদ্রিত।

# PREFACE.

A knowledge of the Urdu language has now become more than ever indispensably necessary for the people at large for reasons not far to seek. It is the language spoken not only by our Syce, Coachman, Dárwāns, Shop-keepers, Nagas, Fakirs and Mehters, with most of whom we have occasion to converse or speak every day, but also by people of that large tract of country the North-West, our communication with whom is increasing every day with the increased facilities afforded by the Rail. The figure which men of respectability and good education cut when speaking with Up-country men and even with their Dárwāns and other menial servants, is indeed ridiculous; and it is hoped that this treatise would materially help men of education to carry on conversation in Urdu in a becoming manner.

In Behar the Hindi has, it seems, lately been introduced as the language of the courts, but the Urdu and the Hindi are very much the same with this difference, viz. that the Hindi is much mixed up with the Sanskrit, while the Urdu is mostly drawn from the Persian. A satisfactory knowledge of the Hindi, however, cannot be acquired without some knowledge of the Urdu, just as the Bengali language cannot be mastered without a knowledge of the Sanskrit. Urdu is moreover the

spoken language in many districts, and with the exception of a small portion of Bengal, the elegant Urdu language is in use almost in all the Provinces of India. A knowledge of the Urdu facilitates conversation with men of all parts of the country, and even with foreigners, who as a matter of fact first pick up a knowledge of the Urdu language.

When the Persian language was largely studied in the country, there was no necessity for learning Urdu separately, but as the Persian language has of late been much neglected the study of the Urdu has become indispensably necessary. This treatise was at first intended as a help to my son Śakti-Prapanna in learning Urdu. But as it appeared that such a treatise would also supply the want felt by the public at large, I have been induced to publish it for use in schools. The pleasure which the parents of our school boys in Bengal would feel when they hear their little boys speak Urdu with propriety, can be better conceived than described. If this treatise is introduced into the vernacular and the Anglo-vernacular schools of Bengal, boys would easily acquire an elementary knowledge of the Urdu: and acquire facility in conversing in Urdu; and if this is effected even to a very small extent, I would deem myself amply rewarded for my exertions and labours. It is therefore hoped that the Director of Public Instruction, the Committee for selecting the standard books in Vernacular schools and the Anglo vernacular School-authorities would take this suggestion into their best consideration.

Urdu is generally written in Persian character. But it takes a good deal of time to become thoroughly conversant with the Persian character. Moreover it is not an easy task to learn the Bengali meaning of Urdu words written in Persian character, This treatise having been written with a view to facilitate the study of the Urdu language by the youths of Bengal, I have, in supercession of the Persian alphabet, adopted the Bengali character, and with a view to impart a sound knowledge of the language, I have followed the Bengali Grammar and traced in its course the noun, pronoun, adjective, verb (with its meaning), adverb, gender, number, case, person, moods, tenses and samasas &c., coining very many rules and inserting certain reading lessons at the end. Many questions have been also framed with an object of assisting the examiners. The distinction of gender in Urdu is so very difficult that in conversation it is not often maintained by men even of the N. W. Provinces ; I have spared no pains to collect certain rules for the distinction of the same in Urdu language. In fact this is not an Urdu or Hindi grammar, and the rules here inserted have not been taken or translated from any of the Urdu or Persian grammars. This is a treatise in which the Urdu language has been *sanskritized,* so to say, in Bengali character, containing the rules of grammar, the requirements of a dictionary, and the methods of imparting education. It is a new thing altogether never attempted before, and I am not confident how the treatise will be received by the public. The public, however, would be good enough to overlook my shortcomings for the originality I have aimed at.

In conclusion I have much pleasure to acknowledge the valuable assistance I received in composing the present work from my brother Babu Haranarayan Sen, and Babu Chandra Bhushan Rai of Bhàjanghát the Ex-head-Pandit of the Somerah Vernacular school.

I may add here that the present treatise with additions and alterations is in course of preparation in the Devnagar character for the study of the Urdu language by pupils of the N. W. Provinces.

SOMERAH
*27th February*
1877

KALI-PRASANNA SEN.

# বিজ্ঞাপন।

এতদ্দেশস্থ সাধারণ ব্যক্তিবর্গ ও স্কুল-বালকগণ সম্বন্ধে উর্দূ শিক্ষা যে অতিপ্রয়োজনীয় বিষয় তাহা সপ্রমাণ করণার্থ এতদধিক হেতুবাদ কি প্রদর্শিত হইবে, যে, সহিশ, গাড়োয়ান, দ্বারবান, মুসলমান দোকানী পসারী, নাগা, ফকীর এবং কাহার, মেথরগণের সহিতও স্কুল-বালক প্রভৃতি ব্যক্তিগণ কথোপকথন করিতে অক্ষম। নানা শাস্ত্রে সুপণ্ডিত ব্যক্তিবর্গকে উর্দূ না জানা জন্য ঐ সকল সামান্য লোকেরাও উপহাস করে। যদিচ রাজকীয় ব্যবহারে বেহার প্রদেশে সম্প্রতি হিন্দী প্রচলিত, কিন্তু উর্দূ ও হিন্দীর এইমাত্র অন্তর যে, হিন্দীতে অধিকাংশ সংস্কৃত মিশ্রিত, উর্দূতে অধিকাংশ পারস্য মিশ্রিত। বিশেষ, উর্দূ অনেকদেশস্থ লোকের মাতৃভাষা। যেমত সংস্কৃত-জ্ঞান ভিন্ন সুসাধু বঙ্গভাষায় নৈপুণ্য জন্মে না; তদ্রূপ উর্দূবোধ ব্যতীত হিন্দী ভাষায় পারদর্শিতা সম্ভবে না। বিশেষতঃ সুমধুর উর্দূ ভাষা বঙ্গদেশের কিয়দংশ ব্যতীত ভারতবর্ষস্থ সমস্ত প্রদেশে প্রচলিত। উর্দূ জানিলে প্রায়ই সকল দেশের লোকের সহিত কথা কহিতে পারা যায়।

পারস্য ভাষা এ প্রদেশে পূর্ব্বে প্রবল প্রচলিত থাকায় পৃথক্‌রূপে উর্দূ শিক্ষার প্রায় প্রয়োজন হইত না। সংপ্রতি তাহার অবনতি প্রযুক্ত উর্দূশিক্ষার অনুপায় বিধায় আমি ইত্যগ্রে মৎপুত্র শ্রীমান্ শক্তিপ্রপন্ন সেনের উর্দূশিক্ষার্থ এই

পুস্তক প্রণয়ন করি। এতদ্রূপ একখানি পুস্তক বঙ্গদেশের বর্ত্তমান অবস্থায় নিতান্ত প্রয়োজনীয় বিবেচিত হওয়ায়, অধুনা ইহা স্কুল-প্রচলনাশয়ে মুদ্রাঙ্কনে উৎসাহী হইলাম। বঙ্গ বালকবর্গের বক্ত্র বিগলিত পীয়ূষপূরিত উর্দূ কথা যে দিন দেশীয় মহাত্মগণের কর্ণকুহরে প্রবিষ্ট হইবে, সে দিন তাঁহাদিগের চিত্ত যে কিপর্য্যন্ত আনন্দরসে পরিপূরিত হইবে, তাহা বর্ণনাতীত।

প্রদেশীয় শিক্ষাবিভাগের ডাইরেক্টর মহোদয় ও স্কুল-পুস্তক-নির্ব্বাচন কমিটীর সদস্যগণ ও সভাপতি সমীপে নিবেদন যে, তাঁহারা বিশেষ মনোনিবেশ সহ সমালোচনার দ্বারা এই পুস্তক সাধারণ-স্কুল-প্রচলন-পক্ষে বিচার বিধান করেন। ভরসা করি যে, এই পুস্তক পাঠে উর্দূ ও হিন্দী শিক্ষার্থিগণের বিশেষ উপদেশ ব্যতিরেকেও প্রথম শিক্ষায় আশু উপকার ও বাক্‌পটুতা জন্মিতে পারিবে।

উর্দূ ভাষার লিপি-প্রণালী পারস্য অক্ষরেই সচরাচর প্রচলিত; কিন্তু পারস্য বর্ণপরিচয় অতীব কঠিন, সুদীর্ঘ কাল ভিন্ন বর্ণপরিচয়পূর্ব্বক পাঠশক্তি জন্মে না। এবং তদ্দ্বারা উর্দূর বাঙ্গালা অর্থ জানা যায় না। বিশেষতঃ উত্তমরূপ পারস্য না জানিলে বর্ণশুদ্ধির সহিত পারস্য অক্ষরে উর্দূ লিখিতে কখনই কেহ পারে না। এ মতে শিক্ষার সুগম ও সুলভ নিমিত্ত বাঙ্গালা অক্ষরে, বিশেষ ঐ ভাষায় দৃঢ় সংস্কার জন্মিবার জন্য বাঙ্গালা ব্যাকরণের অনুকরণে সর্ব্বনাম, অব্যয়, বিশেষ্য, বিশেষণ, ধাতু আদি শব্দ-বিভেদ, ও তদর্থ, এবং

লিঙ্গ, কারক, বচন, পুরুষ, কাল, সমাস প্রভৃতি লক্ষণ উদাহরণ ও জিজ্ঞাস্য প্রশ্ন ও ঋজুপাঠাদি সহ রচিত হইল। বস্তুতঃ এই পুস্তক উর্দু কি হিন্দী ব্যাকরণ নহে, অথচ ইহাতে ব্যাকরণ-প্রণালী ও অভিধান-প্রণালী ও শিক্ষা প্রণালী সকলই আছে। এবং বাঙ্গালা অক্ষরে উর্দু শিক্ষা ক্রম বিধায় এটী একটী নূতন বিষয়। অভিনব কোন বিষয় সমালোচনায় দোষ-দর্শন ব্যতীত ক্বচিৎ দোষ-রহিত ও মনোনীত হয়। তন্নিবন্ধন অকিঞ্চনের অন্তঃকরণ অনুক্ষণ কম্পমান। গুণিগণাগ্রে নিবেদন যে, কোন স্থানে কোন দোষ দৃষ্ট হইলে সংশোধনার্থ গোচর করেন। কিমধিকং বিজ্ঞাপনমিতি।

প্রকাশ থাকে যে, সোমড়া বঙ্গবিদ্যালয়ের পূর্ব্বতন শিক্ষক ভাজনঘাট-নিবাসী পণ্ডিত শ্রীযুত চন্দ্রভূষণ রায় ও মৎসহোদর শ্রীমান্ হরনারায়ণ সেন এই পুস্তক প্রণয়ন-কালে উৎসাহসহ মৎসাহায্যে সমধিক শ্রম স্বীকার করিয়াছেন।

এই পুস্তকের অনেকানেক বিষয় বর্দ্ধিত ও পরিবর্ত্তিত হইয়া উর্দু ভাষার লক্ষণাদি যুক্তে দেবনাগর অক্ষরে মুদ্রাঙ্কনার্থ প্রস্তুত হইতেছে।

সোমড়া }
১২৮৪। }

শ্রীকালীপ্রসন্ন সেনগুপ্ত।

# সূচী।


| প্রকরণ | পৃষ্ঠা |
|---|---|
| সাংকেতিক চিহ্ন ও উচ্চারণ-নিয়ম | ১১ |
| কারকের বিভক্তি | ১৪ |
| সর্ব্বনাম অস্মদ্ শব্দ | ১৫ |
| " যুষ্মদ শব্দ | ১৬ |
| " আত্মন্ শব্দ | ১৭ |
| " যদ্ শব্দ | ১৮ |
| " তদ্ শব্দ | ১৯ |
| " অদস্ শব্দ | ২০ |
| " কিম শব্দ | ২১ |
| " সর্ব্ব শব্দ | ২২ |
| সর্ব্বনামের মূল রূপ | ২৩ |
| স্থান, দিক, পরিমাণ, প্রকার ও সময় সম্বন্ধীয় পদ | ২৫-৩০ |
| শ্রেণীবদ্ধ সর্ব্বনামের পদ | ৩১-৩২ |
| কারকের বিভক্তিযুক্ত বিশেষ্য শব্দরূপ | ৩৩-৩৪ |
| সম্বোধন | ৩৫ |
| স্ত্রীলিঙ্গ-প্রকরণ | ৩৬-৩৭ |
| সম্পর্কসূচক স্ত্রীপুংশব্দ | ৩৮-৪০ |
| স্ত্রীলিঙ্গবাচী শব্দের লক্ষণ ও সাধারণ স্ত্রীলিঙ্গ শব্দ | ৪১-৪৯ |

| প্রকরণ | পৃষ্ঠা |
|---|---|
| স্ত্রীলিঙ্গ শব্দপ্রয়োগের নিয়ম | ৫০-৫১ |
| বচন | ৫২-৫৪ |
| ধাতু ও ধাত্বর্থ | ৫৫-৬৭ |
| ধাতু সাধিবার নিয়ম | ৬৮ |
| বর্ত্তমান কাল | ৬৯ |
| অতীত কাল | ৭০-৭৬ |
| ভবিষ্যৎ কাল | ৭৭ |
| সম্ভাবনা ও সমর্থনা | ৭৮-৭৯ |
| অনুজ্ঞা বিধি সংশয় ও নিষেধ | ৮১-৮৪ |
| বিভক্তিমালা | ৮৫ |
| শ্রেণীবদ্ধ ধাতুরূপ | ৮৬ ৮৮ |
| যৌগিক ধাতু | ৮৯-৯০ |
| যৌগিক ধাতু সাধন | ৯১ |
| অসমাপিকা ক্রিয়া | ৯২-৯৪ |
| বাচ্য-প্রকরণ | ৯৫-৯৮ |
| অব্যয় | ৯৯-১০৯ |
| বিশেষণ ও তদর্থ | ১১০-১২৪ |
| বিশেষ্য ও তদর্থ | ১২৫-১৪০ |
| সমাস | ১৪১-১৪৫ |
| সংখ্যাবাচক ও পূরণ-বাচক | ১৪৬-১৪৯ |
| প্রশ্নাবলী | ১৫১-১৬৯ |
| শব্দপাঠ | ১৭০-১৮২ |

# উর্দ্দূ-উপদেশ।

SAHITYA PARI... ৮৩ LIBRARY

---

## পরিভাষা।

উর্দ্দূ ভাষা পারস্য-মিশ্রিত; ঐ ভাষায় ক, খ, গ, জ, ফ, এই কয়েকটী বর্ণের সাধারণ উচ্চারণাতিরিক্ত প্রকারান্তর, এবং স-কারের প্রকৃত উচ্চারণ হইয়া থাকে। সে মতে ঐ উচ্চারণের প্রভেদজ্ঞাপনার্থ ক, খ, গ, জ, ফ এই কয়েকটী বর্ণের নিম্নে বিন্দু চিহ্ন দেওয়া হইল। নিম্নে বিন্দু-চিহ্নিত ক়, খ়, গ়, এই তিন বর্ণের উচ্চারণ গলদেশের মধ্য হইতে; পারস্য ق, خ, غ, যথাক্রমে এই তিন বর্ণের উচ্চারণের ন্যায় হইবে। নিম্নে বিন্দু-চিহ্নিত জ়, ইহার উচ্চারণ দন্তসংলগ্ন জিহ্বাগ্র হইতে; পারস্য ذ ز ض ظ এই চারি বর্ণের ও ইংরাজী Z এই বর্ণের উচ্চারণের ন্যায় হইবে। আর স, ইহার উচ্চারণ দন্ত ও জিহ্বাগ্র হইতে; পারস্য س এই বর্ণের ও ইংরাজী S এই বর্ণের ন্যায় হইবে। শ, এই বর্ণের উচ্চারণ পারস্য ش ও ইংরাজী SH এই বর্ণের উচ্চারণবৎ হইবে। নিম্নে বিন্দু চিহ্নিত ফ়, এই বর্ণের উচ্চারণ পারস্য ف এই বর্ণের ও ইংরাজী F এই বর্ণের ন্যায় হইবে। অপর বং, এই বর্ণের উপরে বিন্দু চিহ্ন,

থাকিলে দন্তৌষ্ঠ হইতে, পারস্য و এই বর্ণের ও ইংরাজী V এই বর্ণের ন্যায় উচ্চারণ করিতে হইবে। উপ-রোক্ত ক, খ, গ, জ, ফ এই পাঁচ বর্ণের নিম্নে, এবং ব এই বর্ণের উপরে, বিন্দু চিহ্ন না থাকিলে সাধারণ উচ্চারণ [illegible] করিতে হইবে। তদ্ভিন্ন বঙ্গ ভাষায় হ এই বর্ণে (্য) ফলাযোগে যেরূপ "হ্য"র ন্যায় উচ্চারণ হয় ইহাতে তাহা হইবে না. ইহার প্রকৃত উচ্চারণই থাকিবেক। যথা—হ্যায়্, হ্যায়াত্, হ্যায়্রান্। প্রাগুক্ত নিয়ম ও চিহ্নাদির প্রতি মনোযোগের সহিত দৃষ্টি রাখিয়া উচ্চারণ না করিলে অসুশ্রাব্য এবং প্রকৃত ভাষার উচ্চারণের ব্যত্যয় হইবে।

শব্দোচ্চারণের নিয়ম এই যে, শব্দের অন্তেস্থিত সমস্ত অকারান্ত বর্ণই হসন্তবৎ উচ্চারিত হইবে। যথা লেখ্, পড়্, ঝুঁট্, দস্, বস্, ধরম্, শরম্, কেতাব্, বাজার্ ইত্যাদি। শব্দের আদিস্থিত অকারান্ত বর্ণ এবং যে স্থলে শব্দ বিচ্ছিন্নরূপে উচ্চারিত হয়, অর্থাৎ একটী শব্দে দুই তিনটী ভাগ থাকে, (যাহাকে ইংরাজী ভাষায় সিলেবল্ বলে,) ঐ ভাগের প্রথম অকারান্ত বর্ণ হসন্ত উচ্চারিত হইবে না। কিন্তু প্রথমোক্ত নিয়মক্রমে প্রত্যেক ভাগের অন্তেস্থিত অকারান্ত বর্ণ হসন্ত উচ্চারিত হইবে। যথা—শর্-বত্, মহব্-বত্, বর্-তরফ্, বখ্-শশ্, বর্-দওয়ান্ ইত্যাদি। অপর মধ্যস্থিত অকারান্ত বর্ণ অনেকই হসন্তভাবে, কোন স্থানে বা অজন্ত মতও উচ্চারিত হয়। হসন্ত যথা—তখ্ত, বখ্ত, রফ্ত, রাস্ত, দর্-ইয়াফ্ত ইত্যাদি। অজন্ত যথা—কদম্, কদর্, বদল্, নজর্ ইত্যাদি। অকারান্ত ভিন্ন অপরাপর-স্বর-সংযুক্ত বর্ণ প্রকৃত রূপে

উচ্চারিত হইবে। নিয়ম বহির্ভূত হসন্ত স্থলে হসন্ত চিহ্ন দেওয়া যাইবে, সাধারণ হসন্ত মাত্রে হসন্ত চিহ্ন দেওয়া যাইবে না। শিক্ষার্থিগণের কর্ত্তব্য যে, নিয়মক্রমে উচ্চারণের প্রতি অনুক্ষণ চিত্তার্পণ করেন।

বাঙ্গালা অক্ষরে উর্দূ ভাষা এ কাল পর্য্যন্ত চলিত না থাকায় অনেকে কহিয়া থাকেন যে, প্রকৃত উর্দূ উচ্চারণ বাঙ্গালা অক্ষরে প্রকাশ হয় না, কিন্তু প্রাগুক্ত চিহ্ন ও নিয়মানুসারে উচ্চারিত হইলে পারস্য অক্ষর অপেক্ষা বাঙ্গালা অক্ষরে ঐ ভাষার যে সুচারু উচ্চারণ হইবে, তাহাতে সন্দেহাভাব। কারণ পারস্য বর্ণমালায় খ, ঘ, ছ, ঝ, ট, ঠ, ড, ড়, চ, ঢ়, থ, ধ, ভ, এই সকল বর্ণ আদৌ নাই, অথচ ঐ সকল বর্ণের উচ্চারণ উর্দূতে আছে। পারস্য অক্ষরে ঐ সকল বর্ণের প্রত্যেকের উচ্চারণ অপর দুই বর্ণ যোগে ও কোন স্থানে সাঙ্কেতিক চিহ্ন দ্বারা প্রকাশ হইয়া থাকে। তদ্ভিন্ন পারস্য বর্ণমালায় ر ن و ي ইয়া, ওয়াও, নু, রে, ইত্যাদি প্রত্যেক বর্ণের চারি পাঁচ প্রকার করিয়া উচ্চারণ হইয়া থাকে। অর্থাৎ ইয়া এই বর্ণে ই, এ, আ, এবং য়্যায় এই সকল উচ্চারণ হয়। ওয়াও এই বর্ণে ও, ঔ, উ, এবং বঁ এই সকল উচ্চারণ হয়। নু এই বর্ণে ন, ঙ, ঞ, ং, ँ এই কয়েক প্রকার উচ্চারণ হয়। রে, এই বর্ণে র, ঋ, রেফ, রফলা, এই মত উচ্চারণ হয়। ঐ এক একটী বর্ণের চারি পাঁচ প্রকার উচ্চারণমধ্যে কোন্ স্থানে কোন্‌বিধ উচ্চারণ হইবে পাঠকবর্গ স্থির করিতে পারেন না। গুরূপদেশ ও অভ্যাসবশে প্রকৃত উচ্চারণের স্থিরতা হওয়া ভিন্ন

বর্ণ দৃষ্টে স্থির হয় না। বাঙ্গালা অক্ষরে এক বর্ণের একই উচ্চারণ, তাহাতে বাঙ্গালা অক্ষরে যে প্রকৃত উচ্চারণ হইবে, সহজেই প্রতিপন্ন হইতেছে।

---

উর্দ্দূ শিক্ষাকাঙ্ক্ষিগণের আশু কথা কহিবার সুবিধা ও সুশৃঙ্খলা জন্য প্রথমে সর্ব্বনাম লিখিত হইল। এবং কর্ত্তা, কর্ম্ম, করণ, অপাদান, সম্বন্ধ, অধিকরণ, একবচন ও বহুবচনের সহিত শ্রেণীবদ্ধক্রমে যোগ করা গেল। উর্দ্দূতে করণ ও অপাদানের তুল্য বিভক্তি বিধায় এক পদ দেওয়া হইল।

উর্দ্দূ কারকে কর্ম্মপদে কো, করণ ও অপাদানে সে, সম্বন্ধে কা ও কে (১) অধিকরণে মে, এই সকল বিভক্তি সর্ব্বনামাদি-শব্দ-রূপে যোগ হয়। এবং সকর্ম্মক ক্রিয়ার সচরাচর সজীব কর্ত্তৃপদে নিত্যপ্রবৃত্ত ও অসম্পন্ন ভিন্ন অতীতকালে (২) নে বিভক্তি হয়।

---

(১) বহুবচনে এবং সম্বোধনের পদে আর অব্যয়সংযুক্ত পদে কে বিভক্তি ব্যবহৃত হয়। অস্মদ ও যুষ্মদ্ শব্দে সম্বন্ধ কারকের এক বচনে কা, কে বিভক্তি হয় না।

(২) লানা, বোল্না, বক্না, ভুল্না, এই কয়েকটী ধাতু এবং জানা, সেক্না, লগ্না, চোক্না এই কয়েক ধাতুর যৌগিক অবস্থায় অতীতকালে "নে" যোগ হয় না।

# সর্ব্বনাম।

## অস্মদ্ শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | ম্যায়, হাম (১)<br>ম্যায়নে, হামনে | আমি | হাম,<br>হামলোগ,<br>হামলোগোঁনে | আমরা |
| কর্ম্ম | মুঝে, মুঝকো<br>হামে, হামকো | আমায়,<br>আমাকে | হামলোগোঁকো | আমাদিগকে |
| করণ অপা | মুঝসে,<br>হামসে | আমাদ্বারা,<br>আমাহইতে | হামলোগোসে | আমাদিগের দ্বারা, বা হইতে |
| সম্ব | মেরা, হামারা, | আমার | হামলোগোঁকা<br>হামসভোঁকা | আমাদিগের |
| অধি | মুঝমে, হামমে, | আমাতে | হামোমে,<br>হামলোগোঁমে | আমাসকলেতে |

## উদাহরণ।

| বাক্য | অর্থ | বাক্য | অর্থ |
|---|---|---|---|
| ম্যায় প্যঢ়তাহোঁ, | আমি পড়িতেছি। | হামসে লেও, | আমাহইতে লও। |
| ম্যায়নে দিয়া, | আমি দিলাম। | মুঝসে পায়া, | আমাহইতে পাইল। |
| হামলোগ খায়েঁ, | আমরা খাইলাম। | মেরা দাওয়াত, | আমার দোয়াত। |
| মুঝে দেওগে, | আমাকে দিবে। | হামারা কলম, | আমার কলম। |
| হামকো মারা, | আমাকে মারিল। | হামমে হ্যায়, | আমাতে আছে। |

---

(১) হাম, তোম, এই দুইটী পদ উভয় বচনেই ব্যবহৃত হয়। এতদ্দেশে সাধারণতঃ একবচনে ও পশ্চিমাঞ্চলে সচরাচর বহুবচনে, প্রচলিত। পশ্চিমে একবচনে যথা—গ্যারসংসে আসমাঁকে নৈজদিক হ্যায় সবি কুচ। হামসে, তুমে মেলানা একদূর হ্যায় জো ইয়েঃ হ্যায়।

## যুষ্মদ্ শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | তোম, তোমনে<br>তু, তুনে | তুমি | তোম,<br>তোমলোগ,<br>তোমলোগোঁনে | তোমরা |
| কর্ম্ম | তুঝে, তোমহেঁ,<br>তুঝকো, তোমকো | তোমায়,<br>তোমাকে | তোমহেঁাকো<br>তোমলোগোঁকো | তোমা-<br>দিগকে |
| করণ<br>অপা। | তুঝসে,<br>তোমসে | তোমাদ্বারা,<br>তোমাহইতে | তোমহোসে<br>তোমলোগোসে | তোমাদিগের<br>দ্বারা বা হইতে |
| সম্ব | তেরা (১)<br>তোমহারা | তোমার | তোমহেঁাকা<br>তোমলোগোকা | তোমাদিগের |
| অধি | তুঝমে<br>তোমমে | তোমাতে | তোমহোমে<br>তোমলোগোঁমে | তোমাদিগেতে |

### উদাহরণ।

তোম আও, তুমি আইস। তোমসে লিয়া, তোমাহইতে লইল।
তোম জাওগে তুমি যাইবে। তেরা রুমাল, তোমার রুমাল।
তুঝে মারতাহ্যায় তোমাকেমারিতেছে। তোমহারা দফতর, তোমার দপ্তর।
তোমকো দেঙ্গা, তোমাকে দিব। তোমলোগোঁকা ক্যপড়া, তোমা-দিগের কাপড়।

তুই এই অর্থে তু, তেঁই, শব্দ ব্যবহার হয়। যথা—তু কাহাঁ জাতাহ্যায়, তুই কোথায় যাইতেছিস্? তেঁই এধর আ, তুই এ দিকে আয়।

---

(১) মেরা, তেরা, তোমহারা, আপ্না, ইত্যাদি সম্বন্ধ পদসকল বহুবচনে, সম্বোধনের পদে এবং অব্যয়সংযুক্ত স্থলে একারান্ত হয়। যথা—মেরে, তেরে, তোমহারে, আপনে ইত্যাদি। অধিকরণের বিভক্তি মে, ইহার স্থলে কখন পর, ও কখন সে, এই বিভক্তিও ব্যবহৃত হয়। যথা—ওসপর, উঁহাতে; তেসপর, তাহাতে; ইসিসে, ইহাতেই—ইত্যাদি।

## আত্মন্ শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | আপ, আপনে | আপনি | আপ্‌লোগ | আপনারা |
| কর্ম্ম | আপকো | আপনাকে | আপলোগোঁকো | আপনাদিগকে |
| করণ অপা | আপসে | আপনারদ্বারা বা হইতে | আপলোগোঁসে | আপনাদিগের দ্বারা বা হইতে |
| সম্বন্ধ | আপকা | আপনার | আপলোগোঁকা | আপনাদিগের |
| অধি | আপমে | আপনাতে | আপলোগোঁমে, | আপনাদিগেতে |

## উদাহরণ।

আপ লায়া, আপনি আনিলেন। আপসে লিয়াথা, আপনার নিকট হইতে লইয়াছিল।

আপকো দেতাহেঁ, আপনাকে দিতেছি। আপকা প্যঙ্খা, আপনার পাখা।

যে স্থলে আত্মন্ শব্দ স্বয়ং এই অর্থ প্রকাশ করে, তাহার পদ নিম্নে লিখিত হইতেছে। ইহার একবচনে ও বহুবচনে তুল্য পদ।

| | পদ | উদাহরণ। | অর্থ |
|---|---|---|---|
| কর্ত্তা | আপ | ম্যায় আপ দেখা, | আমিআপনি দেখিলাম। |
| কর্ম্ম | আপ্নেকো, আপ্নেতেঁই | তোমআপ্নেকো বড়াজানতেহো, | তুমি আপনাকে বড় জান |
| করণ অপা | আপসে, আপ্সেসে, | আপসেআপ চলাগ্যায়া | আপনাইইতে আপনি চলিয়া গেল। |
| সম্বন্ধ | আপনা, আপনে | মেরা আপনা ভাই | আমার আপনার ভাই। |
| অধি | আপ্নেমে | উয়োঃ আপনেমে কুচ খ্যতা নেহিঁ দেখতাহ্যায় | সে আপনাতে কোন দোষ দেখে না। |

কর্ম্মকারকের বিভক্তি (কো) ইহার পরিবর্ত্তে কেবল সর্ব্বনামে (এ) এই বিভক্তি কখন২ ব্যবহার হইয়া থাকে, যথা,- হামকো, হামে। তোমকো, তোমে। এসকো, এসে। ওনকো, ওনে(১)। কেসকো, কেসে। জেনকো, জেনে, ইত্যাদি। আর উক্ত (কো) এই বিভক্তির পরিবর্ত্তে সজীব কর্ম্মপদে তেঁই এবং কেতেঁই বিভক্তিও ব্যবহার হয়, যথা—মেরেতেঁই, তেরে-তেঁই, আপনেতেঁই, হামারেতেঁই, তোমহারেতেঁই। অপর, ওসকেতেঁই, রামবল্লভকেতেঁই, ইত্যাদি।

যদ্‌শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | জো, জেসনে, জেননে | যে, যিনি | জোসব, জেনহোঁনে | যাহারা, যাঁহারা |
| কর্ম্ম | জেসে, জেসকো, জেনে, জেনকো | যাহাকে, যাঁহাকে | জেসলোগোঁকো, জেনহোঁকো | যাহাদিগকে, যাঁহাদিগকে |
| করণ অপা। | জেসসে(২), জেনসে | যাহাহইতে বা দ্বারা, যাঁহাহইতে বা দ্বারা | জেসলোগোঁসে, জেনহোঁসে | যাহাদিগের দ্বারা বাহইতে |
| সম্বন্ধ | জেসকা, জেনকা | যাহার, যাঁহার | জেসলোগোঁকা, জেনহোঁকা | যাহাদের, যাঁহাদের |
| অধি | জেসমে, জেনমে | যাহাতে, যাহাতে | জেসলোগোঁমে, জেনহোঁমে | যাহাদিগেতে, যাঁহাদিগেতে |

উদাহরণ।

| | | | |
|---|---|---|---|
| জেসনে ক্যাহা, | যে কহিল। | জেসসে পায়া, | যাহার নিকট হইতে পাইল। |
| জেসকো প্যাকড়া, | যাহাকে ধরিল। | জেনকা ঘর, | যাঁহার গৃহ। |

---

(১) ওনহে জেনহে ইত্যাদি পদও হয়।

(২) সে, এই বিভক্তি স্থলে সতিও ব্যবহার হয়। আর সে, বিভক্তি স্থলভেদে নিকট, সহিত, এই অর্থদ্বয়ও প্রকাশ করে। যথা, ওনসে ক্যাহো, উঁহার নিকট বল। তোমসে কেয়া নেসবত, তোমার সহিত কি সম্বন্ধ?

## তদ্ শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | সো, তেসনে<br>তেননে | সে<br>তিনি | সো সব<br>তেনহোঁনে | তাহারা<br>তাঁহারা |
| কর্ম্ম | তেসকো<br>তেনকো | তাহাকে<br>তাঁহাকে | তেনহোঁকো | তাঁহাদিগকে |
| করণ<br>অপা | তেসসে<br>তেনসে | তাহাদ্বারা<br>তাঁহাহইতে | তেসলোগোঁসে<br>তেনলোগোঁসে<br>তেনহোঁসে | তাহাদিগের দ্বারা<br>তাঁহাদিগের হইতে |
| সম্বন্ধ | তেসকা<br>তেনকা | তাহার<br>তাঁহার | তেসলোগোঁকা<br>তেনলোগোঁকা | তাঁহাদিগের |
| অধি | তেসমে<br>তেনমে | তাহাতে<br>তাঁহাতে | তেনলোগোঁমে<br>তেনহোঁমে | তাঁহাদিগেতে |

## ইদম্ শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | ইয়েঃ, এসনে<br>এননে | এ, ইনি, | এ, ইয়েঃসব<br>এনহোঁনে | ইহারা, ইহাঁরা |
| কর্ম্ম | এসে, এসকো,<br>এন্হে, এনকো | ইহাঁকে<br>ইহাঁকে | এনহোঁকো | ইহাঁদিগকে |
| করণ<br>অপা | এসসে<br>এনসে | ইহাদ্বারা<br>বা হইতে | এনহোঁসে | ইহাদিগে দ্বারা<br>বা হইতে |
| সম্বন্ধ | এসকা<br>এনকা | ইহার<br>ইহাঁর | এনহোঁকা | ইহাঁদিগের |
| অধি | এসমে<br>এনমে | ইহাতে | এনহোঁমে | ইহাঁদিগেতে |

## উদাহরণ।

এসনে গালী দিয়িথী, এ গালি-দিয়াছিল। এসকো খানে দেও, ইহাকে খাইতে দেও। এনসে ছোটা, ইহাঁহইতে ছোট। এনকা বেটা, ইহাঁর পুত্র।

## অদস্ শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | উয়োঃ, ওসনে ওননে | ও, উনি | অয়, ওনহোঁনে | উহারা উহাঁরা |
| কর্ম্ম | ওসে, ওসকো ওনহে, ওনকো | উহাকে উহাঁকে | ওনহোঁকো | উহাদিগকে |
| করণ অপা | ওসসে ওনসে | উহাদ্বারা উহাঁহইতে | ওনহোঁসে | উহাদিগেরদ্বার বা হইতে |
| সম্বন্ধ | ওসকা ওনকা | উহার উহার | ওনহোঁকা | উহাদিগেব |
| অধি | ওসমে ওনমে | উহাতে উহাঁতে | ওনহোঁমে | উহাদিগেতে |

## উদাহরণ।

উয়োঃ চাহতাথা, ঐ ব্যক্তি চাহিতেছিল।
ওনহোঁনে দিয়েথে, উহাঁরা দিয়াছিলেন।
ওসে প্যাকড়ো, উহাকে ধর।
ওসকো দেলাদেও, উহাকে দেওয়াইয়া দেও।
ওনসে লেও, উহাঁর নিকট হইতে লও।
ওসকা রূপেয়া, উহার টাকা।
ওনহোঁকা হরণ, উহাঁদিগের হরিণ।

উর্দূ ভাষায় তদ্শব্দের পরিবর্ত্তে অদস্ পদও ব্যবহৃত হইয়া থাকে। হী, এই অব্যয় শব্দ পরে থাকিলে ইয়েঃ, উয়োঃ, এই পদদ্বয় এ, ও, এইমত হইয়া ব্যবহার হয়। যথা, ইয়েঃ-হী, এহী, ইহাই। উয়োঃ-হী, ওহী, উহাই।

## কিম্‌শব্দ।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | ক্যান, কেসনে কেন্‌নে | কে | ক্যানসব কেন্‌হোঁনে | কাহারা |
| কর্ম্ম | কেসে, কেসকো কেন্‌হে, কেনকো | কাহাকে কাহাঁকে | কেন্‌হোঁকো | কাহাদিগকে |
| করণ অপা | কেসসে, কেনসে | কাহা দ্বারা কাহাঁ হইতে | কেনহোঁসে | কাহাদের দ্বারা বা হইতে |
| সম্বন্ধ | কেসকা কেনকা | কাহার কাহাঁর | কেনহোঁকা | কাহাদিগের |
| অধি | কেসমে কেনমে | কাহাতে কাহাঁতে | কেনহোঁমে | কাহাদিগেতে |

### উদাহরণ।

ক্যান্ আতাহ্যায় ? কে আসিতেছে ?

কেন্‌নে লৈখা ? কে লিখিল ?

কেস্‌কো মারাহ্যায় ? কাহাকে মারিয়াছে ?

কেস্‌সে হুয়া ? কাহা দ্বারা হইল ?

কেন্‌হোঁসে পায়ে ? কাহাদের হইতে পাইলে ?

চাক্কু কেস্‌কা হ্যায় ? কাহার চাকু ছুরি ?

মে, সে, এই বিভক্তি দ্বয় একত্রিতরূপে ব্যবহৃত হইয়া (মধ্য-হইতে) এই অর্থ প্রকাশ করে। যথা, এসমেসে, ইহার মধ্য হইতে। ওন্‌মেসে, ঐ সকলের মধ্য হইতে। কেন্‌মেসে, কাহার মধ্য হইতে। জেস্‌মেসে, যাহার মধ্য হইতে, ইত্যাদি।

পর, সে, এই বিভক্তিদ্বয় একত্রিতরূপে কখন কখন ব্যবহার হইয়া (উপর হইতে) এই অর্থ প্রকাশ করে। যথা, চৌকি পরসে, চৌকির উপর হইতে, ইত্যাদি।

## সর্ব্বশব্দ।

| | পদ | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| কর্ত্তা | সব, সবনে, | সকল | সব ভাগ্ গ্যায়ে, | সকলে পলাইল |
| কর্ম্ম | সবকো | সকলকে | সবকো লাও, | সকলকে আন |
| করণ অপা | সবসে | সকল হইতে বা দ্বারা | সবসে আচ্ছা, | সকলহইতে ভাল |
| সম্বন্ধ | সবকা | সকলের | সবকা ফায়দা, | সকলের উপকার |
| অধি | সবমে | সকলেতে | সবমে হ্যায়, | সকলেতে আছে |

## পূর্ব্বলিখিত সর্ব্বনামের কেবল সম্বন্ধকারকে লিঙ্গভেদ ; যথা—

| একবচন | | বহুবচন | |
|---|---|---|---|
| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
| মেরা<br>হামারা | মেরী<br>হামারী | হামলোগোঁকা | হামলোগোঁকী |
| তেরা<br>তোমহারা | তেরী<br>তোমহারী | তোমহোঁকা | তোমহোঁকী |
| আপকা | আপকী | আপলোগোঁকা | আপলোগোঁকী |
| জেসকা<br>জেনকা | জেসকী<br>জেনকী | জেনহোঁকা, | জেনহোঁকী |
| এসকা<br>এনকা | এসকী<br>এনকী | এনহোঁকা | এনহোঁকী |
| ওসকা<br>ওনকা | ওসকী<br>ওনকী | ওনহোঁকা | ওনহোঁকী |
| কেনকা | কেনকী, | কেনহোঁকা | কেনহোঁকী। |
| ,, | ,, | সবকা | সবকী |

যদিচ সর্ব্বশব্দ সাধারণতঃ বহুবচনেই প্রয়োগ হয়; কিন্তু কখন কখন বহুবচনে তদ্ধিত্তর (যোঁ) যোগেও ব্যবহার হইয়া থাকে। যথা, সবোঁকী ইত্যাদি।

উদাহরণ।

| | |
|---|---|
| মেরী বহন্ আতীহ্যায়, | আমার ভগ্নী আসিতেছে। |
| তেরী দাদী রোতীহ্যায়, | তোমার ঠাকুরমা কাঁদিতেছে। |
| তোমহারী বিল্লি কাঁহা ? | তোমার বিড়াল কোথা ? |
| আপকী ঘড়ী লায়িহোঁ, | আপনার ঘড়ী আনিয়াছি। |
| জেসকী মা মর গ্যায়ী, | যাহার মা মরিয়া গেল। |
| এসকী মকান দেখি ন্যহিঁ, | ইহার বাটী দেখি নাই। |
| এনকী চ্যচ্চী কে ধর গ্যায়ী, | ইহাঁর খুড়ী কোন্ দিকে গেলেন ? |
| ওনকী বেটী হাঁসতিথী, | উহাঁর কন্যা হাসিতেছিল। |
| কেসকী বহু আয়ী ? | কাহার বৌ এল ? |

ব্যক্তি-সম্বন্ধে, সর্ব্বনাম-সকল কারক্-যোগে যে রীতিতে ব্যবহৃত হয় তাহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে, কিন্তু অস্মদ্ যুষ্মদ্ ভিন্ন, সর্ব্বনাম জন্তু ও বস্তু প্রভৃতি সর্ব্বপ্রকার বিশেষ্য শব্দের পরিবর্ত্তে ব্যবহার হয়,, ঐ সকলের মূলরূপ এবং শিক্ষার সুগম জন্য তদ্রূপ কয়েকটী অব্যয় উদাহরণ সহ লিখিত হইল।

| মূলরূপ | | | অর্থ | | |
|---|---|---|---|---|---|
| জো, | জেস, | জেন | যে, | যাহা, | যাঁহা। |
| সো, | তেস, | তৈন | সে, | তাহা, | তাঁহা। |
| ইয়েঃ, | এস, | এন | এ, | এই, | ইহাঁ। |
| উয়োঃ, | ওস, | ওন্ | ও, | ঐ, | উহা। |
| কেয়া, | ক্যান | | কি | কোন্ | |
| কেন্, | কেন্ | | কে | কাহা, | কাহাঁ। |
| কোয়ী | কিসি, | | কৈহ, | কোমো। | |
| কেয়ী | কেয়ীএক, | | কয়, | কয়েক। | |

| | | |
|---|---|---|
| ক্যায়, জ্যায়, ত্যায়, | | কত্তো, যত্তো, তত্তো। |
| এণ্ডঁ, জেণ্ডঁ, তেণ্ডঁ | | এমন, যেমন, তেমন। |

কেন্, জেন্, তেন্, এন্, ওন্, এই কয়েকটী পদ সর্ব্বত্র বহুবচনে এবং সম্ভ্রান্ত স্থলে একবচনে ব্যবহার হয়। জো, শব্দ উভয় বচনে ব্যবহৃত হয়। এবং জেন্ শব্দের পরিবর্ত্তে জো ব্যবহারও হয়। অপর জো, সো, ইয়েঃ, উয়োঃ, ক্যন্, এবঙ্ অয়্, এই কয়েকটী সর্ব্বনামে কারকের বিভক্তি যোগ হয় না।

## উদাহরণ।

| উর্দু | অর্থ |
|---|---|
| আপকা কেয়া নাম? | আপনার কি নাম? |
| কেয়া খুবর? | কি সংবাদ? |
| কেসওয়াস্তে আয়েহোঁ? | কিজন্য আসিয়াছ? |
| ক্যন কাম চাহতেহো? | কি কর্ম্ম চাহিতেছ? |
| জো,চীজ্ লায়েহো, সো লেজাও, | যে বস্তু আনিয়াছ, তাহা লইয়া যাও। |
| উয়োঃ ক্যন হ্যায়? | ও কে? |
| জো হোনেকাথা, সো হুয়া, | যাহা হইবার তাহা হইল। |
| এন চীজোঁসে কেয়া কাম? | ঐ সকল বস্তুতে কি কাজ? |
| ইয়েঃ হাঁল কেঁও হুয়া? | এই অবস্থা কেন হইল? |
| ইয়েঃ ক্যপড়া কেসকা হ্যায়? | এ কাপড় কাহার? |
| কাহে রোতেহো? | কেন কাঁদিতেছ? |
| কেঁও খাড়াহো? | কেন দাঁড়াইয়া আছ? |
| উয়োঃ জেগা আচ্ছী-হ্যায়, | ঐ স্থান উত্তম। |
| এন্ আনারোঁকো ফেঁক দেও, | ঐই দাড়িম্বসকল ফেলিয়া দেও। |
| এসমে কেয়া হোগা? | ইহাতে কি হইবে? |
| এসকো কেয়া ক্যহতাহ্যায়? | ইহাকে কি বলে? |

| | |
|---|---|
| ওসসে ইয়েঃ বেহ্তর, | উহা অপেক্ষা ইহা ভাল। |
| ওসকা রং ভালা নেহিঁ, | উহার রং ভাল নয়। |
| হিঁয়া কোয়ী নেহিঁ, | এ খানে কেহ নাই। |
| কেয়ী দেন হুয়া, | কয়েক দিন হইল। |
| কোয়ী কাম খালি নেহিঁ, | কোন কর্ম্ম খালি নাই। |
| ক্যায়্ঠো নেরিয়েল লায়াথা? | কয়টা নারিকেল আনিয়াছিল? |
| জ্যায়্ঠো থা, ত্যায়্ঠো লায়া,, | যয়টা ছিল তয়টা আনিল। |
| কেয়ীএক ওসকা সড় গ্যায়ে, | কয়েকটা তাহার পচিয়াগেল। |

জাহাঁ, তাহাঁ, হিয়াঁ, হুয়াঁ, কাহাঁ। জেধর, তেধর, এধর, ওধর, কেধর। জেত্না, এত্না, ওত্না, কেত্না। জ্যায়্সা, ত্যায়্সা, য়্যায়্সা, অয়্সা, ক্যায়্সা। জব, তব, অব, কব। এই শ্রেণীভুক্ত পদগুলি তত্তদ্দর্থ-সূত্রে বাঙ্গালা কি ইংরাজী ব্যাকরণ মতে যদিচ সমস্ত, সর্ব্বনামের মধ্যে পরিগণিত নহে; কিন্তু ঐ প্রত্যেক শ্রেণীর প্রত্যেক পদের ভাব ও অর্থের প্রতি দৃষ্টি ও বিবেচনা করিলে, যদ্, তদ্, ইদম্, অদস্, কিম্, এইরূপ সর্ব্বনামের ন্যায় কার্য্য করে। জাহাঁ প্রভৃতি পাঁচটী পদ স্থানসম্বন্ধে, জেধর আদি পাঁচটী পদ দিক্সম্বন্ধে, জেত্না আদি চারিটী পদ পরিমাণসম্বন্ধে, জ্যায়্সা প্রভৃতি পাঁচ পদ প্রকারসম্বন্ধে, ও জব্ আদি চারিটী পদ সময়সম্বন্ধে সর্ব্বনামের কর্ম্ম দর্শায়। বিশেষ, ঐ সকল শ্রেণীভুক্ত পদে অনেকানেক কারকের বিভক্তি যোগ হইয়া সর্ব্বনামে বিভক্তিযোগের ন্যায় অর্থ প্রকাশ করে। এজন্য ঐ সকল শব্দ সর্ব্বনামের শেষে রাখিলাম। বোধ করি, বাঙ্গালা ও ইংরাজী ব্যাকরণ-বেত্তা মহাশয়গণ সমীপে ইহা দোষার্হ হইবে না।

হিয়াঁ, হুয়াঁ স্থলে ইহাঁ এবং ওহাঁ, পদও ব্যবহৃত হইয়া থাকে। তক্ এই অব্যয়টী, স্থান, দিক, ও সময় সম্বন্ধীয় সর্ব্বনাম শব্দের উত্তর, পর্য্যন্ত-অর্থে সর্ব্বদা প্রযুক্ত হইয়া থাকে। যথা, যাহাঁতক, তাহাঁতক, হিয়াঁতক, হুয়াঁতক, কাহাঁতক। যেধরতক, ওধরতক, কেধরতক। যবতক, তবতক, অবতক, ইত্যাদি।

## স্থানসম্বন্ধীয়।

| | শব্দ | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | জাহাঁ | যে খানে, | জাহাঁ গ্যায়াথা, | যেখানে গিয়াছিল |
| সম্বন্ধ | জাহাঁকা | যেখানকার, | জাহাঁকা জ্যায়সা দস্তুর, | যেখানকার যে নিয়ম। |
| অপা | জাহাঁসে | যেখান হইতে, | জাহাঁসেহো লেআ, | যেখান হইতে হয় লইয়া আয়। |

---

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | তাহাঁ | সে খানে, | জাহাঁতাহাঁ ডাল দেও, | যে খানে সে খানে ফেলিয়া দাও। |
| সম্বন্ধ | তাহাঁকা | সেখানকার, | তাহাঁকা প্যতা নহি মেলা, | সেখানকার তথ্য পাওয়া যায় নাই। |
| অপা | তাহাঁসে | সেখান হইতে, | তাহাঁসে আজ চিঠী আয়ী, | সেখান হইতে অদ্য পত্র আইল। |

---

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | হিঁয়া, ইহাঁ | এখানে, | জী, হিয়াঁ আও, | মহাশয় এখানে আসুন। |
| সম্বন্ধ | হিয়াঁকা, ইহাঁকা, | এখানকার, | হিয়াঁকালোগ বড়া খারাব, | এখানকার লোক বড় মন্দ। |
| অপা | হিয়াঁসে, ইহাঁসে, | এখান হইতে, | হিয়াঁসে লে চলো, | এখান হইতে লইয়া চল। |

| | শব্দ | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | হুঁয়া, ওহাঁ, | ওখানে, | ওহাঁ ক্যন ব্যায়ঠা হ্যায়? | ওখানে কে বসিয়া আছে? |
| সম্ব | হুঁয়াকা, ওহাঁকা, | ওখানকার, | ওহাঁকা চেরাগ্ ইহাঁ লাও, | ওখানকার প্রদীপ এ খানে আন। |
| অপা | হুঁয়াসে, ওহাঁসে, | ওখানহইতে, | ওহাঁসে ভাগো, | ও খান হইতে পালাও |

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | কাহাঁ, | কোথায়, | কাহাঁ জাতেহো? | কোথা যাইতেছ? |
| সম্বন্ধ | কাহাঁকা, | কোথাকার, | কাহাঁকা আদ্মী? | কোথাকার ব্যক্তি?' |
| অপা | কাহাঁসে, | কোথাহতে, | কাহাঁসে আয়া? | কোথা হইতেআইল? |

জাহাঁকা, তাহাঁকা, ইত্যাদি সম্বন্ধের পদগুলি স্ত্রীলিঙ্গে আকারান্তের পরিবর্ত্তে ঈকারান্ত হয়। যথা, জাহাঁকী ছোকরী, তাহাঁকী বুঢ়িয়া; হিয়াঁকী হাওয়া, ওহাঁকী হাওয়াসে আচ্ছী হ্যায়।

---

## দিক্-সম্বন্ধীয়।

| | শব্দ | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | জেধর, | যে দিকে বা দিক, | জেধর টুটা হ্যায়, | যেদিক ভাঙ্গিয়াছে |
| সম্বন্ধ | জেধরকা, | যে দিকের, | জেধরকা চাহো, | যে দিকের চাও। |
| অপা | জেধরসে, | যে দিক হইতে, | জেধরসে আয়া, | যেদিকহইতে আইল |

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | তেধর, | সে দিকে বা দিক, | তেধর মৎ জাও, | সেদিকে যেওনা। |
| সম্বন্ধ | তেধরকা, | সে দিকের, | তেধরকা দরওয়াজা, | সেদিকের দ্বার। |
| অপা | তেধরসে, | সেদিক হইতে, | তেধরসে আজা, | সে দিক হইতে আসিও। |

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | এধর, | এ দিকে বা দিক, | তোমএধর আও, | তুমি এ দিকে এস। |
| সম্বন্ধ | এধরকা, | এ দিকের, | এধরকাঁ ঘর খোলো, | এদিকের ঘর খুল। |
| অপা | এধরসে, | এ দিক হইতে, | এধরসে সরকাও, | এদিক হইতে সরাও |

| | শব্দ | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | ওধর, | ওদিকে বা ও দিক, | ওধর ক্যন হ্যায়, | ওদিকে কে আছে |
| সম্বন্ধ | ওধরকা, | ও দিকের, | ওধরকা কেওয়াড়া, | ওদিকের কপাট। |
| অপা | ওধরসে, | ওদিক হইতে, | ওধরসে এধর গ্যায়া, | ওদিক হইতে, এ দিকে গেল। |

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | কেধর, | কোন্ দিকে বা দিক, | কেধর জাওগে, | কোন্ দিকে যাইবে |
| সম্বন্ধ | কেধরকা, | কোন্ দিকের, | কেধরকা শোর গোল | কোন্ দিকের গোল। |
| অপা | কেধরসে, | কোন্ দিক হইতে, | কেধরসে আওয়াজ আতী হ্যায় | কোন দিক হইতে শব্দ আসিতেছে |

জাহাঁকেঁহী এই মিলিত শব্দের অর্থ "যে কোন স্থান" বুঝায়। যথা, জাহাঁকেঁহী হো লে আও; যে কোন স্থানে থাকে লইয়া আইস।

সম্বন্ধ পদে স্ত্রীলিঙ্গে, জের্ধরকী, তেধরকী, এধরকী, ওধরকী ইত্যাদি পদ হইবে।

## পরিমাণ-সম্বন্ধীয়।

| | শব্দ | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | জেত্না, | যত, | জেত্না রহে সব লাও, | যত থাকে সব আন। |
| সম্বন্ধ | জেত্নেকা, | যতকের, | জেত্নেকা খরীদ কহো, | যতকের ক্রয় বল। |
| অধি | জেত্নেমে, | যততে, | জেত্নেমে পেট ভরে, | যততে পেট ভরে। |

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | এত্না, | এত, | এত্না চৈল্লাও মৎ, | এত চীৎকার করো না। |
| সম্বন্ধ | এত্নেকা, | এতকের, | এত্নেকা দহি কেঁও লায়া? | এতকের দধি কেন আনিলে? |
| অধি | এত্নেমে, | এততে, | এত্নেমে কেয়া হোগা, | এততে কি হইবে? |

| শব্দ | | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | ওত্না, | অত, | ওত্না ক্যন খায়া ? | অত কে খাইল ? |
| সম্বন্ধ | ওত্নেকা, | অতকের, | ওত্নেকা হেসাব কাহাঁ ? | অতকেরহিসাবকোথা |
| অধি | ওত্নেমে, | অততে, | ওত্নেমে ভী নেহি হুয়া, | অততেও হইল না। |

---

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | কেত্না, | কত, | কেত্না পরেটা ব্যনায়ে, | কতপরেটা প্রস্তুত করিলে ? |
| সম্বন্ধ | কেত্নেকা, | কতকের, | কেত্নেকা পেড়া লায়ে, | কতকের সন্দেশ আনিলে |
| অধি | কেত্নেমে, | কততে, | কেত্নেমে মোল লিয়ে, | কততে ক্রয় করিলে ? |

আল্লা, ওফা, ওম্রা, কৃপা, খোদা, জেগা, তওবা, তন্খা, দয়া, দওয়া, দাতা, দানা, দুনিয়া, দেরিয়া, দোয়া, মের্জা, মোল্লা, লালা, সওদা, সজা, সেপা, এই সকল শব্দ ভিন্ন যাবতীয় আকারান্ত প্রকৃতি কারকের বিভক্তিযোগকালে একারান্ত হয়। যথা, জেত্না-জেত্নেকা, এত্না-এত্নেমে, সোণা-সোণেকা, ঘোড়া-ঘোড়েকা, আন্ধা-আন্ধেকো, লোহা-লোহেনে, প্যাঢ়্না-পঢ়্নেসে। মেরে ছোটে বেটেসে। তেরে বড়ে ল্যাড়কেনে। ইত্যাদি।

জেত্না, এত্না, ওত্না, কেত্না, স্থলে জেত্তা, এত্তা, ওত্তা, কেত্তা-ও, ব্যবহৃত হয়।

---

## প্রকার-সম্বন্ধীয়।

| শব্দ | | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | জ্যায়্সা, | যেমন, | জ্যায়সাকাম ত্যায়্সাফল, | যেমন কর্ম্ম তেমনি ফল |
| ,, | ত্যায়্সা, | তেমন, | ত্যায়্সা হারামজাদা দোস্রা নেহি, | তেমন দুষ্ট দ্বিতীয় নাই। |
| ,, ,, | য়্যায়্সা, | এমন, | য়্যায়্সা ভালা আদ্মী নেহিঁ দেখা, | এমন সৎ মনুষ্য দেখি নাই। |

| | শব্দ | অর্থ | উদাহরণ | অর্থ |
|---|---|---|---|---|
| মূলপদ | অয়্সা, | অমন, | অয়্সাকাম্ মৎ ক্যরো, | অমন কর্ম্ম করিওনা |
| ,, ,, | ক্যায়্সা, | কেমন, | ক্যায়্সা মোতী দেখেঁ, | কেমন মুক্তা দেখি। |

—০—

## সময়-সম্বন্ধীয়।

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | জব(১) | যখন, | জব ম্যায় ঘর জাওঙ্গা, | যখন আমি বাড়ী যাইব |
| সম্বন্ধ | জবকা, | যখনকার, | জবকা জো কাম, | যখনকার যে কার্য্য। |
| অপা | জবসে, | যখনহইতে, | জবসে বরদওয়ান আয়াহোঁ। | যখন হইতে বর্দ্ধমান আসিয়াছি। |

———

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | তব(১) | তখন, | তব কেয়া হোগা, | তখন কি হইবে। |
| সম্বন্ধ | তবকা, | তখনকার, | তবকা রেওয়াজ থা, | তখনকার রীতি ছিল |
| অপা | তবসে, | তখন হইতে, | তবসেমলাকাৎনেহিঁ, | তখন হইতে সাক্ষাৎ নাই। |

———

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | আব, | এখন, | আব মৎ জাও, | এখন যেও না। |
| সম্বন্ধ | আবকা, | এখনকার, | আবকা কেয়া হাল? | এখনকার কি অবস্থা |
| অপা | আবসে, | এখনহইতে, | আবসে ইংরেজী পঢ়ো | এখনহইতেইংরাজী পড় |

———

| | | | | |
|---|---|---|---|---|
| মূলপদ | কব(১) | কবে, | ক্যলকত্তেসে কব আয়ে, | কলিকাতাহইতে কবেএলে |
| সম্বন্ধ | কবকা, | কবেকার, | কবকা সবক্ প্যঢ়তেহো, | কবেকার পাঠ পড়িতেছ |
| অপা | কবসে, | কবে হইতে, | কবসে ছুট্টী হুয়া, | কবেহইতে অবকাশহইল |

য়্যায়্সা পদটী সম্বন্ধপদের উত্তর প্রযুক্ত হইলে সদৃশার্থবোধকও হয়। যথা, মেরা য়্যায়্সা, আমার সদৃশ। তোম্হারা য়্যায়্সা, তোমার সদৃশ। ইত্যাদি।

(১) জব, তব, কব, ইহার পরিবর্ত্তে জদ, তদ, কদও ব্যবহার হয়।

উদাহরণাদিসহ সর্ব্বনাম সকল, কারকের প্রত্যেক পদপদার্থ সম্বলিত যদিচ পূর্ব্বে লিখিত হইয়াছে, তথাচ শিক্ষার সুগম জন্য নিম্নে শ্রেণীবদ্ধ ক্রমে ঐ সমগ্র পদ এক স্থানে প্রদর্শিত হইল।

| কারক | কর্ত্তা | | কর্ম্ম | | করণ, অপাদান | | সম্বন্ধ | | অধিকরণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বচন | একবচন | বহুবচন | একবচন | বহুবচন | একবচন | বহুবচন | একবচন | বহুবচন | একবচন | বহুবচন |
| অস্মদ্ | ম্যায়, হাম মায়নে, হামনে | হাম, হামলোগ হামলোগোঁনে | মুঝে, মুঝকো, হামে, হামকো, মেরেতেঁই | হামলোগোঁকো, হামলোগোঁকেতেঁই | মুঝসে, হামসে | হামলোগোঁসে | মেরা, হামারা | হামলোগোঁকা, হামসভোঁকা | মুঝমে, হামমে | হামোমে, হামলোগোমে |
| যুষ্মদ্ | তোম, তোমনে তু, তুনে, তেঁই | তোম, তোমলোগ তোমলোগোঁনে | তুঝে, তোমহে, তুঝকো, তোমকো, তেরেতেঁই | তোমহোঁকো, তোমলোগোঁকো তোমহোঁকেতেঁই | তুঝসে, তোমসে | তোমহোঁসে, তোমলোগোঁসে | তেরা, তোমহারা | তোমহোঁকা, তোমলেগোঁকা | তুঝমে, তোমমে | তোমহোঁমে, তোমলোগোঁমে |
| আত্মন্ | আপ, আপনে | আপলোগ, আপলোগোঁনে | আপকো, আপকেতেঁই | আপলোগোঁকো, আপলোগোকেতেঁই | আপসে | আপলোগোঁসে | আপকা | আপলোগোঁকা | আপমে | আপলোগোঁমে |
| যদ্ | জো, জেসনে, জেননে | জোসব, জেনহোঁনে | জেসে, জেসকো, জেনহেঁ জেনকো, জেনকেতেঁই | জেসলোগোঁকো, জেনহোঁকো, জেনহোঁকেতেঁই | জেসসে, জেনসে | জেসলোগোঁসে জেনহোঁসে | জেসকা, জেনকা | জেসলোগোঁকা জেনহোঁকা | জেনমে, জেসমে | জেসলোগোঁমে, জেনহোঁমে |
| তদ্ | সো, তেসনে, তেননে | সোসব, তেনহোঁমে | তেসকো, তেনকো | তেনহোঁকো | তেসসে, তেনসে | তেসলোগোঁসে, তেসলোগোঁসে তেনহোঁসে | তেসকা, তেনকা | তেসলোগোঁকা তেনহোঁকা | তেসমে, তেনমে | তেসলোগোঁমে, তেনহোঁমে |
| ইদম্ | ইয়েঃ, এসনে, এননে | এ, ইয়েঃসব, এনহোঁনে | এসে, এসকো, এনহেঁ এনকো, এসকেতেঁই | এসলোগোঁকো, এনহোঁকো, এনহোঁকেতেঁই | এসসে, এনসে | এসলোগোঁসে এনহোঁসে | এসকা, এনকা | এসলোগোঁকা এনহোঁকা | এসমে, এনমে | এসলোগোঁমে, এনহোঁমে |
| অদস্ | উয়োঃ, ওসনে, ওননে | অয়, উয়ঃসব, ওনহোঁনে | ওয়ে, ওসকো, ওনহেঁ ওনকো, ওসকেতেঁই | ওসলোগোঁকো, ওনহোঁকো, ওনহোঁকেতেঁই | ওসসে, ওনসে | ওসলোগোঁসে ওনহোঁসে | ওসকা, ওনকা | ওসলোগোঁকা ওনহোঁকা | ওসমে, ওনমে | ওসলোগোঁমে, ওনহোঁমে |
| কিম্ | ক্যান, কেসনে, কেননে | ক্যানসব, কেনহোঁনে | কেসে, কেসকো, কেনহেঁ কেনকো, কেনকেতেঁই | কেনলোগোঁকো, কেনহোঁকো, কেনহোঁকেতেঁই | কেসসে, কেনসে | কেসলোগোঁসে কেনহোঁসে | কেসকা, কেনকা | কেসলোগোঁকা কেনহোঁকা | কেসমে, কেনমে | কেনলোগোঁমে, কেনহোঁমে |
| সর্ব্ব | ০ | সব, সবনে | | সবকো, সভোঁকো, সবকেতেঁই | ... | সবসে, সভোঁসে | | সবকা, সভোঁকা | | সবমে, সভোঁমে |

স্থান, দিক, পরিমাণ, প্রকার, ও সময় সম্বন্ধীয় সর্ব্বনামসূচক প্রত্যেক পদগুলি নিম্নে শ্রেণীবদ্ধ ক্রমে প্রদর্শিত হইল।

| | স্থানসম্বন্ধীয় | | | দিকসম্বন্ধীয় | | | পরিমাণসম্বন্ধীয় | | | প্রকারসম্বন্ধীয় | সময়সম্বন্ধীয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [illegible] | [illegible] | সম্বন্ধের পদ | অপাদানের পদ | মূলপদ | সম্বন্ধের পদ | অপাদানের পদ | মূলপদ | সম্বন্ধের পদ | অধিকরণের পদ | মূলপদ | মূলপদ | সম্বন্ধের পদ | অপাদানের পদ |
| যদ্ | জাঁহা | জাঁহাঁকা | জাঁহাসে | জেধর | জেধরকা | জেধরসে | জেত্তা জেত্তা | জেত্তেকা, জেত্তেকা | জেত্তেমে, জেত্তেমে | জ্যায়সা | জব | জবকা | জবসে |
| তদ্ | তাঁহা | তাঁহাঁকা | তাঁহাসে | তেধর | তেধরকা | তেধরসে | তেত্তা | তেত্তেকা | তেত্তেমে | ত্যায়সা | তব | তবকা | তবসে |
| ইদম্ | হিঁয়া, ইহাঁ | হিঁয়াঁকা, ইহাঁকা | হিঁয়াঁসে, ইহাঁসে | এধর | এধরকা | এধরসে | এত্তা এত্তা | এত্তেকা, এত্তেকা | এত্তেমে, এত্তেমে | ঐসা | আব | আবকা | আবসে |
| অদস্ | হুঁয়াঁ, ওহাঁ | হুঁয়াঁকা, ওহাঁকা | হুঁয়াঁসে, ওহাঁসে | ওধর | ওধরকা | ওধরসে | ওত্তা ওত্তা | ওত্তেকা, ওত্তেকা | ওত্তেমে, ওত্তেমে | অয়সা | | | |
| কিম্ | কাঁহা | কাঁহাঁকা | কাঁহাসে | কেধর | কেধরকা | কেধরসে | কেত্তা কেত্তা | কেত্তেকা, কেত্তেকা | কেত্তেমে, কেত্তেমে | ক্যায়সা | কব | কবকা | কবসে |

# শব্দরূপ।

সর্ব্বনামে কর্ত্তা, কর্ম্ম, করণ অপাদান, সম্বন্ধ ও অধিকরণ কারকে যে সকল বিভক্তি যুক্ত হইয়া যে অর্থ করে, বিশেষ্যাদি শব্দেও সেইরূপ।

| বিশেষ্যাদি শব্দ | কর্ত্তা | কর্ম্ম | করণ, অপাদান, | সম্বন্ধ | অধিকরণ |
|---|---|---|---|---|---|
| রাম, | রাম,<br>রামনে | রামকো<br>রামকেতেঁই, | রামসে | রামকা, | রামমে |
| কেতাব, | কেতাব, | কেতাবকো, | কেতাবসে, | কেতাবকা, | কেতাবমে |
| কলম, | কলম, | কলমকো, | কলমসে, | কলমকা, | কলমমে |
| সাহেব, | সাহেব,<br>সাহেবনে, | সাহেবকো, | সাহেবসে | সাহেবকা, | সাহেবমে |
| জমীন, | জমীন, | জমীনকো, | জমীনসে, | জমীনকা, | জমীনমে<br>জমীনপর |
| ক্যালকত্তা, | ক্যালকত্তা | ক্যালকত্তেকো | ক্যালকত্তেসে, | ক্যালকত্তেকা, | ক্যালকত্তেমে |
| বুঢ্ঢা | বুঢ্ঢা,<br>বুঢ্ঢেনে, | বুঢ্ঢেকো,<br>বুঢ্ঢেকেতেঁই, | বুঢ্ঢেসে | বুঢ্ঢেকা, | বুঢ্ঢেমে |
| দুনিয়া, | দুনিয়া, | দুনিয়াকো, | দুনিয়াসে, | দুনিয়াকা, | দুনিয়ামে,<br>দুনিয়াপর |
| জেগা, | জেগা, | জেগাকো, | জেগাসে, | জেগাকা, | জেগামে |

অধিকরণের বিভক্তি মে, ইহার পরিবর্ত্তে নির্জ্জীবস্থলে কর্ম্মকারকের বিভক্তি (কো)ও ব্যবহার হইয়া থাকে। যথা রাতকো, রাত্রিতে। দেনকো, দিবসেতে। সোবেকো, প্রত্যুষে। কেতনেকো, কততে। ইত্যাদি।

রাজা, রায়, দেওয়ান, বাবু, লালা, মের্জা, মৌলবী, খাঁ, মুন্সী, ইত্যাদি পদবী ও উপাধি পরে মহাশয় এই অর্থে সাহেব শব্দ প্রয়োগ হইয়া থাকে। যথা, রাজা সাহেব, রায়সাহেব, ইত্যাদি।

# উদাহরণ।

রামনে বহত আচ্ছা উর্দ্দূ সিখা। রামকো সব আদ্মী পেয়ার কারতেহেঁ। রামসে কেভী বদকাম নেহিঁ হোতা হ্যায়। রামকে মানন্দ ক্যন হোগা। রামনে কৌয়ী য়্যাব নেহিঁ।

কেতাব তোমহারী আ পঁওছী হ্যায়। কেতাবকো জানকে বরাবর জাননা। কেতাবসে জাহানকী খবর মেলতী হ্যায়। কেতাবকে য়্যায়সা দোস্ত দুনিয়ামে নেহিঁ। কেতাবমে সব কুচ পায়া জাতা হ্যায়।

কলমকেয়া খুব চীজ। কলমকো ন্য ছোড়িও। কলমসে দেলকী বাত জাহের হোতী হ্যায়। কলমকী মদদসে মরদকী দওলত ও হোরমত। কলমমে হামেশা মশগুল র্যহনা।

সাহেব আতেহেঁ। সাহেবকো সেলাম ক্যরো। সাহেবসে কাম তোমহারা হাসল হোগা। সাহেবকে পাস সওয়াল ক্যরো। সাহেবমে রহম হ্যায়।

ইয়েঃ জমীন বহত আচ্ছী হ্যায়। জমীনকো আজমাও জমীন দেখো। জমীনসে বহত ফায়দা হাসল হোতেহেঁ। এস জমীনকী তহসীল কম নেহিঁ। এস জমীনমে হরতরেহকা মেওয়াজাত প্যায়দা হোতেহেঁ।

ক্যলকত্তা কেয়া মাকুল জৈগা। ক্যলকত্তেকো জেন্তলবোলাদ ক্যহতেহেঁ। ক্যলকত্তা দেখেহো। ক্যলকত্তেসে ক্যল আয়াহেঁ। ক্যলকত্তেকা হাল তোমসে বয়ান ক্যরোঙ্গা। ক্যলকত্তেমে জাহানকী চীজেঁ মেলতীহেঁ।

বুঢ়া আদ্মী দানা আওর আকলমন্দ হোতেহেঁ। বুঢ়েঢকো বে-অক্ক্ জান্না বে-অক্কী হ্যায়। হর বাবমে বুঢ়েঢসে সেলাহ মসলহত লেনা। বুঢ়েঢকী বাত সবপর বালা সমঝনা। বুঢ়েঢ মে হেকারত ন্যা-ক্যরনা।

—০

জানতাহেঁ কে ছুনিয়া নাকায়েম হ্যায়। তওভী ছুনিয়াকো ন্যাছোড় সেকতাহেঁ। ছুনিয়ামে এলগার হোনা বড়াকঠিন হ্যায়। সব কারে-বার ছুনিয়াকা ধোকা মেওয়া নেহিঁ। ছুনিয়ামে দেল ন্যা লগানা।

—০

কেয়া দেলগীর জেগা হ্যায়। এস জেগাকো ছোড়নে জী নেহিঁ চাহ্তা হ্যায়। এস জেগাসে কোয়ী জেগা আচ্ছী নেহিঁ। পানিভী এস জেগাকা বহত আচ্ছা। এস জেগামে র্যহ জায়িয়ে।

কারকের বিভক্তি অনেকানেক স্থানে গুপ্তও থাকে। যথা, রাম ঘর গ্যায়া, অর্থাৎ ঘরমে গ্যায়া।

## সম্বোধন।

উদূ ভাষায় সম্বোধনে য়্যায়, এ, এজী, ওরে, রী, এই সকল বিভক্তিসূচক শব্দ বিশেষ্যের পূর্ব্বে যুক্ত হয়। তন্মধ্যে ওরে, কেবল পুংলিঙ্গে, রী, কেবল স্ত্রীলিঙ্গে অধম স্থলে ব্যবহার হইয়া থাকে, এবং উভয়লিঙ্গে বহুবচনে, সম্বোধন-স্থলেও, এই বিভক্তি, শব্দের উত্তর যোগ হয়। যথা, য়্যায়

ভাই, (১) এ ভাই, ভাই হে। য়্যায় মেরে আচ্ছে লড়কে, হে আমার উত্তম পুত্র। এ জী, ও মহাশয়। ওবে ছোকরা, ও ছোকরা। রী লেঁউডী, ওরে দাসী। ইত্যাদি। বহুবচনে যথা, সাহেবো, হে মহাশয়গণ। বেটো, হে পুত্রগণ। অপর হো এই বিভক্তিসূচক শব্দ কখন কখন শব্দের পরে সম্বোধনে ব্যবহার হয়। যথা, রামশরণ হো, ইত্যাদি।

---

## স্ত্রীলিঙ্গ-প্রকরণ।

উর্দূ ভাষায় দোলহা, পোতা, গওইয়া, সক্কা,(২) ব্যতীত প্রায়ই সাধারণ আকারান্ত পুংলিঙ্গ শব্দ আকারের পরিবর্ত্তে ঈ-যোগে স্ত্রীলিঙ্গ হইয়া থাকে। যথা, বেটা-বেটী, ঘোড়া-ঘোড়ী, জোড়া-জোড়ী, দাদা-দাদী, চ্যচ্চা-চ্যচ্চী, নানা-নানী, ফুঃফা-ফুঃফী, নওয়াসা-নওয়াসী, ছোক্‌রা-ছোক্‌রী, বক্‌রা-বক্‌রী, মেরা-মেরী, তেরা-তেরী, জেসকা-জেসকী, ওনকা-ওনকী, কেত্না-কেত্নী, জ্যায়সা-জ্যায়সী, থোড়া-থোড়ী, বুঢ্‌ঢা-বুঢ্‌ঢী জানেওয়ালা-জানেওয়ালী, ইত্যাদি।

ক্রিয়াসম্বন্ধেও ঐরূপ নিয়ম। যথা, খায়া-খায়ী, বোলা বোলী, গ্যায়া-গ্যায়ী, কিয়া-কিয়ী, লিয়া-লিয়ী, দিয়া-দিয়ী, আয়াথা-আয়িথী, আতাথা-আতিথী।

---

(১) ভাই শব্দ সম্বোধনে ভেইয়াও হইয়া থাকে।

(২) দোল্‌হা, পোতা, গওইয়া শব্দ স্ত্রীলিঙ্গে দোলহিন, পোতিন, গ্যায়ীন হইবে। সক্কা শব্দ স্ত্রীলিঙ্গে সক্নী হইবে।

কতকগুলি পুংলিঙ্গ শব্দের উত্তর আনী, (১)এই প্রত্যয়াত্মক শব্দযোগে স্ত্রীলিঙ্গ হয়। এবং পুংলিঙ্গ শব্দ স্বরান্ত হইলে ঐ স্বরের লোপ হইয়া যুক্ত হয়। যথা, মেহতর-মেহতরাণী, দেওর-দেওরাণী, জেঠ-জেঠানী, চৌধুরী-চৌধুরাণী, মিশ্রি-মিশ্রাণী, ঠাকর-ঠাকরাণী, ইত্যাদি।

কতকগুলি পুংলিঙ্গ শব্দের উত্তর, ঈ, ইন, নী, আ, এই সকল প্রত্যয়াত্মক শব্দযোগে স্ত্রীলিঙ্গ হইয়া থাকে। ঈ-যোগে যথা, মোরগ্‌-মোরগী, পেয়ার-পেয়ারী, ব্রাহ্‌মন-ব্রাহ্‌মনী, ইন-যোগে যথা, মালী-মালিন, ধোবী-ধোবিন, মশয়লচী-মশ্‌য়লচিন, হাড়ী-হাড়িন। নী-যোগে যথা, কাহার-কাহারনী, ডোম-ডোমনী, ঝাড়ুবরদার-ঝাড়ুবরদারনী। আ-যোগে যথা, সাহেব-সাহেবা, মোদ্দেই-মোদ্দেইয়া, মোদ্দাএলে-হোম-মোদ্দাএলেহোমা, সায়েল-সায়েলা, হজ্‌রালী-হজ্‌-রালিয়া, মজ্‌হর-মজ্‌হরা, জেয়ীফ্‌-জেয়ীফা, মাশূক্‌-মাশূকা ইত্যাদি।

অপর পূরণবাচক শব্দের লিঙ্গভেদের নিয়ম, সেই শব্দের নিম্নে প্রদর্শিত হইয়াছে।

---

(১) আনী এই প্রত্যয়ের পরিবর্তে কোন কোন স্থানে আয়েন্‌, ব্যবহারও হইয়া থাকে। যথা—ঠাকর-ঠাকরায়েন্‌।

নিয়মবিরুদ্ধ ও নিয়মানুযায়ী কতকগুলি পুংলিঙ্গ শব্দের স্ত্রীলিঙ্গরূপ অর্থসহ ইংরেজি ব্যাকরণের অনুকরণে নিম্নে লিখিত হইল। এবং সম্পর্কসূচক অধিকসংখ্যক শব্দ শিক্ষার সুগমার্থ দেওয়া গেল।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুং অর্থ | স্ত্রী অর্থ |
|---|---|---|---|
| ন্যর, | ন্যাদ, | পুরুষ, | স্ত্রী |
| বাপ, বাবুজী, ওয়ালদ | মা, মাজী, আম্মাজান, ওয়ালদা | পিতা, | মাতা |
| আদমী, | আওরত, | নর, | নারী |
| ম্যর্দ, | রেণ্ডী, | পুরুষ, | স্ত্রী |
| বাদশা, | বেগম, | রাজা, | রাণী |
| সাহেব, | সাহেবা, | মহাশয়, | মহাশয়া |
| শওহর, খাবিন্দ, | জোরু, কবীলা, বিবী(১) | স্বামী, | পত্নী |
| বেটা, ল্যাড়কা, | বেটী, লেড়কী, | পুত্র, | কন্যা |
| বেটা, | বহু, | পুত্র, | পুত্রবধূ |
| দামাদ, | বেটী, | জামাতা, | কন্যা |
| ভাই, | ব্যহন, | ভ্রাতা, | ভগ্নী |
| ব্যহনুই, | ব্যহন, | ভগ্নীপতি, | ভগ্নী |
| ভাই, | ভাওজ (২) | ভ্রাতা, | ভ্রাতৃবধূ |
| চ্যচ্চা, | চ্যচ্চী, | খুড়া, | খুড়ী |
| ফুঃফু, ফুঃফা, | ফুঃফী, বুয়া, | পিতৃষ্বসৃপতি, | পিতৃষ্বসা |
| মামু, | মামী, মমানী, | মাতুল, | মাতুলানী |
| দাদা, | দাদী, | পিতামহ, | পিতামহী |
| নানা, | নানী, | মাতামহ, | মাতামহী |
| সোসর, | সাস, | শ্বশুর, | শ্বাশুড়ী |
| সমধী, | সমধন, | বেয়াই, | বেয়ান |

(১) বিবী শব্দ, পত্নী, কন্যা ও সাধারণ স্ত্রীতে প্রয়োগ হয়; বুবু, প্রবীণা স্ত্রী। (২) জ্যেষ্ঠ ভ্রাতৃবধূকে ভাবি বলে।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুং অর্থ | স্ত্রী-অর্থ |
| --- | --- | --- | --- |
* দেনা ধাতু স্থানে দি, লেনা স্থানে লি, হোনা স্থানে হু, ক্যরনা স্থানে কি, ও জানা স্থানে গ্যা, আদেশ হওয়া পূর্ব্ব নিয়মে উল্লিখিত হইয়াছে। অতীত অনিশ্চয়েও ঐরূপ আদিষ্ট ধাতুর উত্তর উক্ত বিভক্তি যোগে পদ সাধিত হইবে। যথা, দিয়াহোগা, লিয়াহোগা, হুয়াহোগা, কিয়েহোঙ্গে, গ্যায়ীহোগী।

ভবিষ্যৎকালে পুংলিঙ্গে প্রথম পুরুষে ওঙ্গা, দ্বিতীয় পুরুষে ওগে, ইয়েগা, তৃতীয় পুরুষে এগা, বহুবচন ও সম্ভ্রমস্থলে এঙ্গে, স্ত্রীলিঙ্গে প্রথম পুরুষে একবচনে ওঙ্গী, দ্বিতীয় পুরুষে ওগী, তৃতীয় পুরুষে এগী, স্ত্রী বহুবচন ও সম্ভ্রমে এঙ্গী, এই সকল বিভক্তি না-রহিত ধাতুর উত্তর যুক্ত হয়। যথা—

ভবিষ্যৎকাল

জিত্না ধাতু।

| | পুং একবচন | পুং বহুবচন সম্ভ্রম। |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় জিতোঙ্গা | হাম জিতেঙ্গে |
| অর্থ | আমি জিতিব | আমরা জিতিব |
| ২য় পুরুষ | তোম জিতোগে, জিতিয়েগা | আপ জিতেঙ্গে |
| অর্থ | তুমি জিতিবে | আপনারা জিতিবেন |
| ৩য় পুরুষ | উয়োঃ জিতেগা | অয় জিতেঙ্গে |
| অর্থ | সে জিতিবে | তাহারা জিতিবে |

| | স্ত্রী একবচন | স্ত্রী বহুবচন সম্ভ্রম। |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় জিতোঙ্গী | হাম জিতেঙ্গী |
| অর্থ | আমি জিতিব | আমরা জিতিব |
| ২য় পুরুষ | তোম জিতোগী | আপ জিতেঙ্গী |
| অর্থ | তুমি জিতিবে | আপনারা জিতিবেন |
| ৩য় পুরুষ | উয়োঃ জিতেগী | অয় জিতেঙ্গী |
| অর্থ | সে জিতিবে | তাঁহারা জিতিবেন |

বর্ত্তমান নিত্যপ্রবৃত্তের ন্যায় ভবিষ্যৎকালেও আকার, ওকার, বা একারান্ত না-রহিত ধাতুর উত্তর তৃতীয় পুরুষে ও, এই বর্ণ স্থাপিত হইয়া বিভক্তি যোগ হইবে। যথা; লাওয়েগা, লেওয়েঙ্গে, ইত্যাদি।

ভবিষ্যৎকালে অনিজন্ত না-রহিত আকার, একার, বা ওকারান্ত

একারান্ত ধাতুর উত্তর তৃতীয় পুরুষে একবচনে কেবল গা, ও বহুবচনে কেবল ঙ্গে, বিভক্তি যোগেও পদ সাধিত হয়। যথা, খাগা, দেগা, সোগা। বহুবচনে,—খাঙ্গে, দেঙ্গে, সোঙ্গে, ইত্যাদি। দ্বিতীয় পুরুষ সম্ভ্রান্ত স্থলে ইয়েগা ব্যবহার হয়। আর না-রহিত ইকারান্ত ধাতুতে ইয়েগা স্থানে জিয়েগা হয়। যথা, পিজিয়েগা, দিজিয়েগা।

বর্ত্তমান, অতীত ও ভবিষ্যৎ এই ত্রিকালোৎপন্ন সেকনা-ধাতুর পদ, না রহিত অন্য ধাতুর উত্তর সন্নিবেশিত হইলেই সম্ভাবনা ও সমর্থনার পদ হয়। পূর্ব্বস্থিত না-রহিত ধাতু অসমাপিকা ক্রিয়ার অর্থ প্রকাশ করে। অতএব ইহার স্বতন্ত্র লক্ষণাদি নির্দ্দেশ না করিয়া তিন কালের তিনপ্রকার পদ প্রদর্শিত হইল। কিন্তু সকল কালের সর্ব্বপ্রকার পদই হইতে পারে। যথা—

সম্ভাবনা ও সমর্থনা।

বর্ত্তমান কাল।

লেনা ধাতু।

| | পুং একবচন | পুং বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় লে-সেক্তাহোঁ | হাম লে-সেকতেহে |
| অর্থ | আমি লইতে পারি | আমরা লইতে পারি |
| ২য় পুরুষ | তোম লে-সেকতেহো | আপ লে-সেকতেহে |
| অর্থ | তুমি লইতে পার | আপনারা লইতে পারেন |
| ৩য় পুরুষ | উয়োঃ লে-সেকতাহ্যায় | আপ লে-সেকতেহেঁ |
| অর্থ | সে লইতে পারে | তাঁহারা লইতে পারেন |

সেকনা ধাতুকে সেখনা রূপেও উচ্চারণ করিয়া থাকে। বস্তুতঃ শকধাতুর সহিত অর্থসামঞ্জস্য হেতু সেকনা ধাতুই প্রকৃত বিবেচিত হইতেছে।

| | স্ত্রী একবচন | স্ত্রী বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় লে-সেকতীহোঁ | হাম লে-সেকতীহেঁ |
| অর্থ | আমি লইতে পারি | আমরা লইতে পারি |
| ২য় পুরুষ | তু লে-সেকতীহে | আপ লে-সেকতীহেঁ |
| অর্থ | তুমি লইতে পার | আপনারা লইতে পারেন |
| ৩য় পুরুষ | উয়োঃ লে-সেকতীহায় | অয় লে-সেকতীহেঁ |
| অর্থ | সে লইতে পারে | তাঁহারা লইতে পারেন |

## সম্ভাবনা ও সমর্থনা।

### অতীত কাল।

### দেনা ধাতু।

| | পুং একবচন | পুং বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় দে-সেকতাথা | হাম দে-সেকতেথে |
| অর্থ | আমি দিতে পারিতাম | আমরা দিতে পারিতাম |
| ২য় পুরুষ | তু দে-সেকতাথা | তোম দে-সেকতেথে |
| অর্থ | তুমি দিতে পারিতে | তোমরা দিতে পারিতে |
| ৩য় পুরুষ | উয়োঃ দে-সেকতাথা | অয় দে-সেকতেথে |
| অর্থ | সে দিতে পারিত | তাঁহারা দিতে পারিতেন |

| | স্ত্রী একবচন | স্ত্রী বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় দে-সেকতীথী | হাম দে-সেকতীথীঁ |
| অর্থ | আমি দিতে পারিতাম | আমরা দিতে পারিতাম |
| ২য় পুরুষ | তু দে-সেকতীথী | তোম দে-সেকতীথী |
| অর্থ | তুমি দিতে পারিতে | তোমরা দিতে পারিতে |
| ৩য় পুরুষ | উয়োঃ দে-সেকতীথী | অয় দে-সেকতীথীঁ |
| অর্থ | সে দিতে পারিত | তাঁহারা দিতে পারিতেন |

## সম্ভাবনা ও সমর্থনা।

### ভবিষ্যৎ কাল।

### বেচনা ধাতু।

| | পুং একবচন | পুং বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় বেচ-সেকোঙ্গা | হাম বেচ-সেকেঙ্গে |
| অর্থ | আমি বেচিতে পারিব | আমরা বেচিতে পারিব |
| ২য় পুরুষ | তোম বেচ-সেকোগে | আপ বেচ-সেকেঙ্গে |
| অর্থ | তুমি বেচিতে পারিবে | আপনারা বেচিতে পারিবেন |
| ৩য় পুরুষ | উয়োঃ বেচ-সেকেগা | অয় বেচ-সেকেঙ্গে |
| অর্থ | সে বেচিতে পারিবে | তাঁহারা বেচিতে পারিবেন |

| | স্ত্রী একবচন | স্ত্রী বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায়-বেচ-সেকোঙ্গী | হাম বেচ-সেকেঙ্গী |
| অর্থ | আমি বেচিতে পারিব | আমরা বেচিতে পারিব |
| ২য় পুরুষ | তোম বেচ-সেকোগী | আপ বেচ-সেকেঙ্গী |
| অর্থ | তুমি বেচিতে পারিবে | আপনারা বেচিতে পারিবেন |
| ৩য় পুরুষ | উয়োঃ বেচ-সেকেগী | অয় বেচ-সেকেঙ্গী |
| অর্থ | সে বেচিতে পারিবে | তাঁহারা বেচিতে পারিবেন |

---

গ্রন্থবাহুল্যভয়ে, সম্ভাবনা ও সমর্থনায় কেবল ত্রিবিধকালের ত্রিবিধ পদ প্রদর্শিত হইতেছে। বস্তুতঃ সর্ব্বকালের সর্ব্ববিধ পদই সাধিত হইতে পারে। যথা, র‍্যাহনা ধাতু। র‍্যাহ-সেকোঁ। র‍্যাহ-সেকা। র‍্যাহ-সেকেঙ্গে। র‍্যাহ-সেকাথা। র‍্যাহ-সেকতেঁ। র‍্যাহ-সেকিহোঙ্গী। র‍্যাহ-সেকো। রহ-সেকিও। ইত্যাদি।

বর্ত্তমান নিত্যপ্রবৃত্তে যেরূপ লক্ষণ পদ প্রদর্শিত হইয়াছে, অনুজ্ঞাতেও তদ্রূপ হইবে। স্থলভেদে অর্থভেদ মাত্র। কিন্তু দ্বিতীয় পুরুষ সম্ভ্রান্ত হইলে, না-রহিত ধাতুর উত্তর ইয়ে (১) এই বিভক্তি যোগে পদ নিষ্পন্ন হয়, হেয় স্থলে কেবল না-রহিত ধাতু পদস্বরূপেও গণ্য হয়। যথা—

অনুজ্ঞা।

লুটনা ধাতু।

| | স্ত্রী পুং একবচন | স্ত্রী পুং বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় লুটোঁ | হাম লুটেঁ |
| অর্থ | আমি লুটি | আমরা লুটি |
| ২য় পুরুষ | তু লুট | তোম লুটো |
| | তোম লুটো | আপলোগ লুটেঁ |
| | আপ লুটিয়ে | |
| অর্থ | তুমি লুট | আপনারা লুটুন |
| ৩য় পুরুষ | উয়োঃ লুটে | অয় লুটেঁ |
| অর্থ | সে লুটুক | তাহারা লুটুক |

বিধি।

ভবিষ্যৎকালের ন্যায় বিধিরও পদ হইয়া থাকে। তদ্ভিন্ন উভয় লিঙ্গে দ্বিতীয় পুরুষে না-রহিত ধাতুর উত্তর ইও, এবং না-রহিত ধাতু ইকারান্ত হইলে জিও, এই বিভক্তি যোগে প্রকারান্তর পদ হয়। যথা—

(১) না-রহিত ধাতু ইকারান্ত হইলে, ইয়ে, বিভক্তির পরিবর্ত্তে, জিয়ে বিভক্তি হয়, কেবল জিনা ধাতুতে হয় না। আর দেনা, লেনা ও ক্যরনা ধাতু যথাক্রমে দি, লি, কি, হয়। যথা, দিজিয়ে, লিজিয়ে, কিজিয়ে, পিজিয়ে ইত্যাদি। বিধিতে ইকারান্ত ধাতু—কিজিও, লিজিও ইত্যাদি।

## বিধি।

### জানাধাতু।

| পুং দ্বিতীয় পুরুষ | স্ত্রী দ্বিতীয় পুরুষ |
|---|---|
| তোম জাওগে | তোম জাওগী |
| আপ জাইয়েগা | আপলোগ জাইও |
| তোম জাইও | |

### সংশয়।

সংশয়ের পদ অতীতকালের নিত্যপ্রবৃত্তের পদের ন্যায় সাধিত হইবে। সংশয়ের পদমাত্রেরই পূর্ব্বে শাহয়েদ (হয়ত) য়্যাগর (যদি) এই দুইটী অব্যয়ের কোন একটী প্রকাশ বা অপ্রকাশ ভাবে অবশ্যই থাকিবে। এবং ঐ দুইটী অব্যয়ের কোন একটী অব্যয়, অনুজ্ঞা ও বিধি ভিন্ন কোন ক্রিয়াপদের পূর্ব্বে স্থাপিত হইলে সংশয় বুঝাইবে।

### সংশয়ের পদ।

#### ক্যাহনা ধাতু।

| | পুং একবচন | পুং বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় ক্যাহতা | হাম ক্যাহতে |
| অর্থ | যদি আমি কহিতাম | যদি আমরা কহিতাম |
| ২য় পুরুষ | তু ক্যাহতা | আপলোগ ক্যাহতে |
| অর্থ | যদি তুমি কহিতে | যদি আপনারা কহিতেন |
| ৩য় পুরুষ | উয়োঃ ক্যাহতা | অয় ক্যাহতেঁ |
| অর্থ | যদি সে কহিত | যদি তাঁহারা কহিতেন |

| | স্ত্রী একবচন | স্ত্রী বহুবচন, সম্ভ্রম |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় ক্যাহতী | হাম ক্যাহতীঁ |
| অর্থ | যদি আমি কহিতাম | যদি আমরা কহিতাম |
| ২য় পুরুষ | তু ক্যাহতী | তোম ক্যাহতী |
| অর্থ | যদি তুমি কহিতে | যদি তোমরা কহিতে |
| ৩য় পুরুষ | উয়োঃ ক্যাহতী | অয় ক্যাহতীঁ |
| অর্থ | যদি সে কহিত | যদি তাহারা কহিত |

না-রহিত ধাতুর উত্তর আযোগ করিলে ক্রিয়াবাচক বিশেষ্য হয়, তাহা ভাববাচ্য প্রকরণে দ্রষ্টব্য। ঐরূপ বিশেষ্যের উত্তর র‍্যাহনা ধাতুর কোন কোন পদ এবং থাকে, এই অর্থে হো, এই বিভক্তি-সূচক শব্দ সন্নিবেশিত হইলেও যৌগিকরূপে সংশয়ার্থ প্রকাশ করে। যথা, ওনকে দেখনেমে কুচ খ্যাতা ওয়াকা হুয়াহো, অর্থাৎ যদি তাঁহার দেখাতে কোন দোষ হইয়া থাকে। উয়োঃ সোহো কিয়াহো, অর্থাৎ যদি সে ভুল করিয়া থাকে'। শাইয়েদ ফোরসৎ নেহি মেলিহো। পায়া রহো লে আও, অর্থাৎ যদি পাইয়া থাক লইয়া আইস। ইত্যাদি।

নিষেধ।

উর্দূ ভাষায় নেহি, মৎ, ন্য, এই তিনটী নিষেধার্থক শব্দ ক্রিয়ায় যুক্ত হইয়া নিষেধ অর্থ প্রকাশ করে। নেহিঁ, শব্দ প্রায় সর্ব্বকালে সর্ব্বপ্রকার ক্রিয়াপদের, এবং মৎ, এই শব্দ কেবল অনুজ্ঞা ও বিধির দ্বিতীয়পুরুষের ক্রিয়ার পূর্ব্বে বা পরে প্রয়োগ হয়। আর বর্ত্তমান নিত্যপ্রবৃত্ত, অতীত অদ্যতন, নিত্যপ্রবৃত্ত ও অনিশ্চয় এবং সংশয় ও ভবিষ্যৎ এই সকল কালোৎপন্ন ক্রিয়াপদের এবং ক্রিয়াবাচক বিশেষ্য পদের ও কখন কখন অনুজ্ঞার পূর্ব্বে নিষেধার্থক ন্য, প্রয়োগ হইয়া থাকে। নেহিঁ যোগে যথা, নেহি দেখতাহোঁ—দেখতাহোঁ নেহিঁ। নেহিঁ কিয়া, কিয়া নেহিঁ। নেহিঁ ক্যরেগা, ক্যরেগা নেহিঁ। নেহিঁ ক্যর-সেকতীথী, ক্যর-সেকতীথী নেহিঁ। নেহিঁ ঘবরাও, ঘবরাও নেহিঁ। মৎযোগে যথা; মৎ খাও, খাও মৎ। মৎ খাইও, প্যাঢ়িও মৎ। ন্যযোগে যথা, ন্য ক্যরোঁ। ন্য খায়া। ন্য ডোলতে। ন্য গ্যয়িহোগী। ন্য জানা ন্য দেনা। ইত্যাদি।

নিষেধার্থক ন্য, যে স্থলে অনুজ্ঞা ক্রিয়াপদের অন্তে থাকিবে তথায় নিষেধ বোধ না হইয়া কাকুস্বরে স্বরূপার্থই বোধ হইবে। যথা, দেও ন্য, ক্যরো ন্য, প্যঢ়ো ন্য, অর্থাৎ দেও, কর, পড়।

নিষেধার্থক নেহিঁ, বর্ত্তমান বিশুদ্ধ সামীপ্য পদের উত্তর স্থিত হইলে, সময়ে সময়ে বিভক্তির শেষাংশ লুপ্ত হয়। যথা, দেতা হ্যায় নেহিঁ- দেতা নেহিঁ। পঢ়তাহোঁ নেঁহি—পঢ়তা নেহিঁ। আতেহেঁ নেহিঁ—আতে নেহিঁ। ইত্যাদি।

এমন কতকগুলি ক্রিয়াবিভক্তি আছে, যে তাহারা স্বয়ংই অর্থ প্রকাশ করিয়া থাকে। লিঙ্গ, বচন ও পুরুষ ভেদে নিম্নে তাহার প্রয়োগ প্রদর্শিত হইতেছে।

বর্ত্তমান।

| | স্ত্রী পুং একবচন | স্ত্রী পুং বহুবচন |
|---|---|---|
| ১ম পুরুষ | ম্যায় হোঁ | হাম হেঁ |
| ” অর্থ | আমি আছি | আমরা আছি |
| ২য় পুরুষ | তু হো | তোম হো |
| অর্থ | তুমি আছ | তোমরা আছ |
| ৩য় পুরুষ | উয়োঃ হ্যায় | অয় হেঁ |
| অর্থ | সে আছে | তাঁহারা আছেন |

অতীত।

| | একবচন | অর্থ | বহুবচন | অর্থ |
|---|---|---|---|---|
| পুং ১ম পুঃ | ম্যায় থা | আমি ছিলাম | হাম থে | আমরা ছিলাম |
| স্ত্রী ১ম পুঃ | ম্যায় থী | | হাম থীঁ | |
| পুং ২য় পুঃ | তু থা | তুমি ছিলে | তোম থা | তোমরা ছিলে |
| স্ত্রী ২য় পুঃ | তু থী | | তোম থী | |
| পুং ৩য় পুঃ | উয়োঃ থা | সে ছিল | অয় থে | তাঁহারা ছিলেন |
| স্ত্রী ৩য় পুঃ | উয়োঃ থী | | অয় থীঁ | |

---

হোয়, ইহার পরিবর্ত্তে হো, সর্ব্বদা ব্যবহার হইয়া থাকে। যথা, চাহতাথা কে কব শামহো। য্যাগর য্যায়সা হো তো মেরি খাতের জমাহো। আর হুয়া, হুয়ী, স্থানে ইতর-ভাষায় ভ্যায়া ভ্যায়ীও ব্যবহার হয়।

# যৌগিক ধাতু।

ক্যরনা, হোনা, লেনা, ল্যগানা, পানা, আনা, দেনা, র্যহ্‌না ও খানা ইত্যাদি প্রকারের কতকগুলি ধাতু বিশেষ্যের উত্তরে স্থিত হইয়া বিশেষ্য(১)সহযোগে ক্রিয়ার অর্থ প্রকাশ করে, এবং ঐ উত্তরস্থ ধাতু পৃথক্ অবস্থায় যেরূপে সাধিত হইত, সেইরূপেই বিশেষ্য সহ সাধিত হইয়া থাকে। পূর্ব্বস্থিত বিশেষ্য শব্দের রূপান্তর হয় না। শিক্ষার্থিগণের শিক্ষার সুগমজন্য ঐরূপ কতকগুলি প্রচলিত যৌগিক ধাতু অর্থ সহ প্রদর্শিত হইতেছে।

| যৌগিক ধাতু | অর্থ | যৌগিক ধাতু | অর্থ |
|---|---|---|---|
| আদা-ক্যরনা | আদায়করা | খাড়া-ক্যরনা | দণ্ডায়মানকরা |
| আন্দেশা-ক্যরনা | চিন্তাকরা | খোশ-ক্যরনা | সন্তুষ্টকরা |
| আরাম-ক্যরনা | আরামকরা | গরক্-ক্যরনা | ক্ষতিকরা; ডুবান |
| ইয়াদ-ক্যরনা | স্মরণকরা | গরম-ক্যরনা | উত্তপ্তকরা |
| ইয়াতবার-ক্যরনা | বিশ্বাসকরা | জমা-ক্যরনা | একত্রিতকরা |
| এমতাহাম-ক্যরনা | পরীক্ষাকরা | জারী-ক্যরনা | প্রচারকরা |
| ওজর-ক্যরনা | আপত্তিকরা | তলাশ-ক্যরনা | অনুসন্ধানকরা |
| কজিয়া-ক্যরনা | বিবাদকরা | তারীফ্-ক্যরনা | প্রশংসাকরা |
| করজ্-ক্যরনা | ঋণকরা | ত্যায়-ক্যরনা | সমাধাকরা |
| কাহিলী-ক্যরনা | শৈথিল্যকরা | তেইয়ার-ক্যরনা | প্রস্তুতকরা |
| কোশশ-ক্যরনা | চেষ্টাকরা | দরীয়াফ্‌ত-ক্যরনা | বোধকরা |
| খরীদ-ক্যরনা | ক্রয়করা | নক্‌শ-ক্যরনা | চিত্রকরা |
| খাহেশ-ক্যরনা | ইচ্ছাকরা | পরহেজ-ক্যরনা | নিয়মপালনকরা |

(১) অযৌগিক ক্রিয়াবাচক বিশেষ্য (যাহার লক্ষণ পরে লিখিত হইয়াছে), তাহাও সাধারণ বিশেষ্যবৎ যৌগিক ধাতুতে ব্যবহৃত হয়। যথা, সোনা-ক্যরনা, পিয়া-ক্যরনা, ইত্যাদি।

| যৌগিকধাতু | অর্থ |
|---|---|
| প্যায়দা-ক্যরনা। | উৎপাদনকরা। |
| পেশাব-ক্যরনা। | প্রস্রাবকরা। |
| পসন্দ-কারনা। | মনোনীতকরা। |
| ফসাদ-কারনা। | বিরোধকরা। |
| বেজার-কারনা। | বিরক্ত করা। |
| মকর-ক্যরনা। | ভণ্ডামী করা। |
| মলাকাত-ক্যরনা। | সাক্ষাৎকরা। |
| মলামত-ক্যরনা। | অনুযোগ করা। |
| মালুম-ক্যরনা। | অনুভব করা। |
| মোকররর ক্যরনা। | নিয়োগকরা। |
| লালচ ক্যরনা। | লোভ করা। |
| রওশন-কারনা। | প্রদীপ্ত করা। |
| রুজু-ক্যরনা। | উত্থাপন করা। |
| সাবর-ক্যরনা। | ধৈর্য্য করা। |
| সেয়ী-করনা। | যত্ন করা। |
| শোর-ক্যরনা। | কলহ করা। |
| শোবে-ক্যরনা। | সন্দেহ করা। |
| সাফ-ক্যরনা। | পরিষ্কার করা। |
| হাজির-করনা। | উপস্থিত করা। |

---

| | |
|---|---|
| আজুরদা-হোনা। | অসুখী হওয়া। |
| আসুদা-হোনা। | পরিতৃপ্ত হওয়া। |
| খাড়া-হোনা। | দণ্ডায়মান হওয়া। |
| খোশ-হোনা। | সন্তুষ্ট হওয়া। |
| গ্যরম-হোনা। | উত্তপ্ত হওয়া। |

| যৌগিকধাতু | অর্থ |
|---|---|
| জমা-হোনা। | একত্রিত হওয়া। |
| পসন্দ-হোনা। | মনোনীত হওয়া। |
| প্যায়দা-হোনা। | উৎপন্ন হওয়া। |
| বেকরার-হোনা। | অস্থির হওয়া। |
| বেজার-হোনা। | বিরক্ত হওয়া। |
| হ্যায়রান-হোনা। | ক্লিষ্ট হওয়া। |
| হাসল-হোনা। | সফল হওয়া। |
| সাফ-হোনা। | পরিষ্কার হওয়া। |
| মোকররর-হোনা। | নিযুক্ত হওয়া। |

---

| | |
|---|---|
| মোল-লেনা। | ক্রয় করা। |
| দেল-লগানা। | মন লাগান |
| তসদীয়া-পানা। | কষ্ট পাওয়া। |
| দোখ-পানা। | দুঃখ পাওয়া। |
| নিদ-জানা। | নিদ্রা যাওয়া। |
| বাহর-আনা। | বাহিরে আসা। |
| দম-দেনা। | ফাকি দেওয়া। |
| পীঠ-দেনা। | পলায়ন করা। |
| দেলাসা-দেনা। | ভরসা দেওয়া। |
| ওরগলানী-দেনা। | কুমন্ত্রণাদেওয়া। |
| চোপ-র‍্যহনা। | চুপকরিয়া থাকা। |
| থক-জানা। | অক্ষম হওয়া। |
| গম-খানা। | অনুতাপ করা। |
| টাক্কর-খানা। | হোঁছট খাওয়া। |
| তশরীফ-ফরমানা। | শুভাগমন করা। |
| ঝাড়া-ফেরনা। | বহির্দেশে যাওয়া। |

## যৌগিক ধাতু।—শুরু ক্যরনা।

| পুরুষ | বর্ত্তমান: বিশুদ্ধ ও সামীপ্য | বর্ত্তমান: নিত্যপ্রবৃত্ত | অতীত: অদ্যতন | অতীত: অনদ্যতন | অতীত: পরোক্ষ | অতীত: নিত্যপ্রবৃত্ত | অতীত: অসম্পন্ন | অতীত: অনিশ্চয় | ভবিষ্যৎ | অনুজ্ঞা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পুং প্রথম | শুরু-ক্যরতাহোঁ | শুরু-ক্যরেঁ। | শুরু-কিয়া | শুরু-কিয়াহেঁ। | শুরু-কিয়াথা | শুরু-ক্যবতা | শুরু-ক্যরতাথা | শুরু-কিয়াহোগা | শুরু-ক্যরোঙ্গা | শুরু-ক্যরেঁ। |
| পুং দ্বিতীয় | শুরু-ক্যরতেহো | শুরু-করো | শুরু-কিয়া | শুরু-কিয়েহো | শুরু-কিয়াথা | শুরু-ক্যরতা | শুরু-ক্যবতাথা | শুরু-কিয়াহোগা | শুরু-ক্যরোগে | শুরুক্যরো, শুরুকিজিয়ে শুরু ক্যর |
| পুং তৃতীয় | শুরু-ক্যরতাহ্যায় | শুরু-কারে | শুরু-কিয়া | শুরু-কিয়াহ্যায় | শুরু-কিয়াথা | শুরু-ক্যবতা | শুরু-ক্যবতাথা | শুরু-কিয়াহোগা | শুরু-ক্যরেগা | শুরু-ক্যবে |
| পুং বহু সম্ভ্রম | শুরু-ক্যরতেহেঁ | শুরু-করে | শুরু-কিয়ে | শুরু-কিয়েহেঁ | শুরু-কিয়েথেঁ | শুরু-ক্যরতেঁ | শুরু-ক্যরতেথেঁ | শুরু-কিয়েহোঙ্গে | শুরু-ক্যরেঙ্গে | শুরু-ক্যবেঁ |
| স্ত্রী ১ম | শুরু-ক্যবতীহোঁ | শুরু-ক্যরেঁ। | শুরু-কিয়ী | শুরু-কিয়ীহেঁ। | শুরু-কিয়ীথী | শুরু-ক্যবতী | শুরু-কারতীথী | শুরু-কিয়িহোগী | শুরু-ক্যরোঙ্গী | শুরু-কাবেঁ। |
| ২য় | শুরু-ক্যরতীহো | শুরু-ক্যবো | শুরু-কিয়ী | শুরু-কিয়ীহো | শুরু-কিয়িথী | শুরু-ক্যরতী | শুরু-কারতীথী | শুরু-কিয়িহোগী | শুরু-ক্যবোগী | শুরু-ক্যরো। |
| ৩য় | শুরু-ক্যবতীহ্যায় | শুরু-কাবে | শুরু-কিয়ী | শুরু-কিয়ীহ্যায় | শুরু-কিয়িথী | শুরু-ক্যরতী | শুরু-ক্যরতীথী | শুরু-কিয়িহোগ | শুরু-ক্যবেগী | শুরু-ক্যরে |
| স্ত্রী বহু সম্ভ্রম | শুরু-ক্যরতীহেঁ | শুরু-করব | শুরু-কিয়ীঁ | শুরু-কিয়ীহেঁ | শুরু-কিয়িথীঁ | শুরু-ক্যরতীঁ | শুরু-কাবতীথীঁ | শুরু-কিয়িহোঙ্গ | শুরু-ক্যরেঙ্গী | শুরু-ক্যবেঁ |

উর্দু ভাষায় কেবল না-রহিত ধাতু, এবং না-রহিত ধাতুর উত্তর কে, ক্যর, (১) তে, যোগে সাধারণতঃ অসমাপিকা ক্রিয়া হয়। না-রহিতে যথা, খা-গ্যায়া, খাইয়া গেল। রো-দিয়া, কেঁদে ফেলিল। লেখ-লিয়াথা, লিখিয়া লইয়াছিল। ডোবা-দেতাথা, ডুবাইয়া দিতেছিল। ইত্যাদি। কে, ক্যর, তে, যোগে যথা; দেখ-কে, দেখিয়া; দেলা-কে, দেওয়াইয়া; সো-কে, শয়ন করিয়া; খা-পীকে, ভোজনপান করিয়া। জান-ক্যর, জানিয়া; জান-সোনক্যর, জানিয়া শুনিয়া; খেলা-ক্যর, খাওয়াইয়া। আ-তে আ-তে, আসিতে আসিতে; জা-তে জা-তে, যাইতে যাইতে। ক্যহতেহি, কহিতেই; সোনতেহি, শুনিতেই। লেখতে-র‍্যহো, লিখিতে থাক; দেতে জাও, দিতে থাক। বেদার হোতে খাবগাহমে গ্যায়া, জাগিয়া শয়নাগারে গেল। ইত্যাদি।

না-যুক্ত ধাতুর অন্তেস্থিত আকারের পরিবর্ত্তে একার হইয়া প্রকারান্তরে অসমাপিকা ক্রিয়া হয়। যথা, খানে ব্যায়েঠা, খাইতে বসিল। জানে-চাহে, যাইতে চায়। দেনে-

(১) না-রহিত ক্যরনা ধাতুর উত্তর, ক্যর, ও কে, এই বিভক্তি যোগে, ক্যরক্যর, ও ক্যরকে, অর্থাৎ করিয়া এই অর্থে অসমাপিকার দুইটী পদ হয়; ঐ অসমাপিকার পদ দুইটী অন্য না-রহিত ধাতুর উত্তর যুক্ত হইয়া অসমাপিকার বিভক্তি রূপেও পরিগণিত হইয়া থাকে। যথা—খা-ক্যরক্যর, খা-ক্যরকে, খাওয়া করিয়া অর্থাৎ খাইয়া। লে-ক্যরক্যর, লে-ক্যরকে, লইয়া ইত্যাদি।

হোগা, দিতে হইবে। লেনে-প্যড়া, লইতে হইল। ফেরানে-ক্যহো, ফিরাইতে বল। ইত্যাদি।

না-যুক্ত ধাতুর অন্তেস্থিত আকারের পরিবর্ত্তে একার হইয়া তদুত্তরে সে, প্রত্যয় যোগে অন্যবিধ অসমাপিকা হয়। যথা, ম্যায় খানেসে উয়োঃ খাওয়েগা, আমি খাইলে সে খাইবে। খরচ পঁওছনেসে মেলেগা, খরচ পৌঁছিলে পাইবে। তোম জানেসে, হো-সেকতাথা, তুমি যাইলে হইতে পারিত, ইত্যাদি।

না-রহিত ধাতু এ যোগেও অসমাপিকা হইয়া থাকে। (১) যথা, র্যপটে র্যপটে হায়রান হুয়া। ব্যায়ঠে ব্যায়ঠে বেজার ল্যগা। দস ব্যজে আওয়েঙ্গে। অন্যত্র। বে খায়ে, না খাইয়া, বে সোয়ে, না শয়ন করিয়া। পুনরুদাহরণ—নদীকেনারে বগলা ব্যায়েঠে চোন্ চোন্ মছলী খায়। শিংহী মছলী কাঁটা মারে তড়পতড়পকে জায়। সওদা জাহাঁমে আকে কোয়ী কুচ ন্য লেচলা। জাতাহোঁ এক ম্যায় দেল পোর আরজো লিয়ে।

না-রহিত ধাতুর উত্তর তে, যোগে অসমাপিকা হয়, পূর্ব্বে তাহা লিখিত হইয়াছে। তদ্ভিন্ন না-রহিত ধাতুর উত্তর তা, তাহুয়া, এই দুই বিভক্তি যোগেও একরূপ অসমাপিকা ক্রিয়া হইয়া থাকে এবং তদুত্তরস্থিত সমাপিকা ক্রিয়া অনুসারে তাহারি লিঙ্গ, বচন হয়।

---

(১) ক্যরনা, দেনা, লেনা, হোনা, এ কয়েকটী ধাতু অসমাপিকার এ, যোগে কি, দি, লি, হু, হইলে।

## তা-যোগে

| পুং একবচন | অর্থ | পুং বহুবচন, সম্ভ্রম | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| হোতা-র‍্যহা, | হইতে থাকিল। | হোতে-র‍্যহে। | হোতী-র‍্যহী। |
| জাতা-র‍্যহা, | যাইতে লাগিল। | জাতে-র‍্যহে। | জাতী-র‍্যহী। |
| হোতা-হোগা, | হইতে থাকিবে। | হোতে-হোঙ্গে। | হোতী-হোগী। |
| আতাজাতাহোগা, | আসিতে যাইতে থাকিবে। | আতেজাতেহোঙ্গে। | আতীজাতীহোগী। |

## তাহুয়া-যোগে

| পুং একবচন | অর্থ | পুং বহুবচন | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| খাতাহুয়া-চ্যলা, | খাইতে২ চলিল, | খাতেহুয়ে-চ্যলে, | খাতীহুয়ী চ্যলী |
| মারতাহুয়াদওড়া, | মারিতে২দৌড়িল, | মারতেহুয়েদওড়ে, | মারতীহুয়ীদওড়ী |
| রোতাহুয়া-আয়া, | কাঁদিতে২আসিল, | রোতেহুয়ে-আয়ে, | রোতীহুয়ীআয়ী |
| দেখতাহুয়া-ফেরতা, | দেখিতে২ফিরিল | দেখতেহুয়েফেরতে, | দেখতীহুয়ীফেরতী |

---

বাক্যের অন্তর্গত কোন একটী পদ, বহুবচনজন্য, কি বিভক্তিগত, কি অব্যয়গত জন্য যে কোনরূপে একারান্ত থাকিলে বাক্যস্থ আকারান্ত সমস্ত পদই একারান্ত হইবে। যথা, হাম দোঁনো গপক্যরতে হুয়ে এতে বড়ে ব্যস্তে ত্যায়কিয়ে। অয় হানারে পিছে হোকে জ্যায়সে২ সোনতে র‍্যহে, ত্যায়সে২ জওয়াবেঁ দেতেপে।

# বাচ্য-প্রকরণ।

## ভাববাচ্য।

না-যুক্ত ধাতু, এবং না-রহিত ধাতু আকার-যুক্ত হইয়া, ভাববাচ্যে ক্রিয়াবাচক বিশেষ্য হয়। না-যুক্তে যথা, রোনা আয়া, রোদন আসিল। প্যঢ়না শুরু কিয়া, পড়া আরম্ভ করিল। দেখ্‌না চাহিয়ে, দেখান চাই। না-রহিতে আকার-যোগে যথা, আয়াজায়া ক্যরতা, আসাযাওয়া করিত। খেলায়া গ্যায়া, খাওয়ান গেল। তওলা জাতা হ্যায়, তওলান যাইতেছে। সোনা জাতাথা, শুনা যাইতেছিল। দিয়া জাওয়েগা(১), দেওয়া যাইবে। লেজায়া ক্যরতা, লইয়া যাওয়া করিত, ইত্যাদি।

কোন কোন স্থলে কেবল না-রহিত ধাতুও ভাববাচ্যের কার্য্য করে। যথা, আটক, নাচ, জোড়, ঠ্যহর, ডর, তওল, লুট, মার, সমঝ, খেল, ইত্যাদি। উদাহরণ। তোম জোড় ন্য দেনেসে আটক র্যহেগা নেঁহি। মেরা ঠ্যহরমে তওল কম মালুম হোতাহ্যায়। ডর মারকী নৈহি র্যখতেহো। ইয়েঃ কেয়া লুট হ্যায়। আপকি সমঝমে মালুম নেঁহি হোতা হ্যায়। ইত্যাদি।

শব্দরূপের ন্যায় ক্রিয়াবাচক বিশেষ্যের (২) উত্তরও কারকের বিভক্তি যোগ হয় ও তত্তদর্থ সম্পাদন করে।

---

(১) ক্যরনা, দেনা, মরনা, ও লেনা ধাতুস্থলে পূর্ব্বোক্ত নিয়মানুসারে কি, দি, মু, এবং লি, হয়।

(২) ভাববাচ্যে আ-যৌগিক ক্রিয়াবাচক বিশেষ্যের উত্তর কারকের বিভক্তি যুক্ত হয় না।

কিন্তু কর্ম্মকারকের 'কো' (১) নিমিত্তার্থবোধক হয়, কর্ম্ম-বোধক হয় না। পূর্ব্ব নিয়ম (যাবতীয় আকারান্ত প্রকৃতি বিভক্তি-যোগ-কালে একারান্ত হয়) অনুসারে অন্তেস্থিত আকারের পরিবর্ত্তে একার হইয়া বিভক্তি যোগ হয়। যথা, মারনেসে ধমকানা আচ্ছা হ্যায়। খানেকী চীজ্ নেহি। বেচনেমে কেয়া ফায়দা। ফেরনেকো গ্যায়া। দেখনেকো আয়া, ইত্যাদি।

ভাববাচ্যে নিজন্ত (না-রহিত) ধাতুর উত্তর ই, এই বিভক্তিও ব্যবহার হয়। যথা, সেলানা সেলাই। খেলানা খেলাই। পেলানা পেলাই। ধোলানা ধোলাই। রঙ্গানা রঙ্গাই। ছাঁটানা ছাঁটাই। পেসানা পেসাই। পরখানা পরখাই।

না-রহিত ধাতু আকার-যোগে যে ক্রিয়াবাচক বিশেষ্য হয়, প্রায় তাহার উত্তর, সচরাচর জানা-ধাতুর পদ যুক্ত হইয়া যৌগিক ধাতুর ন্যায় পদ সাধিত হইয়া থাকে। যথা, দিয়া জাতাহ্যায়। কিয়াজায়। ঢুঁড়াগ্যায়া। পায়াগ্যায়াহ্যায়। লিয়াগ্যায়াথা। লেখাজাতা। মারাজাতাথা। দেখায়াগ্যায়া-হোগা। বোলাজাওয়েগা। ফেঁকাজাসেকতাহ্যায়। ডালা-জায়।

ভাববাচ্যে না-রহিত ধাতু আকারযোগে যে বিশেষ্য হয়, পূর্ব্বকৃত-নিয়মানুসারে, বহুবচনে, তাহার আকারের পরিবর্ত্তে একার এবং স্ত্রীলিঙ্গে ঈকার হইবে। যথা, রূপিয়ে গেনে-

---

(১) কো, বিভক্তি সংজ্ঞাবাচক স্থলেও নিমিত্তার্থবোধক হয়। যথা, ওনকী লাকাতকো গ্যায়ে।

গ্যায়ে। পোশাকেঁ চোনীগ্যায়ীঁ। ইয়েঃ বাতেঁ ওনহোঁসে পায়ী জাতীহেঁ ইত্যাদি।

ঐরূপ ভাববাচ্যের কতকগুলি পদ লিঙ্গ ও বচন-ভেদে নিম্নে প্রদর্শিত হইল।

| পুং একবচন | পুং বহুবচন। | স্ত্রী একচবন | স্ত্রী বহুবচন |
|---|---|---|---|
| সোনাগ্যায়া, | সোনে গ্যায়ে, | সোনীগ্যায়ী, | সোনীগ্যায়ীঁ |
| লায়াগ্যায়াথা, | লায়েগ্যায়েথে, | লায়ীগ্যায়ীথী, | লায়ীগ্যায়ীথীঁ |
| প্যাঢ়াজাতাথা, | প্যাঢ়েজাতেথে, | প্যাঢ়ীজাতীথী, | প্যাঢ়ীজাতীথীঁ |
| ভেজাগ্যায়াহোগা, | ভেজেগ্যায়েহোঙ্গে, | ভেজীগ্যায়ীহোগী, | ভেজীগ্যায়ীহোঙ্গী |
| ফাড়াজাতাহ্যায়, | ফাড়েজাতেহেঁ, | ফাড়ীজাতীহ্যায়, | ফাড়ীজাতীহেঁ |
| ওঠায়াজাওয়েগা, | ওঠায়েজাওয়েঙ্গে | ওঠায়ীজাওয়েগী, | ওঠায়ীজাওয়েঙ্গী |

নাযুক্ত ক্রিয়াবাচক বিশেষ্য স্থলভেদে অনুজ্ঞা ক্রিয়ার অর্থ প্রকাশ করে। যথা, ইয়েঃ কাম ন্যা করনা, এ কার্য্য করিবে না। দস ব্যজে হাজর হোনা, দশ বাজিলে হাজির হইবে। অপর আযৌগিক ক্রিয়া-বাচক বিশেষ্য কখন অসমাপিকাবোধকও হয়। যথা, আফ্‌তাব নেকলাচাহতেহেঁ, সূর্য্যদেব বাহির হইতে চাহিতেছেন। হোসেনি বিবি আয়াচাহতীহ্যায় হোসেনি বিবি আসিতে চাহিতেছেন. ইত্যাদি।

## কর্তৃবাচ্য

না-যুক্ত ধাতুর অন্তোস্থত আকারের পরিবর্ত্তে একার হইয়া তদুত্তর, কর্তৃবাচ্যে পুংলিঙ্গের একবচনে ওয়ালা, (পূর্ব্ব-কৃত নিয়মক্রমে বহুবচনে ওয়ালে, এবং স্ত্রীলিঙ্গে একবচনে ওয়ালী, বহুবচনে ওয়ালীয়াঁ;) এই সকল বিভক্তি যুক্ত হয়। এইরূপ পদ কর্ত্তার বিশেষণ হইয়া থাকে। যথা—

| ধাতু | পুং একবচন | বহুবচন। | স্ত্রী একবচন | বহুবচন। |
|---|---|---|---|---|
| নাচনা, | নাচনেওয়ালা, | নাচনেওয়ালে, | নাচনেওয়ালী, | নাচনেওয়ালীয়াঁ। |
| দেখনা, | দেখনেওয়ালা, | দেখনেওয়ালে, | দেখনেওয়ালী, | দেখনেওয়ালীয়াঁ। |
| খানা, | খানেওয়ালা, | খানেওয়ালে, | খানেওয়ালী, | খানেওয়ালীয়াঁ। |
| বেচনা, | বেচনেওয়ালা, | বেচনেওয়ালে, | বেচনেওয়ালী, | বেচনেওয়ালীয়াঁ। |

কারকের বিভক্তি-যোগে কর্ত্তৃকারকের বহুবচনে পুংলিঙ্গে ওয়ালোঁ, স্ত্রীলিঙ্গে ওয়ালীয়োঁ। এইমত পদ হইবে।

## কর্ম্মবাচ্য।

না-রহিত ধাতু আকারযুক্ত হইয়া তদুত্তরে হুয়াযোগে কর্ম্মবাচ্যের পদ হয়, এবং কর্ম্মের বিশেষণ বুঝায়। ঐ হুয়া শব্দ কখন কখন লুপ্তও থাকে। এবং কর্ম্মকারকের লিঙ্গ-বচনানুসারে ঐ সকল পদেরও লিঙ্গ-বচন হয়। যথা, প্যঢ়া-হুয়া, পঠিত। দেখাহুয়া, দৃষ্ট। পীয়া-হুয়া, পীত। কিয়া-হুয়া, কৃত। দিয়াহুয়া, দত্ত। লিয়াহুয়া, গৃহীত। ইত্যাদি। হুয়ালোপে যথা, মেরা ব্যনায়া অর্থাৎ মেরা ব্যনায়াহুয়া।

| ধাতু | পুং একবচন | বহুবচন। | স্ত্রী একবচন | বহুবচন। |
|---|---|---|---|---|
| লেখনা, | লেখাহুয়া, | লেখেহুয়ে, | লেখীহুয়ী, | লেখীহুয়ীঁ |
| ভেজনা, | ভেজাহুয়া, | ভেজেহুয়ে, | ভেজীহুয়ী, | ভেজীহুয়ীঁ |
| সোননা, | সোনাহুয়া, | সোনেহুয়ে, | সোনীহুয়ী, | সোনীহুয়ীঁ |
| সেখানা, | সেখায়াহুয়া, | সেখায়েহুয়ে, | সেখায়ীহুয়ী, | সেখায়ীহুয়ীঁ |

---

না-রহিত ধাতুর উত্তর তা যোগ হইয়াও কুচিৎ কর্ত্তার বিশেষণ হয়। যথা, সোতা আদমী, শয়ান ব্যক্তি। জাগতা, জাগরিত ইত্যাদি।

# অব্যয়।

বঙ্গভাষার ন্যায় উর্দূতে অব্যয়সূচক অনেকানেক শব্দ আছে। তাহা অর্থসহ শ্রেণীবদ্ধ ক্রমে উদাহরণাদি-প্রয়োগ-সম্বলিত নিম্নে লিখিত হইল।

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| অন্দর, দরমিয়ান্, বীচ, ভিতর | মধ্যে | রামসহায়,তোমহারা কেতাব দালানকে অন্দর, বাক্সকে দরমিয়ান হ্যায়, লে আও। |
| য়্যাগর, য়্যাগরচে, জও | যদি,যদিচ | য়্যাগর ওহাঁ ন্য রহে, কোঠরীকে ভিতর দেখো, য়্যাগরচে বাঙ্গলা বহী ন্য মেলে, তো খালি উর্দূ কেতাব লায়িও। |
| আওর, আওরভি | আর,আরও | উর্দূ কেতাব আওর বাঙ্গলা বহী একহি জেগামে হ্যায়। |
| আকসর | সচরাচর | তোম আকসর ইসি তরহসে কেতাব আপ্নী এধর ওধর ফেঁক র্যাখতে হো। |
| আখের | পরিশেষ | আখের ঢুঁড়কে ফেরতে হো। |
| আগলব, একীন | নিশ্চয় | আগলব কোয়ী লেগায়া হোগা, একীন চোরী গ্যায়ী হোগী। |
| আগলে | পূর্ব্বে | আগলে মেহিনেমে একদফা কেয়ী কেতাবেঁ খো ডালে হো। |
| আগে, কবল | অগ্রে | কবল হিন্দী কেতাব তলাশ ক্যরো, আওর মেরে আগে লে আও। |
| আচানক | অকস্মাৎ | কেয়া তোম গের প্যাড়ে, আচানক কেঁওক্যর গেরপ্যাড়ে, দেখ্‌তে নেকলা নেহি। |

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| আচ্ছা, খ্যায়ের | আচ্ছা, ভাল | খ্যায়ের হিঁয়া আও। আজব বেহোশ ল্যাড়কে হো, তোমহারা হাল দেখ ক্যর তাজ্জব মালুম হোতা হ্যায়। |
| আজব, তাজ্জব | আশ্চর্য্য | |
| আলবৎ, আলবত্তা | অবশ্যই | দেখো আলবৎ কেতাবেঁ ওহি ঘরমে। হোঙ্গী। |
| আলগ | পৃথক্ | আজসে তোমহারী চীজেঁ আলগ র‍্যখিও। |
| আলাওয়া | ভিন্ন | আলাওয়া কোঠরীমে এক তালা ল্যগায়িও। |
| আহেস্তা | ধীরে, শনৈঃ২ | আহেসতা এধর আ। |
| ই, হি* | ই | মৌলবী সাহেব আইয়ে, বহুত দেন আপসে মলাকাতই নেহিঁ, আওয়াজ্ সোনতেহি মালুম কিয়া কে, মৌলবী সাহেব আতেহেঁ। |
| ইয়া, ইয়াকে | কিংবা | কিশতিমে আনাহুয়া, ইয়া গাড়ীমে। |
| ইয়ানে | অর্থাৎ | খাঁ সাহেবনে এনতেকাল কিয়া, ইয়ানে ফওত কিয়ী। |
| একনও | একপ্রকার | খাঁ সাহেব এক নও আদমী আচ্ছেথে |
| একবারগী / এককাঠ্‌ঠা | একত্র / একেবারে | এককাঠ্‌ঠা আপকে সাত হিঁয়া আতে জাতে, একবারগী তামামহোগ্যায়া। |

* যাবতীয় স্বরান্ত প্রকৃতির উত্তর হি, এবং হসন্ত প্রকৃতির উত্তর হি, ই উভয়ই প্রয়োগ হয়।

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| এত্তেফাকন | হঠাৎ | পরসাল হোলীকে ওয়াক্ত ওনুনে এত্তেফাকন ইহাঁ আকে বহত খুশী-খোরুরমী কিয়ীথী। |
| এনদেনো | ইদানীং | এনদেনো এধর নেহি আয়েথে। |
| এলাকা.সোরোকার | সম্বন্ধ.সংস্রব | খুঁ। সাহেবকা দ্যানসে আপকা কুচ সোরোকার নেহি হোগা। নেহি, কুচ এলাকা নেহিঁ। |
| ও | এবং, ও | মুনশী সাহেব আওর বাবুসন্তু-দয়াল ও বাবু শুমেরচন্দ রাজাসাহে-বসে মলাকাতকে লিয়ে আয়েথে। |
| ওয়াস্তে, লিয়ে | নিমিত্ত | |
| ওগ্যায়রা | ইত্যাদি,প্রভৃতি | বহতেঁ নেঠাই, পেড়া ওগ্যায়রা সওগাত নজরকে ওয়াস্তে লায়েথে, |
| ওরনা, নেহিঁতো | নচেৎ,নতুবা | ম্যায়নে বহুতসী তদ্বীর কিয়ীথী, ওরনা মলাকাত হোনী দোশ-ওয়ার থী, দেওয়ান সাহেবনে ভি বহত.কোশশ কিয়ীথী, নেহিঁ তো কাম নেহিঁ ব্যনতা। |
| করীব, আনকরীব | নিকট, প্রায় | আনকরীব দো তিন হাজার রুপে-য়েকী রেশমী পশমীক্যপড়ে আওর করীব পান সও রুপেয়েকী চীজেঁ লে আয়েথে। |
| কিসী | কোন | রাজা সাহেবনে কিসী চীজকো |

নে, কো, কে, তৈঁই, সে, কা, পর, মে, ইত্যাদি কারকের বিভক্তি ও অন্যান্য ক্রিয়ার বিভক্তি অব্যয়স্বরূপে পরিগণিত।

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| কাহে, কেওঁ | কিনিমিত্ত | বেহতর ন্য ঠহারা, আপ্ন্যা এক বন্দূক্ কো,কেওঁ,কে উয়োঃবন্দূক্। |
| কুচ | কোন,কিছু | কুচ আচ্ছীথী। য়্যায়সী খোশ ভওল |
| কে, জো | যে | বন্দূক্ কেভী, কেহিঁ নেহিঁ দেখী। |
| কেওঁনা | কেননা, | য়্যায়সী সেপাহ কাহাঁ, জো ওসে |
| কেধি,কেভি, কভু | কখন | সমঝে। |
| কেহিঁ | কোনস্থানে | |
| কেওঁ,কেওঁক্যব, | কেন, কিরূপে | য়্যায়সী চীজ় কেওঁকব পায়ে। |
| খ্সুস,খ্সুসন | বিশেষ,বিশেষতঃ | খ্সুস ব্যড়ী হলকী। |
| খামখা | সহসা | দবওয়ান উয়োঃ বেচারেকো খা-মখা কাহে মারতেহো। ছোড় |
| খাহ | হয়, চায় | দেও, খাহ জায়, খাহ ন্য জায়। |
| চুঁকে,জওঁ জওঁকে, | যেহেতু | চুঁকে উয়োঃ লাচাব হুয়া, জওঁকে উয়োঃ মার খায়া, তওতো গালী দিয়ী। |
| জওঁতওঁ | যেমন তেমন | জওঁতওঁক্যর ওসে সমঝাকে কুচ দেকে বোখ্সত কারো। |
| জরুর | আবশ্যক | ওসে আটকনাকেয়া জরুর থা। |
| জোহো | যাহা হউক | জোহো ফেব কজীয়া ন্য ক্যবো। |
| তও, তওতো, তওভি | তবে,তবেত তবুও | তওভি চেল্লাতে হো। |
| তক, তলক | পর্য্যন্ত | জব তক সবকাব ন্য আওয়ে, তব তলক ওসে দফ্তর খানেকে |
| তলে, নীচে | নিম্নে | নীচে শায়াবানকে তলে ব্যায়ে-ঠনে দেও। |

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| তা, তাকে, | পর্য্যন্ত, যে পর্য্যন্ত | তাকে সরকার ন্য প্যওঁছে, তা শাম ওসে জানে মৎ দেও। |
| তো | তো | সরকার তো আবি প্যওঁছেগা |
| দফায়েত, বারহা, দফায়েতন, মকররর | বারংবার পুনঃ২ | তুঝে বারহা ম্যনা কিয়া, দফায়েত সমঝায়া, তওভি গরীবোঁকো কাহে রোখতেহো। |
| নেপট | নিতান্ত | তোম নেপট নাকারা। |
| নেহায়েত, মহজ, য্যায়েন | অত্যন্ত | মহজ বদ, নেহায়েত খারাব আদমী। |
| নেহিঁ | না | নেহিঁ এধর জা মত। |
| পর | প্রতি, উপর | ওসপর ফের কুচ জোলম ন্য ক্যরো, ওসকে সেরপরসে মটকী ওতারনে, আওর মেরে |
| পাস, নেজদীক, কেনে | নিকট | নেজদীক আনে ক্যহো। |
| পীছে | পশ্চাৎ | সরকার, ছোটে বাবুকে পীছে খাড়া হ্যায়। |
| ফওরন, ফেলফওর, তোরত, জল্দ, জলদী, ঝট | শীঘ্র, ত্বরা | ফওরন ওনকো বোলালাও। ফেলফওর জাও। |
| ফী | প্রতি | সরকার সোনো, উয়োঃ গরীব ফকীরকো চার আনে, আওর ওসকে বেরাদরী তিনোকো ফী নফর দো আনেকে হেসাবসে দেলাদেও। |

---

অব্যয়-সংযুক্ত পদে সম্বন্ধকারকের কে, বিভক্তিই সতত ব্যবহৃত।

| অব্যয় | অর্থ | উদাহরণ |
| --- | --- | --- |
| ফের, বারদিগর | পুনশ্চ, পুনরায় | আওর, দরওয়ানোঁকো ডাঁট দেও কে, বারদিগর গরীবোঁ পর দস্তান্দাজী ন্য ক্যরেঁ। |
| ফেলহাল, বেলফেয়াল | সংপ্রতি | ফেলহাল তোমহারে পাস য়্যাগর কুচ ন্য র‍্যহে, ছোটে বাবুসে লিয়া ক্যরো। |
| ফেলজোমলা, ফেলহকীকত, ফেলওয়াকা | ফলতঃ, বস্তুতঃ, | ফেলহকীকত ওনহেঁ কভু ন্য ফেরায়িও। |
| বদলে | পরিবর্ত্তে | প্যায়সেকে বদলে চাওল দেও |
| বলকে | বরং | বলকে খোরাক মতাবক চাওঁল, আওর প্যায়সা দেলাও। |
| বরোবর | ক্রমাগত,সমান | খাঁনসামা, তু বরোবর সিধা চ্যল্লা জা। |
| বহরস্থরত | সর্ব্বতোভাবে | আওর ফকীরোঁকো বোলালা বহরস্থরত ওনহেঁ সমঝা বুঝাকে ফেরানা। |
| বাদ, বাদহু | অনন্তর,পরে | অয় আনেকে বাদ প্যহলা-দরওয়াজোকে |
| বাহর | বাহিরে | বাহর ব্যায়েঠলাকে হামে খবর দেনা,বাদহু মেরে সামন্থে লানা। |
| বহরহাল | যাহাহউক | বহরহাল তোম ঝট দওড়ো। |
| বাবৎ, নেসবৎ | সম্বন্ধে. | মৌলবীসাহেব, আপ এস নেসবৎমেকেয়া কুচনেহিঁ ক্যহতেহেঁ |
| বাজে | কোন | বাজেফকীর লালচী হোতাহায়। |

অব্যয় মধ্যে লিখিত শব্দ সকলের মধ্যে কতকগুলি অব্যয় স্থলভেদে বিশেষ্য বিশেষণ রূপেও পরিগণিত হয়।

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| বাজে বাজে | কোন কোন | বাজে বাজে য্যায়সে হেঁ, কে, |
| বাওজুদ | সত্ত্বে | বাওজুদ মসীবত, কিসীসে এক কৌড়ী নেহিঁ মাঙ্গতে হেঁ |
| বাহম | পরস্পর | সোনো সরকার, বাহম |
| বেলএত্তেফাক্ | ঐকমত্য | বেলএত্তেফাক্ সবকাম কিজিও |
| বেলা, বগ্যায়ের বিদুন, বে, বেন, মৎ, না, লা | ব্যতীত, নিষেধার্থ | বেলা সবব, বগ্যায়ের মায়না বিদুন তদারক, নাহক্, এক কো বে আন্দাজ্ লাজবান মৎ ক্যহিও। |
| ভ্যর | পর্য্যন্ত | মৌলবী সাহব, মেরী ওমর ভ্যর ম্যায়নে কিসীকো গালী ন্য দিয়া |
| ভী | ও | আপনে ভী ন্য দিয়াহোগা। |
| মওয়াফ্ক | ঐক্য | মেরী আওর আপকী তবী- য়েত বাহম মওয়াফ্ক্ হ্যায়। |
| মত্তসল | সন্নিকট | মেরজা সাহবকী এমারত আ- পকী এমারতকে মত্তসল হোগী |
| মতাবক্, মানন্দ, মাফীক | মত, ন্যায়, অনুসারে | আপকে মতাবক্ উয়োঃ ইমা- ন্দার হেঁ, ওনকে মানন্দ নেক- জাদ আদমী দেখা নেহিঁ। |
| মনাসব, চাহিয়ে, লাজম | উচিত | রামসহায় শাম হুয়ী, ওসমে ব্যায়েঠনা লাজম, আওর মনাসব নেহিঁ। ঘরমে জানা, আওর লড়কোঁ বেরম্ম ক্য- রনা চাহিয়ে। |
| মারফত | সমভিব্যাহারে | খাঁনসামা মারফত বাঙ্গলা উর্দু কেতাবেঁ |
| ম্যায় | সহ | ম্যায় দফ্তর ভেজ দেও। |

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| মারে | নিমিত্ত | ডরকে মারে জা নেহিঁ সেকতে হো, উয়োঃ পালা কোত্তা, কুচ ডর নেহিঁ। |
| মাজেরা | হেতু, তাৎপর্য্য | মৌলবীসাহব,আপকেভাইসে যে এত্তেফাকীকা কেয়া মাজেরা হ্যায়। |
| মেসলন, বজেনসিহি | যেমন, ঠিক, অবিকল | ওস দেন চওকমে ফেরতে ফেরতে এক শখ্‌সকো এক দোকানমে দেখা, বজেনসিহি আপকা ভাই ব্যায়েঠা হ্যায়। |
| মোকররর | নিশ্চয় | ক্যল মোকররর ওসে আপকো দেখাওঙ্গা। |
| মোজাকা | বাধা | ওধর জানেমে কেয়া মোজাকা হ্যায়। |
| মোতলক | এককালে | আপকা ভাই সাহব জব ঘর আওয়েঁ, মোতলক এ খবর নেহি আতে হেঁ |
| মোফত | অমনি | য়্যাগরচে মোফতমে কুচ ক্যমায়ে হেঁ |
| লেকন, আম্মা, এল্লা, ম্যাগর- | কিন্তু | লেকন ওসে কায়েম র্যখনা দোশওয়ার। |
| শাইয়েদ | হয় ত | শাইয়েদ এস মোকদ্দামামে আধা বরবাদ গ্যায়াহোগা তওভী মামেলা ক্যরনেকা |
| সবব, বায়েস | কারণ | কেয়া বায়েস হ্যায়। |

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| সমেত, সঙ্গ, সাত, শামেল, হামরাহ, | সহিত | রামসহায়, ওস্তাদজী আপওঁছেহেঁ, ওনকে সঙ্গ দফ্তর সমেত দরওয়ানকে হামরাহ ঘর জাও। |
| সা (১) | মত, ন্যায় | উয়োঃ কালাসা কওন আদমী খাড়াহ্যায়। |
| সামহ্নে | সম্মুখে | উয়োঃ দোবলীসী আওরত কাঁহে রোতী হ্যায়, ওনহেঁ মেরে সামহ্নে লে আও। |
| সাবক্ | পূর্ব্ব | দরওয়ান, ক্যপড়েওয়ালেকো সাবক্ হেসাব সাত বোলা-লাও, আওর ক্যহ আও, কে, ফরদ মতাবক্ |
| সেওয়া, সেওয়ায় | ব্যতীত | ক্যপড়ে সেওয়ায় দো থান মলমল লে আওয়ে। |
| সেরফ্, খালি, ফোকৃত | কেবল | বংসীগোপাল, রাত দেন, খালি শোরগোল ক্যরোগে, সেরফ্ খেল ক্যর ফেরোগে, এক সায়েত লেখনাপঢ়না ভী তো চাহিয়ে |
| সেহি | ঠিক, ভাল | মুনশীজী আপ পঢ়নে মানা-কিয়া, ইয়েঃ বাত সেহি, |
| হর | প্রতি | হরদেন মৌলবী সাহবকে |

(১) সা, এই অব্যয়টী কেবল পুংলিঙ্গ শব্দের উত্তর প্রযুক্ত হয়; স্ত্রীলিঙ্গের উত্তর প্রয়োগ করিলে সী, হইয়া যায়।

| অব্যয় | অর্থ | উদাহরণ |
|---|---|---|
| হরিয়েক | প্রত্যেক | পাস জানা, আওর হরিয়েক সাহব জাদোঁকে সাত্ত হরওয়াক্ত উর্দূ মহাবেরা |
| হরগেজ্ | কদাচ | ক্যরনা, হরগেজ্ দোসরা জেগা নেহি জাওগে, |
| হামেশ, হামেশা | সৰ্ব্বদা | হামেশ লেখনে পঢ়নেমে মশগূল র‍্যহোগে। |

প্রতিবচন ও বিস্ময়াদিসূচক (১) অব্যয়।

| অব্যয় | উদাহরণ |
|---|---|
| হাঁ | জীহাঁ জাতাহোঁ। |
| বস | বস, আওর ন্য দিজিয়ে, বস ক্যরো। |
| আঃ, উঃ | আঃ বড়া দেক্ কিয়া। উঃ বড়ী চোট ল্যগী। |
| ইয়েঃ | ইয়েঃ ন্যহোগা কেঁও। |
| ছো | ছো, ছুয়ো মত। |
| হায় | হায় কেয়া আফ্সোস। |

অব্যয় সকলের মধ্যে অনেক অনেক শব্দের বিশেষ বিশেষ ভাবার্থ স্থলভেদে হইয়া থাকে, তত্তাবৎ উদাহরণাদি দ্বারা দেখাইতে হইলে গ্রন্থবাহুল্য হইয়া যায়; সে মতে তত্তাবৎ লিখিত হইল না।

---

(১) বিস্ময়াদি সূচক আরও অনেক অব্যয় আছে। যথা শবাশ, ওয়াহওয়াহ, কেয়াবাত্ত, কেয়াখূব, খবরদার, হোশইয়ার, ইত্যাদি।

এই পুস্তক সমাজে কিরূপ আদরণীয় হয় জানিলে, ভবিষ্যতে তাহার আলোচনা করা যাইবে।

অব্যয় সকলের মধ্যে কতকগুলি প্রায় বাক্য বা পদের পরে, কতকগুলি পূর্ব্বে, কতকগুলি মধ্যে, কতকগুলি বিস্ময়াদি সূচকরূপে ব্যবহৃত হয়।

বাক্য বা পদের পরে প্রায় ব্যবহৃত অব্যয় যথা—পর, মানন্দ, মাফিক, পাস, নেজদিক, কেনে, সাত, সঙ্গ, হামরাহ, সমেত, শামেল, ওয়াস্তে, লিয়ে, হক্, নেসবর্ত, তক, তলক, বদলে, বাবত, বাহর, ভিতর, বীচ, অন্দর, দরমিয়ান, সামন্হে, পিছে, নীচে, তলে, ভী, ই, হি, সা, সী, তো, সেহি, ওগয়রা, জরুর, মোক্কাকা, মারফত, ইত্যাদি।

বাক্য বা পদের মধ্যে ব্যবহৃত অব্যয় যথা—ম্যাগর, আম্মা, লেকন, এল্লা, খসুস, খসুসন, বাহম, বেলএত্তেফাক্, তও, তওতো, তওভি, ও, ইয়ানে, আওর, আওরভি, ইয়া, ইয়াকে, কে, জো, খাহ, বলকে, ওরনা, নেহিতো, আলাওয়া, ব্যহরহাল, ইত্যাদি।

তদ্ভিন্ন অব্যয় সকল প্রায়ই শব্দ বা পদের পূর্ব্বে ব্যবহৃত হইয়া থাকে।

---

# বিশেষণ।

উর্দূ ভাষায় কতকগুলি প্রত্যয়াত্মক শব্দ যোগে, কতকগুলি স্বাভাবিক বিশেষণ শব্দ হইয়া থাকে। তাহা অর্থ সহ পৃথক্ পৃথক্ রূপে লিখিত হইল। ঐ সমস্ত প্রায়ই পারস্য শব্দ, সুতরাং তৎশব্দার্থ সংগ্রহ ব্যতীত শিক্ষার্থিগণের উর্দূ-ভাষাশিক্ষার সম্ভব হয় না।

আছে, এই অর্থে দার, মন্দ, চী; সম্বন্ধীয় অর্থে ঈ; বহনার্থে বরদার; রক্ষার্থে বান, ওয়ান; বিশিষ্টার্থে নাগ, ওয়ালা, ওয়ার, আ; কারক অর্থে কার, গার, গ্যর; লেখক অর্থে নবীস; আকর্ষণার্থে গীর, কশ; আকাঙ্ক্ষা অর্থে খ্বাহ; ব্যবসায়ী অর্থে পেশা, বাজ; বিক্রেতা অর্থে ফোরোশ; এই সকল প্রত্যয়াত্মক শব্দ বিশেষ্যের উত্তর যুক্ত হইয়া বিশেষণ হয়।

দারযোগে—যথা

| বিশেষ্য | বিশেষণ | অর্থ | বিশেষ্য | বিশেষণ | অর্থ |
|---|---|---|---|---|---|
| জমিন্ (১) | জমিঁদার | " | দ্যান | দ্যানদার | ঋণী |
| দোকান | দোকানদার | " | মাল | মালদার | ধনী |
| চৌকী | চৌকীদার | " | ইমান | ইমানদার | ধার্ম্মিক |
| ইজারা | ইজারাদার | " | চোব | চোবদার | ছড়ীধারী |
| পেশা | পেশাদার | " | মসালা | মসালাদার | মশলাযুক্ত |
| রঙ্গ | রঙ্গদার | " | মজা | মজাদার | আস্বাদযুক্ত |
| | | | লজ্জত | লজ্জতদার | আস্বাদযুক্ত |

(১) ন, এই অনুনাসিক বর্ণের চিহ্নভূত চন্দ্রবিন্দু, বর্ণের উপর স্থাপিত হয়।

| বিশেষ্য | বিশেষণ | অর্থ | বিশেষ্য | বিশেষণ | অর্থ |
|---|---|---|---|---|---|
| তাবে | তাবেদার | অধীন | সেরেশতা | সেরেশতাদার | " |
| হেস্সা | হেস্সাদার | " | তবল | তবলদার | কুঠারধারী |
| হাওয়া | হাওয়াদার | " | | ইত্যাদি। | |

মন্দযোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আকল | আকলমন্দ | বুদ্ধিমান্ | দরদ | দরদমন্দ | ব্যথিত |
| দওলত | দওলতমন্দ | ধনবান্ | হোশ | হোশমন্দ | চৈতন্যযুক্ত |
| দানশ | দানশমন্দ | জ্ঞানবান্ | | ইত্যাদি। | |

চীযোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মশঅল | মশঅলচী | মশালধারী | ন্যকারা | ন্যকারচী | নাগারচী। |
| তবলা | তবলচী | | | ইত্যাদি। | |

ঈযোগে—যথা

| বিশেষ্য | বিশেষণ | অর্থ | বিশেষ্য | বিশেষণ | অর্থ |
|---|---|---|---|---|---|
| সরকার | সরকারী | সরকারসম্বন্ধীয় | দেস | দেসী | দেশীয় |
| ফরীয়াদ | ফরীয়াদী | বাদী | বেলায়েত | বেলায়েতী | বিলাতী |
| খোরাক | খোরাকী | খাদ্য,ভোক্তা | নেমক | নেমকী | লবণসম্বন্ধীয় |
| রেশম | রেশমী | " | শশমাহ | শশমাহী | ষান্মাসিক |
| পশম | পশমী | " | দোয়াজদা-মাহ | দোয়াজদা-মাহী | বাৎসরিক |
| সূত | সূতী | " | | | |
| পোশাক | পোশাকী | " | কাহ | কাহী | তৃণসম্বন্ধীয় |
| দানাপুর | দানাপুরী | " | মফস্সল | মফস্সলী | " |
| বনারস | বনারসী | " | হজুর | হজুরী | " |
| দরীয়া | দরীয়ায়ী | সমুদ্রসম্বন্ধীয় | | ইত্যাদি | |

### বরদারযোগে—যথা

| বিশেষ্য | বিশেষণ | অর্থ | বিশেষ্য | বিশেষণ | অর্থ |
|---|---|---|---|---|---|
| হোঁক্কা | হোঁক্কাবরদার | " | সোটা | সোটাবরদার | " |
| আসা | আসাবরদার | " | খাস | খাসবরদার | " |
| ঝাড়ু | ঝাড়ুবরদার | " | বরছী | বরছীবরদার | " |
| ফরমান | ফরমাঁবরদার | আজ্ঞাবহ | | ইত্যাদি। | |

### বান, ওয়ানযোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ফীল | ফীলবান | হস্তিরক্ষক | কোচ | কোচওয়ান | শকটবান |
| বাগ | বাগবান | উদ্যানরক্ষক | দর | দরওয়ান | দ্বাররক্ষক |
| শোতর | শোতরবান | উষ্ট্ররক্ষক | গাড়ী | গাড়ীওয়ান | শকটবান |

### নাগযোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গম | গমনাগ | দুঃখিত | হওল | হওলনাগ | ভীত |
| আন্দেশ | আন্দেশনাগ | চিন্তিত | শরম | শরমনাগ | লজ্জিত |

### ওয়ালাযোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কেতাব | কেতাবওয়ালা | " | মলাই | মলাইওয়ালা | " |
| কাপড়া | কাপড়াওয়ালা | " | মছলী | মছলীওয়ালা | " |

### ওয়ারযোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ওমেদ | ওমেদওয়ার | প্রত্যাশী | কসুর | কসুরওয়ার | দোষী |
| বন্দ | বন্দওয়ার | খণ্ডবিশিষ্ট | | ইত্যাদি। | |

### আযোগ—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| খরীদ | খরীদা | ক্রীত | ভুখ | ভুখা | ক্ষুধিত |
| পেয়াস | পেয়াসা | তৃষ্ণান্বিত | রসুই | রসুইয়া | পাচক |
| শেকস্ত | শেকস্তা | ভগ্ন | গায় | গায়া | গব্য |
| ভাঁয়েস | ভাঁয়েসা | মাহিষ | পেয়ার | পেয়ারা | প্রিয় |

কার, গার, ও গ্যর যোগে—যথা

| বিশেষ্য | বিশেষণ | অর্থ | বিশেষ্য | বিশেষণ | অর্থ |
|---|---|---|---|---|---|
| পেশ | পেশকার | ,, | বদ | বদকার | কুকর্ম্মা |
| পায় | পায়কার | ,, | আহেলে | আহেলেকার | কর্ম্মচারী |
| খেদমত | খেদমতগার | ,, | গোনাহ | গোনাহগার | দোষী |
| পরহেজ | পরহেজগার | সাবধানী | রিফু | রিফুগ্যর | দরজি |
| সওদা | সওদাগ্যর | ,, | জর | জরগ্যর | স্বর্ণকার |
| কারী | কারীগ্যর | কারু | বাজী | বাজীগ্যর | বাজীকর |

নবীস-যোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ভুল | ভুলনবীস | বাহুল্যলেখক | মোখতসর | মোখতসরনবীস | সংক্ষেপ লেখক |
| ওয়াকা | ওয়াকানবীস | সংবাদলেখক | জলদ | জলদনবীস | শীঘ্র-লেখক |

খাহ-যোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| খ্যায়ের | খ্যায়েরখাহ | হিতাকাঙ্ক্ষী | বদ | বদখাহ | অশুভাকাঙ্ক্ষী |
| হাওয়া | হাওয়াখাহ | সহবাসাকাঙ্ক্ষী | খাতর | খাতরখাহ | অভিমত |
| দোয়া | দোয়াখাহ | আশীর্ব্বাদাকাঙ্ক্ষী | | ইত্যাদি | |

পেশা-যোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কলম | কলমপেশা | ,, | নওকরী | নওকরীপেশা | চাকরিজীবী |
| শাগরদ | শাগরদপেশা | ,, | | | |

বাজ-যোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| দম | দমবাজ | ,, | দাগা | দাগাবাজ | ,, |
| ফেরেব | ফেরেবকাজ | ,, | লাঠি | লাঠিবাজ | ,, |
| তলওয়ার | তলওয়ারবাজ | ,, | দাঙ্গা | দাঙ্গাবাজ | ,, |

ফোরোশ-যোগে—যথা

| বিশেষ্য | বিশেষণ | অর্থ | বিশেষ্য | বিশেষণ | অর্থ |
|---|---|---|---|---|---|
| সবজ্বী | সবজ্বীফোরোশ | ,, | মেওয়া | মেওয়াফোরোশ | ,, |
| পার্‌চা | পার্‌চাফোরোশ | ,, | মাহী | মাহীফোরোশ | মৎস্য-বিক্রেতা |
| রওগন | রওগনফোরোশ | তৈল-বিক্রেতা, কলু | কাশ | কাশফোরোশ | ,, |

গীর, কশ-যোগে—যথা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রসন | রসনগীর | রজ্জুআকর্ষক | দেওয়ার | দেওয়ারগীর | দেয়ালগীরী |
| জাহান | জাহাঁগীর | পৃথিবীপতি | দেল | দেলকশ | মনোহর |
| দেল | দেলগীর | মনোহর | বাদ | বাদকশ | বায়ুআকর্ষক, পাখা |

---

উৎকৃষ্ট ও বিশিষ্ট অর্থে, শা, বা, জ্বী, আহলে, খোশ, খুব, নেক ; নিকৃষ্ট ও নিষেধার্থে, লা, না, বে, বদ, কম, গ্যায়ের, এবং একতা অর্থে হাম্, এই সকল প্রত্যয়াত্মক শব্দ বিশেষ্য ও সাধারণ বিশেষণ শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া বিশেষণ হয়।

---

বিশেষ্যের উত্তর প্রত্যয়াত্মক শব্দযুক্ত বিশেষণ যাহা যাহা লিখিত হইল, ঐরূপ আরও অনেক বিশেষণ আছে, তাহা সচরাচর প্রচলিত নহে। খাঁ, খোর, খার ইত্যাদি প্রত্যয়াত্মক শব্দযোগে অনেকপ্রকার বিশেষণ শব্দ সমাসে দৃষ্ট হইবে।

## উৎকৃষ্ট ও বিশিষ্টার্থে

| বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|
| শা-তওয়ান | সবল, বিষয়াপন্ন |
| শা-বালগ্ | বয়ঃপ্রাপ্ত |
| শা-ওকুফ্ | সুবোধ |
| শা-জওয়ান | যুব |
| বা-হিম্মত | সাহসিক |
| বা-দিন্ | ধার্ম্মিক |
| বা-এজ্জত | সম্ভ্রান্ত |
| বা-কার | কার্য্যলিপ্ত |
| বা-হোরমত | সম্মানশালী |
| জী-হেম্মত | সাহসী |
| জী-শউর | বুদ্ধিমান্ |
| জী-হোশ | সতর্ক |
| জী-ফহ্ম | সুবোধ |
| আহলে-কলম | মসীজীবী, কলমপেশা |
| আহলে-মামেলা | মকদ্দমাকারী |

| বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|
| আহলে-এজ্জত | সম্ভ্রমশালী |
| আহলে-খানা | গৃহাধ্যক্ষ |
| আহলে-খানদান | সদ্বংশজ |
| খোশ-ক, খোশ-চেহরা | সুরূপ |
| খোশ-নোমা | সুদৃশ্য |
| খোশ-বু | সুগন্ধ |
| খোশ-মেজাজ | সদন্তঃকরণ |
| খুব-রু, খুব-সুরত | সুশ্রী |
| নেক-বখত | সৌভাগ্যশালী |
| নেক-নীয়েত | সৎস্বভাবসম্পন্ন |
| নেক-জাত | সদ্বংশজাত |
| নেক-নাম | সুখ্যাত |

## নিকৃষ্ট ও নিষেধ অর্থে

| | |
|---|---|
| না-জওয়াব | নিরুত্তর |
| না-ওয়ারেস | উত্তরাধিকারি-রহিত |
| না-সানী | অদ্বিতীয় |
| না-চার | নিরুপায় |
| না-পরোয়া | নিঃশঙ্ক |
| না-দোরস্ত | বিশৃঙ্খল |
| না-তামাম | অসমাপ্ত |

| বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|
| না-তওয়ান | দুর্ব্বল, দীন |
| না-মাকুল | অসৎ |
| না-দান | অজ্ঞ |
| না-ওয়াকুফ | অজ্ঞাতা |
| না-রাজ | অসম্মত |
| না-লায়েক | অযোগ্য |
| না-পসন্দ | অমনোনীত |
| না-বালগ | অপ্রাপ্তবয়স্ক |
| না-গওয়ার | অসহ্য |
| না-ইয়াব | দুষ্প্রাপ্য |
| না-পাক | অশুচি |
| না-কারা | অকর্ম্মণ্য |

| | |
|---|---|
| বে-শোমার | অসংখ্য |
| বে-ওজন | অপরিমিত |
| বে-হদ | অসীম |
| বে-আন্দাজ | অনমুমিত |
| বে-হোশ | অসতর্ক |
| বে-হ্যায়া | নির্লজ্জ |
| বে-শউর | নির্ব্বোধ |
| বে-দেল | দুর্ম্মনায়মান |
| বে-দিন, বে-ইমান | অধার্ম্মিক |
| বে-কার | নিষ্কর্ম্মা |
| বে-আদব, বে-তমীজ | অশিষ্ট |

| বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|
| বে-পরোয়া | নিঃশঙ্ক |
| বে-শক | নিঃসন্দেহ |
| বে-মওকা | অসম্বদ্ধ |
| বে-বুনীয়াদ | অমূলক |
| বে-পরদা | অনাবৃত |

| | |
|---|---|
| বদ-জাত | বিজাত |
| বদ-নীয়েত | অসৎস্বভাবসম্পন্ন |
| বদ-লেবাস | কুবেশী |
| বদ-শ্যকল | কদাকার |
| বদ-নোমা | কুদৃশ্য |
| বদ-বখ্‌ত | দুরদৃষ্টবান্ |
| বদ-বু | দুর্গন্ধ |
| বদ-হাল | দুরবস্থাপন্ন |

| | |
|---|---|
| কম-বখ্‌ত | দুরদৃষ্টবান্ |
| কম-জাত | ইতর, অন্ত্যজ |
| কম-ইয়াব | দুষ্প্রাপ্য |
| কম-সেন | অল্পবয়স্ক |
| কম-হেম্মত | কাপুরুষ |

| | |
|---|---|
| গ্যায়ের-লায়েক | অনুপযুক্ত |
| গ্যায়ের-হাজির | অনুপস্থিত |
| গ্যায়ের-মোরম্মত | অকৃতজীর্ণসংস্কার |

| বিশেষণ শব্দ | অর্থ | বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|---|---|
| গ্যায়ের-আবাদ | অনধিবাসিত, অকৃষ্ট (ভূমি) | গ্যায়ের-সরসরী | সরাসরী বিচারের অযোগ্য |

একতা অর্থে হাম-যোগে—যথা

| | | | |
|---|---|---|---|
| হাম-জবান | একবাক্য | হাম-সায়া | প্রতিবাসী |
| হাম-সবক্ | সহাধ্যায়ী | হাম-ওজন | সমপরিমিত |
| হাম-বরাবর | সমতুল্য | হাম-বেসতর | একাসনস্থিত |

মহৎ; এই অর্থে আলী, এই প্রত্যয়াত্মক শব্দ, কখন বিশেষ্যের পূর্ব্বে, কখন বা পরে ব্যবহৃত হইয়া বিশেষণের অর্থ করে। পূর্ব্বে যথা; আলীহেম্মত, আলীদেমাগ, আলিশান, আলীখানদান, ইত্যাদি। পরে যথা; হজুরালী, জনাবালী, ইত্যাদি।

ত্যর ও ত্যরীন (১) এই দুই প্রত্যয়াত্মক শব্দ বিশেষণের উত্তর স্থলবিশেষে ব্যবহৃত হইয়া তর ও তমের অর্থ প্রকাশ করে। যথা; কম, কমত্যর, কমত্যরীন। বদ, বদত্যর, বদত্যরীন। বেহ, বেহত্যর, বেহত্যরীন। খুব, খুবত্যর, খুবত্যরীন, ইত্যাদি।

---

(১) তর ও তরীন সচরাচর পারশাতে ব্যবহৃত, উর্দুতে তর, স্থলে বহত, তরীন, স্থলে বহত হি, এইমত ব্যবহার হইয়া থাকে; যথা কম, বহতকম, বহতহিকম। বদ, বহতবদ, বহতহিবদ ইত্যাদি। বহত শব্দের পরিবর্ত্তে মহজ, য়্যান এই শব্দদ্বয় এবং সংস্কৃত শব্দ স্থলে মহা অতি এই শব্দও প্রয়োগ হয়, যথা খারাব মহজখারাব য়্যানখারাব। সংস্কৃত যথা, ভদ্দর, মহা ভদ্দর, অতি ভদ্দর ইত্যাদি।

এতদ্ভিন্ন কতকগুলি সাধারণ ও পরস্পর বিপরীত বিশেষণ শব্দ শ্রেণীবদ্ধক্রমে অর্থ সহ লিখিত হইল।

| বিশেষণ শব্দ | অর্থ | বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|---|---|
| আজুজ্ | অবসন্ন | গাফেল | অনাবিষ্ট, অসতর্ক |
| আদনা | সামান্য | গায়েব | অস্পষ্ট |
| আধা | অর্দ্ধেক | গারত | বিনষ্ট |
| আন্ধা | অন্ধ | গোসতাখ্ | ধৃষ্ট, অসভ্য |
| আহম্মক্ | নির্ব্বোধ, মূর্খ | চরন্দা | ভূচর |
| আশক্ | প্রণয়ী | চারপায়া | চতুষ্পদ |
| ইয়ার | বন্ধু | চালাক | চতুর |
| ওয়াকফ | জ্ঞাতা | চোট্টা | চোর, দস্যু |
| ওয়ারস | উত্তরাধিকারী | চোগলখোর | নিন্দক, গ্লানিগায়ক |
| ওস্তাদ | শিক্ষক | ছোট্টা | কনিষ্ঠ, ছোট |
| কড়ুয়া | কটু | জর্দ | পীতবর্ণ |
| কানা | একচক্ষুহীন | জালেম | দুর্ব্বৃত্ত |
| কবাহ } কবাহত } | দুর্ঘট, দুষ্কর | জায়েজ | বিধেয় |
| | | জাহেল | মূর্খ |
| কমিনা | হেয় | জেন্দা | জীবিত |
| কাবু | কাতর | জেরবার | বিব্রত |
| কালা | কৃষ্ণবর্ণ | জোদা | পৃথক্ |
| কোবড়া | কুব্জ | জোরাওর | বলিষ্ঠ |
| খাট্টা | অম্ল, টক্ | ঝুঁটা | মিথ্যাবাদী, পাত্রাবশিষ্ট |
| খাফা | কুপিত, অসন্তুষ্ট | | |
| খালাস | মুক্ত | তবাহ | উচ্ছিন্ন |
| খেফ্কান | উন্মত্ত | তবীব | চিকিৎসক |
| গওয়াহ | সাক্ষী | দরপেশ | উপস্থিত |

| বিশেষণ শব্দ | অর্থ | বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|---|---|
| দেওয়ানা | উন্মত্ত | মজবুর | ক্লেশিত |
| দোব্‌লা | দুর্ব্বল, ক্ষীণ | মফ্‌লস | নিঃস্ব, নির্ধন |
| দোশ্‌মন | শত্রু | মস্‌খরা | পরিহাসক |
| দোস্‌ত | বন্ধু | মশগুল | লিপ্ত, আসক্ত |
| নওকর | ভৃত্য | মহতাজ | প্রত্যাশী |
| নফীস | উপাদেয় | মালক | অধিকারী |
| নবীসেন্দা | লেখক | মাশূক্‌ | প্রণয়াস্পদ |
| নাচীজ্‌ | অপদার্থ | মিঠা | মিষ্ট |
| নাজুক | কোমল | মেঝলা | মধ্যম |
| নান্‌হা | কনিষ্ঠ, ছোট | মেহেরবান | দয়াবান্‌ |
| নিমকী | লবণাক্ত | মোফ্‌তরী | প্রতারক |
| নেকম্মা | অকর্ম্মণ্য | মোসতাদ | প্রবৃত্ত, উদ্যত |
| পরন্দা | খেচর | মৌজুদ | উপস্থিত, স্থিত |
| পশেমান | অবসন্ন | রওয়া | যথার্থ |
| পাইলওয়ান | বীর | ল্যজীজ্‌ | সুস্বাদ |
| পোপলা | দন্তহীন, ফোকলা | লব্‌বাক্‌ | বিলাসী |
| প্রেশান | দুঃখিত | ল্যাঙ্গা, নেঙ্গা | উলঙ্গ |
| ফজুল | অতিরিক্তাচারী | ল্যাঙড়া | খঞ্জ |
| ফতুর | গতসর্ব্বস্ব | ব্যড়া | জ্যেষ্ঠ বড় |
| ফরক্‌ | বিভিন্ন | বন্দা | ভৃত্য, দাস |
| ফরাগত | বিস্তৃত, পরিসর | বহরা | বধির |
| ফাজীল | কৃতবিদ্য | বাওলা | ক্ষিপ্ত |
| মক্কার | ভণ্ড, ভাঁড়্‌ | বাওরচী | পাচক |
| মখালেফ্‌ | শত্রু | বাকী | অবশিষ্ট |
| মগরুর | অহঙ্কারী | বিমার | পীড়িত |

| বিশেষণ শব্দ | অর্থ | বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|---|---|
| বীরান | উচ্ছিন্ন | সিয়াহ্‌ | কৃষ্ণবর্ণ |
| বেকরার | অধীর | সেওলে | তৃতীয় |
| বেচারা | নিরুপায় | সোরখ্‌ | রক্তবর্ণ |
| বেচ্যান | বিকল | সোস্ত | শিথিল |
| বেজা | অন্যায় | হজিমত | অপদস্থ, অপ্রতিভ |
| বেজার | বিরক্ত | হাজির | উপস্থিত |
| বেহুদা | গাহিত | হাকম | বিচারক |
| শারমন্দা | লজ্জিত | হালাক | মৃতবৎ |
| শ্যরীর | শঠ, প্রবঞ্চক | হ্যায়রান | অবসন্ন |
| শিরীঁ | মিষ্ট | হেকীম | চিকিৎসক |
| সব্জ | হরিৎবর্ণ | হেরীফ্‌ | ধূর্ত্ত |
| সফেদ, সাদা | শ্বেতবর্ণ | হোশইয়ার | সতর্ক, অপ্রমাদী |
| সাঁওলা | শ্যামবর্ণ | | |

## পরস্পর বিপরীত বিশেষণ শব্দ।

| বিশেষণ শব্দ | অর্থ | বিশেষণ শব্দ | অর্থ |
|---|---|---|---|
| নেক, ভালা, বেহতর, বেঢ়ীয়া | উত্তম, ভাল | তাজা | টাট্‌কা |
| বদ, বোরা, খরাব | অধম, মন্দ | স্যড়া | পচা |
| রেইস | ভদ্র | গাড়া | ঘন |
| রেজীল | অভদ্র | প্যতলা | তরল |
| ওম্‌দা | মহৎ, উৎকৃষ্ট | পক্কা, পোখ্‌তা | পাকা |
| আদ্‌না | অধম, নিকৃষ্ট | কাচ্চা, খাম | কাঁচা |
| জবরদস্ত | দুর্দ্দান্ত | নেয়া | নূতন |
| জেরদস্ত | মৃদু, ক্ষীণ, | পোরানা | পুরাতন |

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| ভারি, সঙ্গীন | গুরু | কুল, কুল্লহম, বেলকুল, সব সারা, তামাম, মোসল্লম, বেবাক্ | সমস্ত, সকল |
| হালকা, খফীফ্ | লঘু | | |
| গ্যরম | উষ্ণ | | |
| সর্দ, ঠাণ্ডা | শীতল | চৌক, জেরা, কুচ, থোড়া, আদ্না | কতক, কিঞ্চিৎ |
| আসল | স্বরূপ | | |
| নকল | প্রতিরূপ | স্যচ | সত্য |
| নরম, মৌলায়েম | কোমল | ঝূঁট | মিথ্যা |
| সখ্ত, কড়া | কঠিন | স্যচ্চা | সত্যবাদী |
| ভিগা, তর | আর্দ্র | ঝূঁটা | মিথ্যাবাদী |
| সুখা, খোশ্ক | শুষ্ক | সখী | দাতা |
| বাহাল | নিযুক্ত | বখীল | কৃপণ |
| বরতরফ, মাজুল তগীর | কর্ম্মচ্যুত | দানা | বিজ্ঞ |
| | | নাদান | অজ্ঞ |
| হক্ | ন্যায় | রাজী | সম্মত |
| নাহক্ | অন্যায় | নারাজ | অসম্মত |
| জেয়াদা, বহুত, আম্বু | অধিক | নজীব, শরীফ্ | ভদ্র |
| কম, থোড়া | অল্প | আদ্না ইলচী | অভদ্র |
| ব্যড়া | বড় | দোরস্ত | প্রকৃত |
| ছোটা | ছোট | নাদোরস্ত | অপ্রকৃত |
| আরজাঁ | সস্তা | আমীর, ওমরা | ধনাঢ্য |
| গ্যরাঁ | মহার্ঘ | গরীব, গোরবা | নির্ধন |
| খাস | অসাধারণ | সাফ্ | পরিষ্কৃত |
| আম্ | সাধারণ | ম্যায়লা | মলিন |

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
| --- | --- | --- | --- |
| জওয়ান | যুবা | আউওল, আগাজ্ | আদি |
| বুঢ্ঢা | বৃদ্ধ | আখের, এন্তেহা | অন্ত, শেষ |
| খেশ, এগানা | আত্মীয় | সিধা, রাস্ত | সোজা |
| গ্যার, বেগানা | অনাত্মীয় | ওল্টা, কজ, টেরা | উল্টা, বক্র |
| দরাজ্ | বিস্তৃত | চাদ্নী | জ্যোৎস্নাময় |
| ত্যাঙ্গ | সংকীর্ণ | আঁধিয়ারা | অন্ধকারময় |
| তুল | বহুল | মোশকেল, দোশ্ওয়ার | দুষ্কর, দুর্ঘট |
| মোখ্তসর | সংক্ষিপ্ত | সহল, আসাঁ | সহজ, অনায়াসসাধ্য |
| শাকের | স্বীকৃত | মর্দানা | পুরুষসম্বন্ধীয় |
| মোনকের | অস্বীকৃত | জনানা | স্ত্রীসম্বন্ধীয় |
| খোশ | সন্তুষ্ট | জোরাওর | বলিষ্ঠ |
| নাখোশ্ | অসন্তুষ্ট | কমজোর | দুর্ব্বল |
| জলদী, জম্দ | শীঘ্র, দ্রুত | পরহেজ | সাবধান |
| দের, দেরী, আহেস্তা | গৌণ, শনৈঃ২ | বদপরহেজ | অসাবধান |
| দাহিনে | দক্ষিণ | মনজুর | গ্রাহ্য |
| বাঁয়ে | বাম | নামনজুর | অগ্রাহ্য |
| দকীক্ | দুরূহ | কাবল, লায়েক্ | যোগ্য |
| সলীস | সরল | নাকাবল, নালায়েক্ | অযোগ্য |
| মোটা | স্থূল | ফরিয়াদী | বাদী |
| দোবলা, বারিক, মিহিন | সূক্ষ্ম, কৃশ | আসামী | প্রতিবাদী |
| বজা | প্রকৃত | মনকুলা | অস্থাবর |
| বেজা | অপ্রকৃত | গ্যারমনকুলা | স্থাবর |

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| নেকমাশ | সৎকর্ম্মজীবী | জওয়ানমর্দ | বীরপুরুষ |
| বদমাশ | অসৎকর্ম্মজীবী | নাজওয়ানমর্দ | কাপুরুষ |
| মাকুল | উত্তম | গোলাব-চশম | চক্ষুলজ্জাবিশিষ্ট |
| নামাকুল | অধম | চশমখোর | চক্ষুলজ্জাহীন |
| মাতবর | বিশ্বাসী | | |
| নামাতবর | অবিশ্বাসী | | |

যাবতীয় আকারান্ত বিশেষণ শব্দ পূর্ব্বোক্ত নিয়মানুসারে বহুবচনে একারান্ত এবং স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয়; নিম্নে শ্রেণীবদ্ধ ক্রমে তাহা প্রদর্শিত হইল।

| পুং একবচন, | পুং বহুবচন, | স্ত্রীলিঙ্গ | পুং একবচন, | পুং বহুবচন, | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| সাবা | সাবে | সাবী | নাঙ্গা | নাঙ্গে | নাঙ্গী |
| আচ্ছা | আচ্ছে | আচ্ছী | আধা | আধে | আধী |
| বড়া | বড়ে | বড়ী | বুড্ঢা | বুড্ঢে | বুড্ঢী |
| থোড়া | থোড়ে | থোড়ী | ওল্টা | ওল্টে | ওল্টী |
| ছোটা | ছোটে | ছোটী | কাচ্চা | কাচ্চে | কাচ্চী |
| ভালা | ভালে | ভালী | সচ্চা | সচ্চে | সচ্চী |
| আন্ধা | আন্ধে | আন্ধী | কমিনা | কমিনে | কমিনী |
| আদনা | আদনে | আদনী | কালা | কালে | কালী |

---

স্ত্রীলিঙ্গের একবচনে যে ঈকারান্ত পদ হয়, (বহুবচনে পূর্ব্বকৃত-নিয়মক্রমে) কারকের বিভক্তিযুক্ত স্থলে যোঁ, অন্যত্রে যা, যোগে বহুবচন হইবে। যথা, আন্ধী; আন্ধিয়োঁ, আন্ধিয়াঁ, বুড্ঢী, বুড্ঢীয়োঁ, বুড্ঢীয়াঁ, ইত্যাদি।

| পুং লিঙ্গ. | পুং বহুবচন, | স্ত্রীলিঙ্গ | পুং লিঙ্গ | পুং বহুবচন, | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| কোব্‌ড়া | কোব্‌ড়ে | কোব্‌ড়ী | বোরা | বোরে | বোরী |
| চোট্টা | চোট্টে | চোট্টী | সেঝলা | সেঝলে | সেঝলী |
| জোদা | জোদে | জোদী | সাঁওলা | সাঁওলে | সাঁওলী |
| ঝুঁটা | ঝুঁটে | ঝুঁটী | সড়া | সড়ে | সড়ী |
| দোব্‌লা | দোব্‌লে | দোব্‌লী | প্যাত্‌লা | প্যাত্‌লে | প্যাত্‌লী |
| মসখরা | মসখরে | মসখরী | প্যাক্কা | প্যাক্কে | প্যাক্কী |
| মিঠা | মিঠে | মিঠী | নেয়া | নেয়ে | নেয়ী |
| ল্যাঙ্গা | ল্যাঙ্গে | ল্যাঙ্গী | পোরানা | পোরানে | পোরানী |
| ল্যাওড়া | ল্যাওড়ে | ল্যাওড়ী | ভীগা | ভীগে | ভীগী |
| বহরা | বহরে | বহরী | সূখা | সূখে | সূখী |
| বাওলা | বাওলে | বাওলী | ম্যায়্‌লা | ম্যায়্‌লে | ম্যায়্‌লী |
| বেচারা | বেচারে | বেচারী | মোটা | মোটে | মোটী |
| শরমন্দা | শরমন্দে | শরমন্দী | টেঢ়া | টেঢ়ে | টেঢ়ী |
| পেয়াসা | পেয়াসে | পেয়াসী | নাকারা | নাকারে | নাকারী |
| পেয়ারা | পেয়ারে | পেয়ারী | সিধা | সিধে | সিধী |
| মেঝলা | মেঝলে | মেঝলী | ফলানা | ফলানে | ফলানী |
| ব্যাচ্চা | ব্যাচ্চে | ব্যাচ্চী | | | |

---

বিশেষ্য পদের লিঙ্গ ও বচন অনুসারে বিশেষণেরও লিঙ্গ ও বচন হইবে। যথা, পোরানা আদমী—পোরানী আওরত। আচ্ছা ঘোড়া, আচ্ছী ঘোড়ী। উয়োঃ আদমী ব্যাড়া সচ্চা হ্যায়, অয় আদমীয়াঁ ব্যড়ে সচ্চে হেঁ। ইত্যাদি।

বিশেষণ সকল কখন বিশেষ্যের পূর্ব্বে কখন বা পরে ব্যবহৃত হইয়া থাকে। যথা, সিধী রাহ হ্যায়, রাহ সিধী হ্যায়। ওস্‌কী টেঢ়ী জোবান, জোবান ওসকী টেঢ়ী। দোবলা ল্যাড়কা, ল্যাড়কা দোবলা ইত্যাদি।

# বিশেষ্য-শব্দ।

ঈকারান্ত ভিন্ন প্রায় যাবতীয় বিশেষণ শব্দ ঈ-যোগে বিশেষ্য হয়। আর কতকগুলি আকারান্ত বিশেষণ শব্দ গী-যোগে বিশেষ্য হইয়া থাকে এবং উক্ত আকার হ্রস্বরূপে উচ্চারিত হয়।

ঈ-যোগে—যথা

| বিশেষণ | ঈ | বিশেষ্য | বিশেষণ | ঈ | বিশেষ্য |
|---|---|---|---|---|---|
| তাবেদার | ,, | তাবেদারী | শাবালগ্ | ,, | শাবালগী |
| দোকানদার | ,, | দোকানদারী | বা-হোরমত | ,, | বা-হোরমতী |
| দমবাজ্ | ,, | দমবাজী | জী-ফহম | ,, | জী-ফহমী |
| দরদমন্দ | ,, | দরদমন্দী | খোশবু | ,, | খোশবুয়ী |
| ফীলবান | ,, | ফীলবানী | খু বরু | ,, | খু বরুয়ী |
| দরওয়ান | ,, | দরওয়ানী | নেকবখ্ত | ,, | নেকবখ্তী |
| গুমনাগ | ,, | গুমনাগী | নাদোরস্ত | ,, | নাদোরস্তী |
| পেশকার | ,, | পেশকারী | লা-পরওয়া | ,, | লা-পরওয়ায়ী |
| কারিগর | ,, | কারিগরী | বে-শোমার | ,, | বে-শোমারী |
| জাহাঁগীর | ,, | জাহাঁগীরী | বদনোমা | ,, | বদনোমায়ী |
| তুলনবীঁস | ,, | তুলনবীঁসী | কমহেম্মত | ,, | কমহেম্মতী |
| মেওয়া-ফোরোশ | ,, | মেওয়া-ফোরোশী | গ্যায়েরহাজির | ,, | গ্যায়ের-হাজিরী |
| কেতাবখাঁ | ,, | কেতাবখানী | হাম্বরাবর | ,, | হাম্বরাবরী |
| খ্যায়েরখাহ | ,, | খ্যায়েরখাহী | হোশইয়ার | ,, | হোশইয়ারী |
| গোনাহ্গার | ,, | গোনাহ্গারী | মেহেরবান | ,, | মেহেরবানী |
| গোস্তাখ্ | ,, | গোস্তাখী | গোলাম | ,, | গোলামী |
| ওমেদওয়ার | ,, | ওমেদওয়ারী | দোস্ত | ,, | দোস্তী |

| বিশেষণ | ঈ | বিশেষ্য | বিশেষণ | ঈ | বিশেষ্য |
|---|---|---|---|---|---|
| বিমার | ,, | বিমারী | নরম | ,, | নরমী |
| হ্যায়রান | ,, | হ্যায়্রানী | গরম | ,, | গরমী |
| প্রেশান | ,, | প্রেশানী | জ়বরদস্ত | ,, | জ়বরদস্তী |
| গ়াফেল | ,, | গ়াফেলী | জওয়ান | ,, | জওয়ানী |
| গোস্তাখ় | ,, | গোস্তাখ়ী | দরাজ় | ,, | দরাজ়ী |
| নেক | ,, | নেকী | মাতবর | ,, | মাতবরী |
| পাক | ,, | পাকী | | | |

গী-যোগে—যথা

| বিশেষণ | গী | বিশেষ্য | বিশেষণ | গী | বিশেষ্য |
|---|---|---|---|---|---|
| বেচারা (১) | ,, | বেচারাগী | আসুদা | ,, | আসুদাগী |
| বেহুদা | ,, | বেহুদাগী | আহেস্তা | ,, | আহেস্তাগী |
| জ়েন্দা | ,, | জ়েন্দাগী | পোখ়্তা | ,, | পোখ়্তাগী |
| বন্দা | ,, | বন্দাগী | জ়েয়াদা | ,, | জ়েয়াদাগী |
| শরমন্দা | ,, | শরমন্দাগী | এগানা | ,, | এগানাগী |
| হারামজ়াদা | ,, | হারামজ়াদাগী | রাজ়া | ,, | রাজ়াগী |
| বেপর্দা | ,, | বেপর্দাগী | | | |
| শেকেস্তা | ,, | শেকেস্তাগী | | | |

(১) যে-সকল আকারান্ত বিশেষণে গী যোগ হয়, তাহারা প্রকৃত আকারান্ত নহে। পারস্য ভাষায় হকারান্ত শব্দ আকারান্তবৎ উচ্চারিত হয়। এপ্রযুক্ত উচ্চারণের অনুরোধেই আকারান্ত রূপেই লিখিত হইল। এইপ্রকার আকারান্ত বিশেষণ শব্দই গী-যোগে বিশেষ্য হইয়া থাকে।

সচরাচর ব্যবহার্য্য স্বাভাবিক কতকগুলি বিশেষ্য শব্দ শিক্ষাপ্রণালীর প্রয়োজন প্রযুক্ত অর্থ সহ নিম্নে লিখিত হইল।

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| অকুফ্ | বোধ, জ্ঞান | আনার | দাড়িম |
| অজুহাত | হেতুবাদসমূহ, আপীলের দরখাস্ত | আন্দাজ | আনুমানিক পরিমাণ |
| আইনা | দর্পণ | আন্দেশা | চিন্তা |
| আখের | শেষ, অন্ত | আপস | ঐকমত্য, সন্ধি |
| আখীর | পরিশেষ | আফ্তাব | সূর্য্য |
| আঘন | অগ্রহায়ণ মাস | আফ্তাবা | ভৃঙ্গার, বদ্না |
| আঙ্গিনা | উঠান | আফ্সোস | আক্ষেপ |
| আঙ্গোঠী | অঙ্গুরীয় | আবখোরা | জলপাত্রবিশেষ |
| আঙ্গোছা | গামছা | আবর | মেঘ |
| আজ | অদ্য | আব | জল |
| আঞ্জীর | পেয়ারা | আবাদ | কৃষিকার্য্য |
| আঠ্‌ঠা | নির্যাস, আঠা | আমর | কর্ম্ম, বিষয় |
| আঠানী, আধেলা | আধুলী, আটআনা | আমানত | বিশ্বাস, গচ্ছিত করা |
| আদব | সভ্যতা | আমেজ | আভাস, মিশ্র |
| আদাব | প্রণাম | আরক | ক্কাথ |
| আদমী | মনুষ্য | আরজ | নিবেদন, চৌড়া |
| আঁধী | উত্তপ্ত ঘূর্ণিবায়ু, যাহাকে লু বলে | আরজা | পীড়া, রোগ |
| আঁধিয়ারা | অন্ধকার | আরাম | আরোগ্য, স্বাস্থ্য |
| আধেলা | অর্দ্ধপয়সা | আরমান | মনঃকষ্ট, মনের গ্লানি |
| | | আলম | কাল, সময়, পৃথ্বী |

| শব্দ | অর্থ |
|---|---|
| আল্লা | পরমেশ্বর |
| আশনান | স্নান |
| আসর | সন্ধ্যার প্রাক্কাল |
| আসবাব | দ্রব্য, সামগ্রী |
| আসন | আশ্বিন মাস |
| আসাড় | আষাঢ় মাস |
| আসমান | আকাশ |
| আসার | চিহ্ন, লক্ষণ |
| আহ | নিশ্বাস, আক্ষেপ |
| আহওয়াল | অবস্থা |
| ইঁটা | ইষ্টক |
| ইম্‌লী | তেঁতুল |
| ইয়াতবার | বিশ্বাস |
| ইয়ারী | বন্ধুতা |
| ইয়ালাম | সংবাদ |
| এইয়াম | কাল, সময় |
| এওজ্ | পরিবর্ত্ত |
| একপাট্টা | উড়ানী, চাদর |
| এক্‌রার | অঙ্গীকার |
| এখ্‌তিয়ার | ক্ষমতা |
| এজ্‌হার | প্রকাশ করা, উক্তি |
| এজ্জার | ইজের |
| এতবার | রবিবার |
| এত্তেফাক্ | ঐক্য, ঘটনা |

| শব্দ | অর্থ |
|---|---|
| এত্তেলা | বিজ্ঞাপন |
| এনতেজার | প্রতীক্ষা |
| এবারত | রচনা |
| এব্‌রা | পরিত্যাগ |
| এমতেহান | পরীক্ষা |
| এলাজ | ঔষধ |
| এরাদা | ইচ্ছা, অভিপ্রায় |
| এশ্‌ক্ | প্রণয় |
| এসতেহার | ঘোষণা, প্রচার |
| এসতেফা | ত্যাগ |
| ওজন | পরিমাণ |
| ওজর | আপত্তি |
| ওধার | ঋণ, কর্জ্জ |
| ওয়াক্‌ত | সময় |
| ওয়াদা | নিয়ম, নির্দ্ধারিত কাল |
| ওয়াপস | ফেরত |
| ওরক্ | একপাত, দুইপৃষ্ঠা |
| কচুয়া | কচ্ছপ |
| ক্যল | কল্য, কল |
| কটোরা | বাটী |
| কড়া | বলয়, আভরণবিশেষ |
| কদ্দু | লাউ |
| করেলা | করলা উচ্ছে |

| শব্দ | অর্থ |
|---|---|
| ক্যাপ্‌ড়া | বস্ত্র, কাপড় |
| কবুতর | পায়রা |
| কাগজ্ | কাগজ |
| কাতক | কার্ত্তিক মাস |
| কাঙ্গি | চিরুনি |
| কাম | কার্য্য |
| কাম্‌রা | কুঠারী |
| কাঁসা | কাংস্য |
| কাহানী | উপন্যাস |
| কাহিলী | শৈথিল্য |
| কুঁজী | চাবী |
| কুঁয়া | কূপ |
| কেউয়া | কাক |
| কেওয়াড়া | কপাট |
| কেনার, কেনারা | তীর, ধার |
| কেরামত | প্রভুতা, ঐশীশক্তি |
| কেসরত | আধিক্য, জনতা |
| কোত্তা | কুক্কুর |
| কদ | আকৃতি |
| কদম | পদ, চরণ |
| করার | অঙ্গীকার, স্বীকার |
| কলম | লেখনী |
| কলমতরাশ | ছুরী |
| কস্দ | উদ্যম, চেষ্টা |

| শব্দ | অর্থ |
|---|---|
| কসম | শপথ, প্রকার |
| কসুর | অপরাধ, দোষ |
| ক্যাঁইচী | কাঁচী |
| ক্যায়াস, | অনুমান |
| কেসসা | উপন্যাস |
| কোরক্ | বন্ধ, অববোধ |
| খটমল | ছারপোকা |
| খড়ওঁ | কাষ্ঠপাদুকা |
| খাঁসী | কাশের পীড়া |
| খীরা | শশা |
| খীরখেলাই | অন্নপ্রাশন |
| খেল | ক্রীড়া, খেলা |
| খেলোনা | খেলনার দ্রব্য, ক্রীড়নক |
| খওজ্ | প্রনিধান |
| খ্যাসী | খাসীছাগল |
| খাক | মৃত্তিকা, ভস্ম |
| খ্যাব | স্বপ্ন, নিদ্রা |
| খাসিয়েত | স্বভাব |
| খুশী | সন্তোষ |
| খুন | রক্ত, শোণিত |
| খুবী | সৌন্দর্য্য |
| খেয়াল | চিন্তন, বুদ্ধিবৃত্তি |
| খেয়ানত | ক্ষতি |

| শব্দ | অর্থ |
|---|---|
| খেসাবত | অপচয়, ক্ষতি |
| খোদ | স্বয়ং |
| খোদা | পরমেশ্বর |
| খোরাক | খাদ্যদ্রব্য |
| গওয়াহী | সাক্ষ্য |
| গদ্দী | শয্যা, আসন |
| গ্যদ্ধা | গর্দ্দভ |
| গরদা | ধূলী, ময়লা |
| গরমী | উষ্ণতা, গ্রীষ্ম |
| গরদশ | চক্র, গতি |
| গশ | অচৈতন্য, মূর্চ্ছা |
| গাও | গরু |
| গাঁও | গ্রাম |
| গাঁড় | গুহ্যদ্বার |
| গালি | দুর্ব্বাক্য |
| গিধড় | শৃগাল |
| গুলী | বটিকা |
| গুল্লু | টুঁটী |
| গেরেফতার | ধৃতকরা, বন্ধন |
| গেলিচা | গালিচা |
| গেলেরী | কাটবিড়ালী |
| গোটী | বসন্তরোগ |
| গোদ | ক্রোড় |
| গোশ্তু | মাংস |

| শব্দ | অর্থ |
|---|---|
| গওর | প্রণিধান |
| গজব | বিড়ম্বনা |
| গজল | পদ্যপ্রণালী, ছন্দঃ |
| গম | দুঃখ |
| গরজ | প্রয়োজন, স্বার্থপরতা |
| গাফেলী | অসাবধানতা |
| গোসল | স্নান |
| গোস্সা | ক্রোধ |
| ঘ্যর | গৃহ |
| ঘাও | ক্ষত |
| ঘেও | ঘৃত |
| ঘোঁঘট | অবগুণ্ঠন, ঘোমটা |
| চওয়ান্নী | সিকি |
| চনা | চণক, ছোলা |
| চ্যপকন | জামাবিশেষ |
| চরচা | আলোচনা, চর্চ্চা |
| চাঁওল | চাউল, তণ্ডুল |
| চাক্কু | ছুরী |
| চ্যায়েত | চৈত্রমাস |
| চাঁদি | রৌপ্য |
| চিঁউটী | পিপীলিকা |
| চীঠ্‌ঠী | পত্র, লিপি |
| চীলম | কলিকা |

| শব্দ | অর্থ |
|---|---|
| চুহা | মূষিক, ইন্দুর |
| চুথড় | নিতম্বদেশ |
| চুনা | চূর্ণ |
| চুলা | উনন |
| চূরণ | চূর্ণ ঔষধবিশেষ |
| চেরাগ | প্রদীপ |
| চেরাগদান | দীপাধার |
| চেহ্‌রা | মূর্ত্তি |
| চেহ্‌লা | কর্দ্দম |
| চোগা | পরিচ্ছদবিশেষ |
| ছপ্‌পর | চাল, ছাপর |
| ছাতি | বক্ষঃস্থল |
| ছিঁক | হাঁচি |
| ছুট্টী | অবকাশ |
| ছেদাম | সিকিপাই |
| ছেলকা | খোশা |
| ছোঁকা | চড়চড়ি |
| জওয়াব | উত্তর, প্রতিবাদ |
| জড় | মূল, শিকড় |
| জলন | দাহ |
| জহন্নম | অধঃপাত, নরক |
| জাড়া | শীত |
| জানওর | জন্তু |
| জায়জরুর, | বহির্দ্দেশ, শৌচে গমন |
| জোস্তজু | তত্ত্ব, তল্লাস |
| জি | অন্তঃকরণ,মন,মহাশয় |
| জুতি | বিনামা |
| জেগর | বক্ষঃস্থলের ভিতর |
| জেঠ | জ্যৈষ্ঠ মাস |
| জোমা | শুক্রবার |
| জোমারাত | বৃহস্পতি বার |
| জোল্লাব | বিরেচক ঔষধ |
| জ়বর | ক্ষতি |
| জহর | বিষ |
| জাবেতা | নিয়ম, প্রথা |
| জারী | আর্ত্তনাদ |
| জারী | প্রচার |
| জাহর | প্রকাশ |
| জিনজীর | শৃঙ্খল |
| জিয়াফত | নিমন্ত্রণ |
| জেকের | আলোচনা, প্রস্তাব |
| জেলা | প্রদেশ |
| জেহেন | মেধা |
| জোবান, | জিহ্বা, ভাষা |
| জোর | বল, শক্তি |
| জোলম | দৌরাত্ম্য |
| ঝণ্ডা | খুঁটা |

| শব্দ | অর্থ |
|---|---|
| ঝরোকা | গবাক্ষ |
| ঝারি | জলপাত্র |
| টুকরী | ঝুড়ী |
| টেংবি | পদ |
| টোপী | টুপী, শিরস্ত্রাণ |
| ঠাকর | ঠাকুর |
| ঠেট | ইতরভাষা |
| ডওল | প্রকার, গতি |
| ডালি | শাখা, উপঢৌকন |
| ডিলডওল | আকার প্রকার |
| ডেরা | তাম্বু, আড্ডা |
| ঢঙ্গ | প্রকার |
| ঢঢোরা | ঢ্যাড়রা, ঘোষণা |
| ঢপ | প্রকার |
| ঢিমা | লোষ্ট্র |
| তক্সীম | অংশ, বন্টন |
| তকীয়া | নির্ভর, বালিশ |
| তদারক | তদন্তকরণ |
| তনাসব | উপমা |
| তপেদেক | কাশজ্বর |
| তফাত, তফাওত | অন্তর, দূর |

| শব্দ | অর্থ |
|---|---|
| তবীয়েত | অন্তঃকরণ, স্বভাব |
| তমসসক | ঋণদানপত্র |
| তমীজ্ | সভ্যতা |
| তমহীদ | উপক্রম, প্রণালী |
| তপাঁচা | চপেটাঘাত |
| তরবিয়েত | সুশিক্ষা |
| তরজমা | ভাষান্তরকরণ, অনুবাদ |
| তরমীম | ইতরবিশেষ করা, তারতম্য |
| তারহ | প্রকার |
| তশরীফ্ | শুভাগমন |
| তসদিয়া | ক্লেশ |
| তহমত | অপবাদ |
| তাইয়েন | সংখ্যা |
| তাইদ | সাহায্য, আনুকূল্য |
| তাখ্ত | আক্রমণ |
| ত্যায় | সমাধা, সম্পাদন |
| তালা | কুলুপ |
| তালাব | পুষ্করিণী |
| তাবীজ্ | কবচ, হস্তালঙ্কার |
| তামাশা | কৌতুক, আশ্চর্য্য |
| তুফান | ঝড়, তরঙ্গ |
| তেহ্ওয়ার | পর্ব্ব, পরব |
| তোতা | পক্ষিবিশেষ |

| শব্দ | অর্থ |
|---|---|
| থপ্পড় | চড়, থাবড়া |
| থালী | থালা |
| থুক | থুথু |
| দখল | অধিকার |
| দফ্তর | বস্ত্রবদ্ধ পুস্তকাদি |
| দম | নিঃশ্বাস, ছলনা |
| দরকার | প্রয়োজন |
| দরক | বোধশক্তি |
| দরখ্ত | বৃক্ষ |
| দরমান | ঔষধ |
| দরদ | বেদনা, ব্যথা |
| দরওয়াজা | দ্বার |
| দলীল | নিদর্শনপত্র, প্রমাণ |
| দস্তখত | স্বাক্ষর, নামসহীকরণ |
| দস্তবরদার | হস্তোত্তোলন |
| দস্তান্দাজ | হস্তক্ষেপণ |
| দস্তাবেজ | নিদর্শনপত্র |
| দহশত | ভয়, শঙ্কা |
| দস্তুর | নিয়ম |
| দ্যহি | দধি |
| দ্যক্ষণ | দক্ষিণ দিক |
| দাওল | ঢাল |
| দাওয়াই | ঔষধ |

| শব্দ | অর্থ |
|---|---|
| দ্যান | ঋণ |
| দাখল | অর্পণ |
| দাগ | চিহ্ন |
| দামড়ি | সিকিপাই |
| দারু | ঔষধ |
| দেও | রাক্ষস |
| দেকরুত | বিরক্তি |
| দেন | দিবা, দিন |
| দেমাগ | মস্তিষ্কাধার, মাৎসর্য্য |
| দেরিয়া | সমুদ্র |
| দেরিয়াফ্ত | বোধ, বিবেচনা |
| দেল | মন, অন্তঃকরণ |
| দোজখ | নরক, নিরয় |
| দোমবল | স্ফোটক |
| দোম | পুচ্ছ |
| দোশালা | যোড়াশাল |
| ধাক্কা | ঠেলেদেওয়া, আঘাত |
| ধূঁই | ধূম |
| ধূর | ধূলী |
| নওকরী | চাকরী |
| নওয়ালা | গ্রাস |
| নক্‌লা | টাঙ্গী, কফ |
| নফা | লাভ |
| ন্যশর | গদা |

| শব্দ | অর্থ |
|---|---|
| ন্যহর | সজলপরিখা, গড় |
| নাখুন | নখ |
| নাচ | নৃত্য, নর্ত্তন |
| নালা | আর্ত্তনাদ |
| নাশতা | জলখাবার |
| নাস্থর | নালিঘা |
| নিয়েত | স্বভাব, প্রকৃতি |
| নেওতা | নিমন্ত্রণ |
| নেউল | বেজী |
| নেকাস | নিষ্পত্তি |
| নেজ্দিক | নিকট |
| নেমক | লবণ |
| নেরিয়েল | নারিকেল |
| নেশান, নেশানী | চিহ্ন |
| নেসীব | অদৃষ্ট, কপাল |
| নেসতালীক্ | স্পষ্টাক্ষর |
| নোকতা | বিন্দুচিহ্ন |
| নোক্সান | ক্ষতি |
| পঙ্খ | পাখা |
| প্যাগড়ী | উষ্ণীষ |
| প্যাচ্ছোঁ | পশ্চিমদিক |

| শব্দ | অর্থ |
|---|---|
| প্যাঞ্জা | হাতের পোঁছা |
| প্যাত্তা | পত্র, পাতা |
| প্যাতা | সন্ধান, ঠিকানা |
| প্যাথর | প্রস্তর |
| পরওয়া | শঙ্কা, চিন্তা |
| পরওয়ানা | পতঙ্গ, সমন |
| পর | পালক |
| পরসাল | পরবৎসর |
| পরসোঁ | পরশ্বঃ |
| পলওল | পটোল |
| পসীনা | ঘর্ম্ম |
| পহর | প্রহর |
| পাঁও | পদ, চরণ |
| পাঁওজেব | পদাভরণবিশেষ |
| পানি | জল |
| প্যায়ের | পদ |
| প্যায়দা | উৎপত্তি |
| প্যায়দায়েশ | জন্ম |
| প্যায়্সা | পয়সা |
| পাসখাত্তর | অনুরোধ, মুখাপেক্ষা |
| পীব | পুঁজ |
| পীর * | সোমবার |
| পূরব | পূর্ব্ব দিক |

* পীর শব্দে মহাপুরুষ ও বৃদ্ধকেও বুঝায়।

| শব্দ | অর্থ |
| --- | --- |
| পুশতী | পুস্তকের মলাট |
| পুস | পৌষমাস |
| পেচশ, | আমাশয় পীড়া |
| পেয়ালা | বাটী |
| পেয়াস | পিপাসা |
| পেশাব | প্রস্রাব |
| পেশানী | কপাল, ললাট |
| ফাগন | ফাল্গুনমাস |
| ফুঁক | ফুৎকার |
| ফুঁয়ী | বিন্দু বিন্দু বৃষ্টি |
| ফওত | মৃত্যু |
| ফজীহত | তিরস্কার |
| ফয়সল | নিষ্পত্তি |
| ফয়সলা | নিষ্পত্তিপত্র |
| ফহম | বোধ, বিবেচনা |
| ফেকর | চেষ্টা, চিন্তা |
| ফেকরা | বাক্য, পদসমূহ |
| ফলানা | অমুক |
| ফোরোখত | বিক্রয় |
| বখত | অদৃষ্ট, ভাগ্য |
| বখেড়া | গোলযোগ |
| বচপন | বাল্যকাল |
| বতানা | অলঙ্কার বিশেষ |
| বদল | পরিবর্ত্ত |

| শব্দ | অর্থ |
| --- | --- |
| বরতন | তৈজস, বাসন |
| বরবাদ | ক্ষতি |
| বরস | বৎসর |
| বলগম | শ্লেষ্মা |
| বস্তি | বসতি |
| বাগ | উদ্যান, বাগান |
| বাজু | বাহু |
| বাঢ়ুই | ছুতর মিস্ত্রী |
| ব্যাইয়দ | বৈদ্য |
| বাল | কেশ, চুল |
| বাব | বিষয় |
| বালশ | বালিশ |
| বালি | আভরণবিশেষ |
| ব্যায়ান | বর্ণনা |
| ব্যায়েস | বৈশ্য |
| ব্যায়স্থাখ | বৈশাখমাস |
| বাসন | তৈজস, দ্রব্য |
| বাহ্মন, ব্রাহ্মন | ব্রাহ্মণ |
| বাহর | বাহির |
| বাহানা | ছল |
| বিচ্ছু | বৃশ্চিক |
| বিজলী | বিদ্যুৎ |
| বিমারী | পীড়া |
| বিল্লী | বিড়াল |

| শব্দ | অর্থ |
|---|---|
| বুঢ়াপায়ী | বার্দ্ধক্য |
| বেছ্ওয়ানা | শয্যা |
| বেদার | জাগরণ |
| বেয়াহ, বেহা | বিবাহ |
| বেহশ্ত | স্বর্গ |
| বোখার | জ্বর |
| বোজ | ভার, বোঝা |
| বোধ | বুধবার |
| বোলবোল | বুলবুলি পক্ষী |
| বোল | কথা, ভাষা |
| বের্দ্দ | অভ্যাস |
| ভট্টা | পাঁজা |
| ভাখা | ভাষা |
| ভাঙ্গ | সিদ্ধি |
| ভাদোঁ | ভাদ্রমাস |
| ভীক | ভিক্ষা |
| ভেট | সাক্ষাৎ |
| মওজা | গ্রাম |
| মওত | মৃত্যু |
| মওল-সরী | বকুল পুষ্প |
| মকতব | পাঠশালা |
| মকদুর | ক্ষমতা |
| মকশ্ | উপর্য্যুপরিলিখন |
| মকান | গৃহ, বাটী |
| মখ্খী | মক্ষিকা |
| মগজ্ | মস্তিষ্ক |
| মছলী | মৎস্য |
| মচ্ছড় | মশক |
| মজমুন | লিখন-পারিপাট্য |
| মজহব | জাত্যাচার |
| মদরসা | বিদ্যালয় |
| মতলব | অভিপ্রায় |
| মনাফা | লাভ |
| মরজী | ইচ্ছা |
| মরজ্ | পীড়া |
| মলাই | দুগ্ধের সর |
| মসালা | মসলা |
| মসলহত | যুক্তি, পরামর্শ |
| মহসুল | মাশুল, শুল্ক |
| মহকুমা | বিচারালয় |
| মহাবেরা | আন্দোলন, চর্চা |
| মক্ষণ | মাখন |
| ম্যনা | নিষেধ |
| মামেলা | বিষয়, অভিযোগ |
| ম্যায়দোর | মজুর |
| ম্যায়দান | মাঠ |
| মাল্লুম | অনুভব |
| মাজেজা | ঔষধ |
| মাহ | মাস |

| শব্দ | অর্থ |
|---|---|
| মাহতাব | চন্দ্র |
| মিট্‌ঠী | মৃত্তিকা |
| মু | মুখ |
| মুখ্‌ফী | গোপন |
| মুঙ্গা | প্রবাল |
| মুট্‌ঠী | মুষ্টি |
| মুদ্দৎ | সময়, কাল |
| মেওয়া | ফল |
| মেক্‌দার | পরিমাণ |
| মেক্‌রাজ | কাঁইচী |
| মেজাজ | স্বভাব, মন |
| মেয়াদ | নির্দ্দিষ্টকাল |
| মেসরা | পদ্যের একচরণ |
| মেসেল | নথী |
| মেহ্‌নত | পরিশ্রম |
| মেহতর | মেতর |
| মেহিনা | মাস |
| মোকাবেলা | সমক্ষ |
| মোকর্‌রর | নিয়োগ, নির্দ্ধারণ |
| মোকদ্দমা | অভিযোগ |
| মোচ | শ্মশ্রু |
| মোজাহেম | আপত্তি |
| মোতায়েন | নিয়োগ |
| মোতী | মুক্তা |
| মোরচ | ঝালের ব্যঞ্জন, মরীচ |

| শব্দ | অর্থ |
|---|---|
| মোরদার | শব, মৃতদেহ |
| মোরম্মত | জীর্ণসংস্কার |
| মোলক | দেশ |
| মোল | ক্রয় |
| মোশবেরত | পরামর্শ |
| রওগন | স্নেহদ্রব্য |
| র্যাঞ্জ | দুঃখ, কষ্ট |
| র্যাসী | রজ্জু, দড়ী |
| র্যাসতা | পথ |
| রাইয়েত | প্রজা |
| রীচ | ভল্লুক |
| রীম | পুঁজ, রক্ত |
| রেশা | ফলের আঁশ |
| রোজ | দিবস |
| রোঁপেয়া | রৌপ্যমুদ্রা |
| লজ্‌জত | আস্বাদ |
| লড়কপন | বাল্যকাল |
| লফ্‌জ | শব্দ |
| লহজা | পল |
| লহূ | রক্ত |
| লালচ | লোভ, লালসা |
| লাহক | রোগাশ্রয় |
| লৌঁউডী | দাসী |
| লেনদেন | আদানপ্রদান |
| লেমু | লেবু |

| শব্দ | অর্থ |
|---|---|
| লেহাজ্ | বিবেচনা, চৈতন্য |
| লেহেঙ্গা | ঘাগরা |
| লোক্মা | গ্রাস, কবল |
| লোটা | ঘটী |
| শয়ুব | হিতাহিত বোধ |
| শক | সন্দেহ |
| শক্কর | চিনি |
| শখ্স | ব্যক্তি |
| শরবত | পানীয়, পানা |
| শরারত | ধূর্ত্ততা |
| শহর | নগর |
| শাগব্দ | ছাত্র |
| শাদী | বিবাহ |
| শীরবেরেঞ্জ | পায়স |
| শোবে | সন্দেহ |
| সওদা | বাণিজ্য, বায়ুরোগ |
| সওয়াল | প্রার্থনা |
| সতর | পঙক্তি |
| সতরঞ্চ | সতরঞ্চি |
| সত্তীয়ানাস | সর্ব্বনাশ |
| সদমা | আঘাত |
| সনীচর | শনিবার |
| সফ্রা | পিত্ত |
| সফর | প্রবাস |
| সফ্হা | পৃষ্ঠা |
| সর্দ্দি | শ্লেষ্মজ্বরোগ, কফ |
| সমন্দর | সমুদ্র |
| সমন | মূল্য |
| সলাহ | সংশোধন |
| সবেরে | প্রাতঃকাল |
| সহবত | সংসর্গ |
| সাওন | শ্রাবণমাস |
| সাঁপ | সর্প |
| সায়া | ছায়া |
| স্যায়ের | ভ্রমণ, গমন |
| সায়েত | সময় |
| সাল | বৎসর |
| সালন | ব্যঞ্জন |
| সিলিপ্চি | ডাবর বিশেষ |
| সীনা | বক্ষঃস্থল |
| সীয়াহী | মসী, কালী |
| সূয়র | শূকর, বরাহ |
| সূঁই | সূচী |
| সূত | সূত্র |
| সূরত | অবয়ব, গঠি |
| সেচন্দর | ছুঁচা |
| সেতারা | নক্ষত্র |
| সেন্ | বয়ঃক্রম |
| সের | মস্তক |
| সেরভর | সেরপরিমাণ |

| শব্দ | অর্থ |
|---|---|
| সের্ দরদ | শিরঃপীড়া |
| সেলাম | নমস্কার |
| সেলাহ | যুক্তি, মন্ত্রণা |
| সোটা | যষ্টি |
| সোনা | সুবর্ণ |
| সোনার | স্বর্ণকার |
| হওসেলা | জ্ঞানশক্তি |
| হজম | পরিপাক |
| হজুম | জনতা, বাহুল্য |
| হড়া | হরীতকী |
| হফ্তা | সপ্তাহ |
| হর্জ, হরক্কত | ক্ষতি, হানি |
| হরণ | হরিণ |
| হরফ্ | অক্ষর |
| হলক্ | গলমধ্যদেশ |
| হলদী | হরিদ্রা |
| হাজামত | ক্ষৌরকর্ম্ম |
| হাজ্জাম | নাপিত |

| শব্দ | অর্থ |
|---|---|
| হ্যায়্ওয়ান | পশু, চতুষ্পদ |
| হ্যায়্জা | বিসূচী পীড়া |
| হ্যায়াত | পরমায়ু |
| হাল, হালত | অবস্থা |
| হাল্লা | আক্রমণ |
| হূর | অপ্সরী, কিন্নরী |
| হেইসীয়ত | বিজ্ঞতা |
| হেড্ডী | অস্থি, হাড় |
| হেতিয়ার | অস্ত্র |
| হেফাজ্ত | রক্ষা |
| হেবা | দান |
| হেবিলী | বাটী, আলয় |
| হেমাকৃত | ঔদ্ধত্য |
| হেম্মত | সাহস |
| হেসাব | হিসাব |
| হোঁক্কা | হুকা |
| হোজ্জত | বচসা |
| হোঁট | ওষ্ঠ, ঠোঁট |

কতকগুলি সংস্কৃত শব্দ উর্দ্দু ভাষায় যেরূপ উচ্চারিত হয়, তাহা নিম্নে প্রদর্শিত হইল।

| সংস্কৃত | উর্দ্দু | সংস্কৃত | উর্দ্দু |
|---|---|---|---|
| অবতার | আওতার | যাত্রা | জাত্রা |
| কৃষ্ণ | কিশন | লগ্ন | লগন |
| বিষ্ণু | বিশন | জন্ম | জনম |
| লক্ষ্মী | লছমী | কুমার | কোঁয়ার |
| লক্ষ্মণ | লছমন | কুমারী | কোঁয়ারী |
| শিব | শেও | প্রসন্ন | পরশন |
| ভবানী | ভওয়ানী | তীর্থ | তীরথ |
| দুর্গা | দুরগা | বৈশ্য | ব্যাস |
| ভগবান | ভগওয়ান | বৈদ্য | ব্যাদ |
| ভগবৎ | ভগয়ৎ | বৈদ্যনাথ | ব্যাজনাথ |
| মূর্ত্তি | মুরত | দেবতা | দেওতা |
| ধর্ম্ম | ধরম | কমল | কঁয়ল |
| কর্ম্ম | করম | সমুদ্র | সমন্দর |
| আত্মা | আতমা | বারানসী | বনারস |
| ভস্ম | ভসম | কাশী | কাসী |
| ভক্ত | ভকত | শম্ভু | সম্ভু |
| সেবা | শেওয়া | দশ | দস |
| সংক্রান্তি | সঙ্ক্রান্ত | শঙ্কর | সঙ্কর |

সংস্কৃত শব্দ উর্দ্দু উচ্চারণকালে তালব্য শকারের স্থানে প্রায়ই দন্ত্য সকারবৎ উচ্চারণ হয়।

# সমাস-প্রকরণ।

সংস্কৃত ভাষায় যে নিয়মে ও যে অর্থে সমাস হইয়া থাকে, উর্দূ ও পারস্য ভাষাতেও তদ্রূপ দেখিতে পাওয়া যায়। দ্বন্দ্ব, কর্ম্মধারয়, বহুব্রীহি, তৎপুরুষ এই চারিপ্রকার-সমাস-সম্বন্ধীয় লক্ষণ ও পদ সংগ্রহমতে নিম্নে লিখিত হইল।

## দ্বন্দ্ব।

স্বস্বপ্রধান দুই বা তদধিক পদের সমাসকে দ্বন্দ্ব বলে। যথা

| সমস্ত-পদ | অর্থ | সমস্ত-পদ | অর্থ |
|---|---|---|---|
| রাত-দেন | রাত্রিদিবা | নেবেশ্‌ত-খাঁদ | লিখনপঠন |
| সোবেহ-শাম | প্রাতঃসায়ংকাল | আশক্‌-মাশূক্‌ | প্রণয়িপ্রণয়াস্পদ |
| মা-বাপ | মাতা পিতা | ল্যায়লা-মজ্‌নু | দম্পতীর নাম |
| খ্যায়ের-আফীয়ত | সুখস্বাচ্ছন্দ্য | ল্যান-দ্যান | আদানপ্রদান |
| দাওল-রোটী | ডালরুটী | খরিদ-ফোরোখ্‌ত | ক্রয়বিক্রয় |

## কর্ম্মধারয়।

পরস্পর বিশেষণ বিশেষ্য পদের সমাসকে কর্ম্মধারয় কহে। যথা

| সমস্ত-পদ | অর্থ | সমস্ত-পদ | অর্থ |
|---|---|---|---|
| ঠাণ্ডা-পানি | শীতলজল | ন্যর-ভ্যায়েস | পুংমহিষ |
| মিঠা-ভাত | মধুরান্ন | শের-মরদ | ব্যাঘ্রতুল্য পুরুষ |
| খোশ-খৎ | উত্তমাক্ষর | তুল-কলাম | বিস্তারিতবাক্য |
| সোফেদ-বাল | শুক্লকেশ | শেকেস্ত-হাল | ভগ্নাবস্থা |
| মাদা-গাও | স্ত্রীগো | বদ-নেসীব | অশুভাদৃষ্ট |

## বহুব্রীহি।

যে দুই পদে সমাস করাযায়, তাহাদের অর্থ না বুঝাইয়া যদি অপর ব্যক্তি বা বস্তুকে বুঝায়, এবং ঐ ব্যক্তি বা বস্তুর বিশেষণ হয়, তাহাকে বহুব্রীহি বলে। যথা

| সমস্ত-পদ | অর্থ | সমস্ত-পদ | অর্থ |
|---|---|---|---|
| হূর-শকল | অপ্সরার ন্যায় আকৃতি যার | নেক-বখ্‌ত | শুভাদৃষ্ট |
| পরী-প্যায়কর | পরীর ন্যায় আকৃতি যার | তেজ্-ফহম | তীক্ষ্নবুদ্ধি |
| মাহ-রু | চন্দ্রানন | বাদ-রফ্‌তার | বায়ুগতি |
| দোশমন-চেহরা | শত্রুমূর্ত্তি | জলদ-কলম | শীঘ্রলেখক |
| ঘোড়া-চেহরা | অশ্বাকৃতি | দারা-শকোহ | দারার ন্যায় প্রতাপশালী |
| গোল-বদন | পুষ্পবৎকোমলাঙ্গ | কোতাহ-কদ | খর্ব্বাকৃতি |
| ফীল-তন | গজাকৃতি | নাজুক-বদন | কোমলাঙ্গ |
| গোরবা-চশম | বিড়ালাক্ষ | বে-নজীর | অনুপম |
| খর-গোশ | গর্দ্দভ-কর্ণ | জেন্নত-নজীর | স্বর্গোপম |
| শিরীঁ-জোবান | মিষ্টবচন | খাতর-জমা | স্থিরচিত্ত |
| ফরেদুঁ-জাহ | ফরেদুঁ রাজার ন্যায় সম্মান যার | পর-পাঁও | পালক পায়ে যার |

---

দ্বন্দ্ব, কর্ম্মধারয় প্রভৃতি সমাসের কেবল পদ ও তদর্থ দর্শাইলেই বোধগম্য হইত; লক্ষণ লিখিবার প্রয়োজন ছিল না। পারস্যবেত্তা-দিগের বোধগম্য জন্য সামান্যতঃ লক্ষণ লিখিত হইল।

## তৎপুরুষ।

তৎপুরুষ পাঁচপ্রকার ; দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী তৎপুরুষ। তৎপুরুষে সমস্ত পদ বিশেষ্য ও বিশেষণ উভয়ই হইয়া থাকে। উক্ত সমাসে পূর্ব্বপদ কর্ত্তৃ কারক হইলে দ্বিতীয়া, করণ কারক হইলে তৃতীয়া, অপাদান কারক হইলে পঞ্চমী, সম্বন্ধ কারক হইলে ষষ্ঠী এবং অধি-করণ কারক হইলে সপ্তমী তৎপুরুষ সমাস হয়। যথাক্রমে সমস্ত পদ ও তদর্থ প্রদর্শিত হইল।

### দ্বিতীয়াতৎপুরুষ।

| সমস্ত-পদ | অর্থ | সমস্ত-পদ | অর্থ |
|---|---|---|---|
| কলম-তরাশ | কলম কাটা যায় যাহাতে, ছুরী | বাদ-কশ | বায়ু টানে যে, পাখা |
| তীরান্দাজ | তীর-নিক্ষেপক | গম-খার | দুঃখভোগী |
| সের-পোশ | সরপোশ | নেমক-খার | কৃতজ্ঞ |
| পালং-পোশ | পালঙ্কাবরক | নেশা-খোর | মাদকভক্ষক |
| খোদা-পরস্ত | ঈশ্বরারাধক | শরাব-খোর | মদ্যপায়ী |
| খ্যায়ের-খাহ | শুভাকাঙ্ক্ষী | কেতাব-খাঁ | মূলগ্রন্থপাঠক |
| বদ-খাহ | অশুভাকাঙ্ক্ষী | মরসিয়া-খাঁ | কথকতাকারক |
| রংরেজ | চিত্রকর | কার-পরদাজ | কর্ম্মকারক |
| দূরান্দেশ | দূরদর্শী | গরীব-পরওর | দীনপ্রতিপালক |
| বারীক-বীন | সূক্ষ্মদর্শী | বন্দা-নওয়াজ | ভৃত্যানুগ্রাহক |
| দূর-বীন | দূরবীক্ষণ | দেস্তার-বন্দ | উষ্ণীষব্যব-সায়ী |
| নজ্-শনাস | নাড়ীজ্ঞ | | |
| দোরোগ-গো | মিথ্যাভাষী | জালসাজ | কৃত্রিমকারী |
| সের-কশ | মাথা ঘুরায় যে, অহঙ্কারী | আটেলাপজ | কলিপাচক |

## তৃতীয়াতৎপুরুষ।

| সমস্ত-পদ | অর্থ |
|---|---|
| জর-বফ্‌ত | জরিদ্বারা খচিত |

## পঞ্চমীতৎপুরুষ।

| সমস্ত-পদ | অর্থ |
|---|---|
| আমু-জাদ | পিতৃব্যজাত |
| হারাম-জাদ | অবৈধজাত |
| মামু-জাদ | মাতুলপুত্র |

## ষষ্ঠীতৎপুরুষ।

| সমস্ত-পদ | অর্থ |
|---|---|
| হিন্দুস্থান | হিন্দুর স্থান |
| রেগ-স্তান | বালুকার ভূমি |
| শেকার-গাহ | মৃগয়ার স্থান |
| খাব গাহ | নিদ্রার স্থান |
| ধোবী-ঘর | রজকালয় |
| নাচ-ঘর | নৃত্যালয় |
| গোলাব-বাগ | গোলাবেরবাগান |
| আরাম-বাগ | সুখের বাগান |
| ফীল-দন্দান | হস্তিদন্ত |
| সাহেব-জাদা | মহাশয়ের পুত্র |
| শাহ-জাহান | পৃথ্বীপতি |
| গাও-খানা | গোশালা |
| জেহেলখানা | কারাগার |
| তহ-খানা | মাটীর ভিতরের গৃহ |
| কলম-দান | কলমাধার |
| ওগাল-দান | পিকদান |
| চেরাগ-দান | দীপাধার |
| শাহ-পছন্দ | রাজার মনোনীত |
| রং-মহল | নৃত্যগীতের প্রকোষ্ঠ |
| অন্দর-মহল | ভিতর বাটী |
| জাঁহা-পানাহ | পৃথ্বীপতি |
| বাঁদী-বাচ্চা | দাসীপুত্র |
| দেলা-রাম | মনস্তুষ্টি |
| মহতাব-মনজল | চন্দ্রের উত্তরণস্থান |
| আওরঙ্গ-জেব | সিংহাসনের শোভাজনক |
| পাঁও-জেব | পদাভরণ |

## সপ্তমীতৎপুরুষ।

| সমস্ত-পদ | অর্থ |
|---|---|
| কমর-বন্দ | কোমর বাঁধা |
| ইজার-বন্দ | ইজার বাঁধা |
| বাজু-বন্দ | আভরণবিশেষ |
| ঘোড়-সওয়ার | অশ্বারোহী |
| শব-পরা | নিশাচর |
| খানা-জাদ | গৃহজাত |
| খানা-সাজ | গৃহপ্রস্তুত |

বিশেষণের মধ্যে প্রত্যয়াত্মক-শব্দ-যুক্ত যে সকল বিশেষণ পূর্ব্বে প্রকটিত হইয়াছে, তত্তাবৎ প্রায়ই সমাসঘটিত। পাঠকবর্গ সে সকল বিশেষণ আলোচনা করিয়া দেখিলে জানিতে ও বুঝিতে পারিবেন। তদ্ভিন্ন কতকগুলি প্রত্যয় নিম্নে লিখিত হইল।

বীপ্সার্থে একার্থক কোন কোন শব্দদ্বয়ের মধ্যে (ব) এই বর্ণ ব্যবহৃত হয়। যথা, তরহবতরহ্, কেসমবকেসম, রঙ্গবরঙ্গ (রকম রকম) সালুবসাল, সেনবসেন (বৎসর বৎসর), মাহবমাহ (মাস মাস), রোজ্‌বরোজ্ (দিন দিন), দমবদম (ক্ষণে ক্ষণে), কেস্‌তবকেস্‌ত (কিস্তি কিস্তি), দস্তবদস্ত (হাতে হাতে), একবএক (একে একে), জোগাবজোগা (স্থানে স্থানে) ইত্যাদি।

হ্রস্বার্থে কোন কোন বিশেষ্য শব্দের উত্তর (চা) প্রত্যয় হয়। যথা, বাগ্—বাগ্‌চা, ছোট বাগান। সিন্দূক্—সিন্দূক্‌চা, ছোট সিন্দুক। তাক্—তাক্‌চা, ছোট কুলুঙ্গী। কার—কারচা, ছোটগর্ত্ত। ডেগ—ডেগচা, ছোট হাঁড়ী, ইত্যাদি।

কতকগুলি বিশেষ্য শব্দের উত্তর সম্বন্ধার্থে (আনা) প্রত্যয় হয়। যথা, সাল—সালানা, বাৎসরিক, মাহ—মাহানা, মাসিক, রোজ্—রোজ্‌আনা, দৈনিক, মেহনত—মেহনতানা, পারিশ্রমিক, জোরম—জোরমানা, দণ্ডসম্বন্ধীয়, নজর—নজরানা, ঔপহারিক।

—কোন কোন বিশেষণের উত্তর আনা প্রত্যয় হইলে সদৃশার্থ প্রকাশ করে। যথা, আমির—আমিরানা, আমিরের সদৃশ, গরীব—গরীবানা, ফকির—ফকিরানা, মুরব্বি—মুরব্বিআনা, শাহ—শাহানা, ইত্যাদি।

পরস্পরা অর্থে একার্থক কোন কোন শব্দদ্বয়ের মধ্যে (দর) শব্দ ব্যবহৃত হয়। যথা, ব্যায়দরব্যায়, পরম্পরাবিক্রয়, প্যায়দরপ্যায়, পরে পরে। ইত্যাদি।

বিশেষ্য শব্দের পূর্ব্বে (দর) এই শব্দ ব্যবহৃত হইলে দ্বিতীয় এই অর্থও প্রকাশ করে। যথা, দরপত্তনী, দরইজারা, দরমোকুররী, দরদালান, ইত্যাদি।

বিশেষণের উত্তর ভাবার্থে (পন) যোগ হয়। যথা, মসখরা—মসখরাপন, পাজি—পাজিপন, ইত্যাদি।

---

উর্দ্দু ভাষার সংখ্যাবাচক ও পূরণবাচক বিশেষণ শব্দ সর্ব্বদা ব্যবহার্য্য হেতু নিম্নে প্রদর্শিত হইল।

| সংখ্যাবাচক | পূরণবাচক | সংখ্যাবাচক | পূরণবাচক |
|---|---|---|---|
| এক | পহলা | নও | নওয়াঁ |
| দো | দোসরা | দস | দসওয়াঁ |
| তিন | তেসরা | গ্যারা | গ্যারাওয়াঁ |
| চার | চওথা | বারা | বারাবেঁ, স্ত্রী |
| পাঁচ | পাঁচওয়াঁ | তেরা | |
| ছাঃ | ছট্টা | চৌদা | |
| সাত | সাতওয়াঁ পুং | পঁন্দরা | |
| আঠ | আঠওয়াঁ | সোলা | |

পাঁচ এবং সাত হইতে নিরানব্বুই পর্য্যন্ত সংখ্যাবাচকের উত্তর ওয়াঁ, এই প্রত্যয় যোগ করিলে পুংলিঙ্গ পূরণবাচক হয়। যথা, সাত সাতওয়াঁ ইত্যাদি।

| সংখ্যাবাচক | পূরণবাচক |
|---|---|
| সৎরা | সৎরাবেঁ, স্ত্রী |
| আঠারা | |
| উনীস | |
| বীস | বীসওয়াঁ। পুং |
| একীস | |
| বাইস | |
| তেইস | |
| চওবীস | |
| পঁচীস | |
| ছাব্বীস | |
| সাত্তাইস | |
| আঠাইস | |
| উনতীস | |
| তীস | তীসওয়াঁ। পুং |
| একতীস | |
| বত্তীস | |
| ত্যাঁয়তীস | |
| চৌতীস | |
| প্যাঁয়তীস | প্যাঁয়্তীসবেঁ, স্ত্রী |
| ছত্তীস | |
| স্যাইতীস | |
| আঠতীস | |
| উনতালীস | |
| চালীস | চালিসওয়াঁ। পুং |
| একতালীস | |

| সংখ্যাবাচক | পূরণবাচক |
|---|---|
| বিয়ালীস | |
| ত্যাঁয়তালীস | |
| চোয়ালীস | |
| প্যাঁয়তালীস | |
| ছেয়ালীস | |
| স্যাঁয়তালীস | |
| আঠ্তালীস | |
| উনচাস | |
| পচাস | পচাসওয়াঁ। পুং |
| একাওন | |
| বাওন | |
| তেরপন | |
| চোয়ন | |
| পচপন | |
| ছপ্পন | |
| সত্তাওন | |
| আঠাওন | |
| উনসাট | |
| সাট | সাঠওয়াঁ। পুং |
| একসট | |
| বাসট | |
| তেরসট | |
| চৌসট | |
| পঁয়সট | |
| ছঃসট | |

| সংখ্যাবাচক | পূরণবাচক | সংখ্যাবাচক | পূরণবাচক |
|---|---|---|---|
| সাতসট | | ছেয়াসী | |
| আটসট | | সাতাসী | |
| উনহত্তর | | আঠাসী | |
| সত্তর | সত্তরওয়াঁ পুং | উননব্বায় | |
| একহত্তর | | নব্বায় | |
| ব্যহত্তর | | একানব্বায় | |
| তেহত্তর | | বিরানব্বায় | |
| চৌহত্তর | | তিরানব্বায়, | |
| পচহত্তর | | চোরানব্বায় | |
| ছেহত্তর | | পচানব্বায় | |
| সাতহত্তর | | ছেয়ানব্বায় | |
| আঠহত্তর | | সাতানব্বায় | |
| উনাসী | | আঠানব্বায় | |
| আসী | | নেরানব্বায় | |
| একাসী | | সও, স্যায় | |
| বিরাসী | | হাজার | |
| তিরাসী | | ল্যাক, লাক, লাখ | |
| চৌরাসী | | করোর | |
| পচাসী | | | |

---

পাঁচ এবং সাত হইতে নিরানব্বুই পর্য্যন্ত, সংখ্যাবাচকের উত্তর বেঁ, এই প্রত্যয় যোগ করিলে স্ত্রীলিঙ্গ পূরণবাচক হয়। যথা, আঠ আঠবেঁ ইত্যাদি। পহলা, দোসরা, তেসরা, চওথা, ছটা এই কয়েকটী পূরণবাচক অকারের পরিবর্ত্তে ঈকার হইয়া স্ত্রীলিঙ্গ হয়। যথা, পহলী, দোসরী ইত্যাদি।

সংখ্যাবাচক শব্দ যোগে নিম্নলিখিত কতকগুলি শব্দ সতত ব্যবহৃত হইয়া বিশেষণবৎ প্রতীয়মান হয়।

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| ঠো | টা | দফা, মরত্তবা | বার |
| শখ্স | ব্যক্তি | চ্যন্দ | গুণ |
| নফর | জন | ত্যরহ | প্রকার |
| হেসসা | অংশ | আদদ | খান, খানি, |
| ফরদ | ফর্দ্দ | জেরা, জেরাসা, (১) | টুকু |
| ন্যথী | নথী | নেজা | গাছা |
| কেতা, বন্দ | খণ্ড | জিনজীর | হস্তীর সংখ্যায় ব্যবহৃত |
| জেলদ | খানা | রাস | অশ্বের ঐ ঐ |
| তখ্তা | তা | কতার | উষ্ট্রের ঐ ঐ |
| দেস্তা | দীস্তা | মনজল | নৌকার ঐ ঐ |
| টোক্রা, পোর্জা | খণ্ড, টুকরা | মুঠা | মুষ্টি, |
| পর্ত | থাক | | |
| কতরা | বিন্দু, ফোঁটা | | |

বঙ্গদেশের মধ্যে পূর্ব্বাদি অঞ্চলে এবং এক দেশের মধ্যে স্থানভেদে ও উত্তমাধম-লোক-ভেদে বঙ্গভাষার যাদৃশ বিভিন্নতা দৃষ্ট হয়, পশ্চিম প্রদেশে উর্দূভাষাতেও তদ্রূপ। ব্রজধামের ব্রজবুলী/ ভোজপুর অঞ্চলের বোল, ছাপরা জেলা ও তৎপার্শ্ববর্ত্তী স্থানের বুলী, লক্ষ্ণৌপ্রদেশের বোল,

---

(১) জেরা ও জেরাসা এক এই সংখ্যাবাচক ভিন্ন অপর সংখ্যাবাচকে ব্যবহৃত হয় না। নেজা কলমের সংখ্যায় ও জেলদ পুস্তক-সম্বন্ধে ব্যবহৃত হয়।

ও দিল্লী সহরের বোল, এবং তদ্ব্যতীত তত্তদ্দেশের পল্লী-গ্রামের বুলী পরস্পর অনেক বিভিন্ন। তদ্ভিন্ন ঐ ঐ স্থানের ইতর লোকের ভাষা (যাহাকে গোঁয়ারী বোল, ও ঠেটহিন্দী* কহিয়া থাকে) অন্যপ্রকার। বস্তুতঃ দিল্লীর ও লক্ষ্নৌ প্রদেশের বোলই সুমধুর, এবং প্রকৃত উর্দূ বলিয়া বিখ্যাত। অনেক স্থানের, বিশেষতঃ পশ্চিমপ্রদেশস্থ হিন্দুগণের বুলী অধিকাংশ সংস্কৃত-মিশ্রিত, এবং কোন কোন স্থানেরও মুসলমানগণের ভাষা অধিকাংশ পারস্যমিশ্রিত। যে উর্দূ সাধারণ লোকে বুঝিতে পারে, এবং এ দেশে সচরাচর ব্যবহৃত, এই পুস্তকের ঋজুপাঠে তাহাই সন্নিবেশিত হইল।

---

* গীলেথে তোম্ লেরঙ্গা জী জবকে করঙ্গ লেনেমে।
তত্তা হুয়ে জাতেহো কাহেকো আব্ দেনেমে।

# প্রশ্নাবলী।

শিক্ষার্থিগণের শিক্ষা ও অভ্যাসের পরীক্ষা ও অভ্যাসে যত্ন হইবার জন্য কতকগুলি প্রশ্ন এক স্থানে লিখিত হইল।

## বর্ণোচ্চারণ।

১। উর্দু ভাষায় কোন্ কোন্ বর্ণের সাধারণ উচ্চারণাতিরিক্ত প্রকারান্তর উচ্চারণ হয়? ১১পৃ

২। ঐ ভাষায় দন্ত্যসকারের উচ্চারণ কিরূপ হইবেক? ঐ

৩। নিম্নে বিন্দু চিহ্নিত ক, খ, গ, জ, ফ, প্রত্যেকে এই বর্ণগুলির কিরূপ উচ্চারণ হইবে? ঐ

৪। তালব্য শকারের উচ্চারণ কিরূপ হইবে? ঐ

৫। বঁ, এই বর্ণের মস্তকে বিন্দুচিহ্ন থাকিলে কিরূপ উচ্চারণ হয়? ১২পৃ

৬। বিন্দুচিহ্ন ভিন্ন উল্লেখিত বর্ণগুলির উচ্চারণ কিরূপ? ঐ

৭। হ, এই বর্ণে ্য, ফলা যোগ থাকিলে কীদৃশ উচ্চারণ হয়? ঐ

৮। শব্দের ও সেট্রেবেন্তের অন্তস্থিত অকারান্ত বর্ণের উচ্চারণ কিরূপ? ঐ

৯। অকারান্ত ভিন্ন অন্যান্য স্বরসংযুক্ত বর্ণের উচ্চারণ কিরূপ? ঐ

## সর্ব্বনাম ও কারক।

১০। উর্দুতে কোন্ কারকের কি বিভক্তি? ১৪পৃ

১১। কর্ত্তৃপদে কোন্ স্থানে নে; এই বিভক্তি হয়? ঐ

১২। সম্বন্ধ কারকে কা, এই বিভক্তিস্থলে কোন্ কোন্ স্থানে কে, এই বিভক্তি হইয়া থাকে? ঐ

১৩। কোন্ কোন্ ধাতুর অতীত কালে কর্ত্তৃপদে নে, যোগ হয় না? ঐ

১৪। অস্মদ্ শব্দে অধিকরণের একবচনের রূপ কি বল? ১৫পৃ

১৫। 'আমাদিগের দ্বারা'

বা হইতে' এই বাঙ্গালা ভাষায় উর্দু কি? ঐ

১৬। হাম, তোম, এই ২টী পদ কোন্ বচনে ব্যবহৃত? ঐ

১৭। যুষ্মদ্ শব্দের সমুদয় পদের উর্দু রূপ বল। ১৬পৃ

১৮। তু, তুঁই, এই দুইটী শব্দ কোন্ অর্থে ব্যবহৃত হয়? ১৬পৃ

১৯। অধিকরণের বিভক্তি মে, ইহার পরিবর্ত্তে অন্য কোন বিভক্তি ব্যবহার হয় কি না? যদি হয়, সে কোন্ বিভক্তি ও কোন্ স্থল? ঐ

২০। আত্মন্ শব্দের উভয় বচনের সমস্ত উর্দু পদ বল। ১৭পৃ

২১। যে স্থানে আত্মন্ শব্দে স্বয়ং এই অর্থ প্রকাশ করে, তাহার পদগুলি কিরূপ হইবে? ঐ

২২। 'আপনা হইতে আপনি চলিয়া গেল,' ইহার উর্দু কি? ঐ

২৩। কর্ম্মকারকের বিভক্তি কো, ইহার পরিবর্ত্তে সর্ব্বনামে এ, এই বিভক্তি কোন্ স্থানে কিরূপ ব্যবহার হয়? ১৮পৃ

২৪। কো, এই বিভক্তির পরিবর্ত্তে তেঁই, কেতেঁই, কোন্ স্থানে ব্যবহার হয়? ঐ

২৫। যদ্ শব্দের উভয় বচনের সমস্ত পদ কহ। ঐ

২৬। সেতি, এই বিভক্তিটী কোন্ বিভক্তির পরিবর্ত্তে ব্যবহার হয়? ঐ

২৭। সে, এই বিভক্তি নিকট, সহিত, এই দুই অর্থ যে প্রকাশ করে, তাহার স্থল দেখাও। ঐ

২৮। সো, এই পদটী কোন্ শব্দের কোন্ কারকের পদ? ১৯পৃ

২৯। তদ্ শব্দের শ্রেণীমত উর্দু পদগুলি বল। ঐ

৩০। ইদম্ শব্দে কর্ম্মকারকের একবচনের পদ বল। ঐ

৩১। ইদম্ শব্দের শ্রেণীমত সকল পদ কহ। ঐ

৩২। অদস্ শব্দে-সম্বন্ধ কারকের বহুবচনের পদ কি? ২০পৃ

৩৩। হী, এই অব্যয় শব্দ পরে থাকিলে ইয়েঃ, উয়োঃ, এই পদ দুইটীর কিরূপ রূপ হয়? ঐ

৩৪। 'কাহার দ্বারা' এই পদটীর উর্দু কি? ২১পৃ

৩৫। কিম্ শব্দের সমগ্র উর্দু পদ বল। ঐ

৩৬। যে, সে, এই বিভক্তিদ্বয় একত্রিত-রূপে ব্যবহৃত হইয়া কি অর্থ প্রকাশ করে? ঐ

৩৭। পর, সে, এই বিভক্তিদ্বয় একত্রিত-রূপে ব্যবহৃত হইয়া কি অর্থ বুঝায়? ঐ

৩৮। সর্ব্ব শব্দের সমস্ত উর্দু পদগুলি বল। ২২পৃ

৩৯। সর্ব্বনামের কোন্ কারকে লিঙ্গভেদ হইয়া থাকে? ঐ

৪০। অস্মদ্, যুষ্মদ্, শব্দ জন্তু ও বস্তু প্রভৃতিতে কি ব্যবহৃত হয়? ২৩পৃ

৪১। যদ্, তদ্, ইদম্, অদস্, কিম্, এই কয়টী সর্ব্বনাম যাহা জন্তু ও বস্তু প্রভৃতিতে ব্যবহার হয়, তাহার মূল রূপগুলি বল। ঐ

৪২। কত্ত, যত, তত, ইহার উর্দু কি বল? ২৪পৃ

৪৩। এওঁ, জেওঁ, তেওঁ, এই তিনটী উর্দুর অর্থ কি? ঐ

৪৪। কেন্, জেন্, তেন্, এন্, ওন্, এই কয়েকটী শব্দ কোন্ বচনে ব্যবহৃত? ঐ

৪৫। জো, সো, ইয়েঃ, উয়োঃ, ক্যান্, এবং অয়্, এই কয়টী সর্ব্বনামে কারকের বিভক্তি যোগ করিয়া পদ দর্শাইতে পার? ঐ

৪৬। যাহাঁ, তাহাঁ, ইত্যাদি পাঁচটী পদ কোন্ স্থলে কি অর্থে ব্যবহৃত হয়? ২৫পৃ

৪৭। জেধর-আদি পাঁচটী, ও জেত্বা আদি চারিটী ও জ্যায়সা-আদি পাঁচ-

টী এবং সব আদি চারিটী পদ কি কি অর্থে ব্যবহৃত হয়? ঐ

৪৮। হিয়াঁ, হুয়াঁ, স্থলে অন্য কোন্ পদ ব্যবহৃত হয়? যদি হয়, তাহা কি? ২৬পৃ

৪৯। স্থানসম্বন্ধীয় প্রত্যেক পাঁচটী পদ কারকের বিভক্তি যুক্তে কহ শুনি। ঐ

৫০। দিক্‌সম্বন্ধীয় প্রত্যেক পাঁচটী পদ কারকের বিভক্তি যুক্তে বল। ২৭পৃ

৫১। পরিমাণ-সম্বন্ধীয় প্রত্যেক চারিটী উর্দূ পদ বিভক্তি যুক্তে কহ। ২৮পৃ

৫২। কোন্ কোন্ আকারান্ত শব্দ ভিন্ন যাবতীয় আকারান্ত প্রকৃতি কারকের বিভক্তি যোগকালে একারান্ত হয়? ২৯পৃ

৫৩। আকারান্ত শব্দ সকল কারকের বিভক্তি যোগে কিরূপে একারান্ত হয়? ২।১টী পদ দেখাও। ঐ

৫৪। জেত্না, এত্না, প্রভৃতি পদের পরিবর্ত্তে আর কোন পদ ব্যবহার হয় কি না? ঐ

৫৫। প্রকার-সম্বন্ধীয় প্রত্যেক পাঁচটী পদ বিভক্তি যোগে বল। ৩০পৃ

৫৬। জব্, তব্, কব্, এই কয়েকটী পদের স্থানে অন্য কোন্ পদ ব্যবহৃত হয়? ৩৩পৃ

৫৭। সর্ব্বনামের ন্যায় বিশেষ্যাদি শব্দে কারকের বিভক্তি যুক্ত হইতে পারে কি? ঐ

৫৮। রাম শব্দ সকলপ্রকার কারকের বিভক্তি যোগে কহ দেখি। ঐ

৫৯। বুড্ঢা ও দুনিয়া, উভয়ই আকারান্ত শব্দ, এ স্থলে দুনিয়া শব্দে আকারের পরিবর্ত্তে একার যোগ হইয়া কারকের বিভক্তি যুক্ত হইল না কেন? ঐ

৬০। উর্দূ ভাষায় সম্বোধনে কোন্ বিভক্তিসূচক শব্দ একবচন ও বহুবচনে কি রীতিতে ব্যবহৃত হয়? ৩৫পৃ

## স্ত্রীলিঙ্গ প্রকরণ।

৬১। উর্দুতে সাধারণ আকারান্ত পুংলিঙ্গ শব্দ কিরীতিতে স্ত্রীলিঙ্গ হইয়াথাকে? ৫।৭টী পদ দেখাও। ৩৬পৃ

৬২। আকারান্ত ক্রিয়াপদেও কি ঐ নিয়ম বর্ত্তে? ঐ

৬৩। কোন্ কোন্ আকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত হয় না? ৩৭পৃ

৬৪। আনি, এই প্রত্যয়াত্মক শব্দ যোগে যে স্ত্রীলিঙ্গ হয়, তাহার ২।৩টী পদ বল। ঐ

৬৫। ঈ, ঈন্, নী, আ, এই সকল প্রত্যয়াত্মক শব্দ যোগে যে স্ত্রীলিঙ্গ হইয়া থাকে, প্রত্যেকে তাহার পদ ২।১টী করিয়া দর্শাও। ঐ

৬৬। আনি, এই প্রত্যয়ের পরিবর্ত্তে অন্য কিছু ব্যবহৃত হয় কি না? ঐ

৬৭। আদমি শব্দের স্ত্রীলিঙ্গ কি? ৩৯।৪০পৃ

৬৮। রাজা শব্দের পুংলিঙ্গ কি? ঐ

৬৯। বাঁপিভকে হিন্দীতে কি বলে? ঐ

এইমত সমস্ত জিজ্ঞাসা কর্ত্তব্য।

৭০। যে সকল পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দের পৃথক্ সংজ্ঞা নাই, তদ্ভাবতের লিঙ্গভেদ কিরূপে করা হয়? ৪১পৃ

৭১। ভাবীজ্ঞ শব্দ কোন্ লিঙ্গ? ঐ

৭২। কোন্ কোন্ শব্দ ভিন্ন প্রায়ই সমস্ত ঈকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ? ঐ

৭৩। কোন্ শব্দ ভিন্ন প্রায়ই নকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ? ঐ

৭৪। কোন্ শব্দ ভিন্ন তকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ? ঐ

৭৫। পুংবাচক ঈকারান্ত শব্দ কিরূপ? ঐ

৭৬। আঁখ শব্দ কোন্ লিঙ্গ ও কি অর্থ? ৪২।৪৮

৭৭। ইক্ষুকে উর্দুতে কি বলে? ঐ

ইত্যাদি-প্রকারে জিজ্ঞাসা কর্ত্তব্য।

৭৮। কোন্ কোন্ শব্দ উভয় লিঙ্গে ব্যবহৃত? ৪৯পৃ

৫০।৫১ পৃষ্ঠায় যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের প্রয়োগ লিখিত আছে, তাহার কোন প্রশ্ন লিখিত হইল না। কারণ, বালকেরা সহসা তাহা বুঝিতে ও কহিতে সক্ষম হইবে না।

## বচন।

৭৯। কারকের বিভক্তিযুক্ত পদে সাধারণতঃ এক বচনের উত্তর কোন্ বিভক্তি যোগ করিলে বহুবচন হয়? ৫২পৃ

৮০। কারকের বিভক্তি যোগ ব্যতিরেকে কোন্ স্থানে বহুবচনে য়োঁ, যোগ হয়? ঐ

৮১। আকারান্ত একবচনের উত্তর বহুবচনের য়োঁ, যোগ হইলে ঐ আকার কিরূপ হইবে? ঐ

৮২। যে স্থলে কর্ত্তা ও কর্ম্ম পদে কারকের বিভক্তি যোগ না হয়, সে স্থলে হসন্ত একবচনের উত্তর কি যোগ করিলে বহুবচন হয়? ৫৩পৃ

৮৩। কারকের বিভক্তিযোগ ভিন্ন স্থলে আকারান্ত একবচনের উত্তর কি যোগ করিলে বহুবচন হয়? এবং আকার সত্ত্বে যুক্ত হয় কি না? ২।৩টী পদ বল। ঐ

৮৪। কোন্ আকারান্ত শব্দের উত্তর বহুবচনের এ, যোগ না হইয়া এঁ, যোগ হয়? ঐ

৮৫। আকারান্ত বিভক্তিযুক্ত ক্রিয়াস্থলে কি নিয়ম? ঐ

৮৬। হসন্ত ও আকারান্ত একবচন ভিন্ন অন্যত্রে কি যোগ করিলে বহুবচন হয়, তাহার ২।৩টী পদ দেখাও। ঐ

৮৭। আৎ ও জাৎ, এই বহুত্ব-সূচক শব্দ কোন্ কোন্ স্থানে ব্যবহৃত হয়? ঐ

৮৮। গোঁ, এই বহুত্ব-সূচক

শব্দ একবচনের উত্তর যে ব্যবহৃত হয়, তাহার ২।১টী পদ বল। ৫৪পৃ

৮৯। লোগ্, এই শব্দ কোন্ স্থানে একবচনের উত্তর যোগ হয়? ঐ

৯০। সব্, এই শব্দ এক-বচনের পূর্ব্ব কি উত্তর ব্যবহৃত হয়? ঐ

৯১। বহুত্ ও তামাম, এই বহুত্ব-সূচক শব্দ একবচ-নের পূর্ব্বে কি উত্তরে কোথায় ব্যবহৃত হয়? ঐ

৯২। হাকেম শব্দ ও হেকিম শব্দ বহুবচনে কিরূপ হয়? ঐ

## ধাতু।

৯৩। আনা, ধাতুর কি অর্থ? ৫৫পৃ

৯৪। বলা, কহা, এই অর্থে উর্দ্দুতে কোন্ ধাতু প্র-য়োগ হয়? ৫৭পৃ

৯৫। চাল্না, এই ধাতুর ণিজন্ত কি? ঐ

৯৬। চোলানা, কোন্ ধাতুর ণিজন্ত? ঐ

৯৭। চূমনা, ধাতু অকর্ম্মক কি সকর্ম্মক? ঐ

এইরূপ ধাতু সকলের অর্থ ও ধাতুর বাঙ্গালা অর্থের উর্দ্দু, এবং কোন্ ধাতুর কি ণিজন্ত ও কোন্ ণিজন্তের কি ধাতু ইত্যাদি শিক্ষার্থিগণকে পুনঃ পুনঃ পৃথক্ পৃথক্ রূপে জিজ্ঞাসা কর্ত্তব্য। ৫৭পৃ নাং ৬৭পৃ

## ধাতুসাধন।

৯৮। ধাতু-সাধন-সময়ে সা-ধারণতঃ ধাতুর উত্তর বিভক্তি যোগ হইয়া থাকে কি কোন বর্ণের লোপ হইয়া যুক্ত হয়? ৬৮পৃ

